# बीबोरिएन। एन्या यूट्य

তথা

# শীশীনবদ্বীপশতক্ষ

ত্তিদণ্ডিগোস্বামিক্লমুক্টমণি-পরিব্রাজকাচার্য্যবর্ষ্য-গোরপার্যদপ্রবর-

> **শ্রীলপ্রবোধানন্দ-স**রস্বতী-গোস্বা**মিপাদ-**বির্চিত্য

শ্রীমদ্রক্ষ-মাধ্ব-গৌড়ীয়-সম্প্রদায়ৈক-সংরক্ষক-পরম**হংস-**পরিব্রাজকাচার্য্যবর্যাষ্ট্রোতরশতশ্রী-

### <u> এীমভুক্তিসিদ্ধান্তসরুষতী-গোষামি-</u>

নির্ম্মিত-সকলকুসিদ্ধান্ত-নিরাদপরাষয়-বঙ্গান্ত্রবাদ-সমন্বিতশ্রীগ্রেটিয়াভাব্যোপেতম



১নং উণ্টাভিঙ্গি জংসন রোডস্থ শ্রীগোড়ীয় মঠতঃ

শ্রীঅভীক্রনাথ-দেবশর্ম্মণা বন্দ্যোপাধ্যায়েন প্রকাশিতঞ্চ

িভকং সাদ্ধরোপ্যক্ষ।

নংস্করণম্।

# Printed by ANANTA VASUDEB BRAHMACHARY, B.A. AT THE GAUDIYA PRINTING WORKS, 243/2, Upper Circular Road, CALCUITA.

### গ্রন্থকারের পরিচয়

১৪৩৩ শকান্দের প্রারম্ভে শ্রীকৃষ্ণচৈতন্ত্র-মহাপ্রভু দাক্ষিণাতো তীর্থ-পর্য্যটনচ্ছলে ভক্তগণকে কুপা বিতরণ করেন। উৎকল-প্রদেশের নীলাদ্রি হইতে আরম্ভ করিয়া প্রথমে গোদাবরী-সঙ্গমে, পরে বর্তমান মাদ্রাজ-প্রদেশের অনেক তীর্যস্থানে ভ্রমণ করেন। আষাটী শুক্লা একাদশী তিথিতে শ্রীমন্মহাপ্রভু প্রীরঙ্গক্ষেত্রে উপস্থিত হন। 'চাতৃর্মাস্ত' আগত দেখিয়া দশনামি-সন্নাসিগণের বিধি-অনুসারে ভগবান শ্রীচৈত্রচক্ত শ্রীরঙ্গনাথ-ক্ষেত্রে চারিমাস-কাল বাস করিবার সঙ্কল্প করেন। তথায় শ্রীসম্প্রদায়ি-বৈষ্ণবগণের বাস। দান্ধিণাত্যে সাম্প্রদায়িক-বৈষ্ণবগণের সদাচার-নিষ্ঠা— প্রবলা। দাক্ষিণাত্যের গ্রামসমূহে যেথানে পারমার্থিক বৈষ্ণবের বাস,তথায় শার্ত্ত-বিপ্রেগণ কোনমতে বাদ করিতে স্থবিধা বোধ করেন না। প্রীরঙ্গ ু\_তৎকালে কেবলমাত্ৰ শ্ৰীবৈঞ্চব-সেবিত তীৰ্থ ছিল। এইজন্মই শ্ৰীমন্মহাপ্ৰভু বিষ্ণুভক্ত্যাশ্রিত স্বাচার-সম্পন্ন বৈষ্ণবগণের নিকট চারিমাস কাল অতি-বাহিত করিয়া প্রীরঙ্গনাথ-দর্শন ও ক্লফকথা-প্রচার দারা জীবকে উপদেশ দিয়াছিলেন। সেই সময়ের 'তিরুমলয়', 'বেয়য়ট' ও 'গোপালগুরু' নামক তিনটী ভাতা মহীশূর-প্রদেশ হইতে আসিয়া প্রীরঙ্গে বাস করি-্র তেন। বস্তুতঃ ই হারা আন্ধ্রা উত্তর-প্রদেশের অধিবাসী। শ্রীমন্মহাপ্রভু এই বিপ্রবংশের প্রতি নিতান্ত প্রদন্ন হইয়া তাঁহাদের গৃহে চারি চারি মাস কাল অতিবাহিত করেন। এই মধ্যম প্রাতা ব্যেস্কটের পৌগও বয়স্ক ্পুত্র স্থপ্রসিদ্ধ ষড় গোস্বামীর অন্ততম শ্রীগোপাল ভট্ট।

শ্রীসম্প্রদায়ি-বৈষ্ণবর্গণ—শ্রীলক্ষীনারায়ণের উপাসনা-প্রিয়। শ্রীমন্মহা-শ্রভুর অন্তরিক-দয়া-গুণে এই ভট্ট-পরিবার শ্রীকৃষ্ণরসলাভে নিপুণ হইয়। উঠিলেন। শ্রীতিক্রমলয়ের বিষয় আমরা অধিক না জানিতে পারিলেও তিনিও যে শ্রীতৈতন্তগত-প্রাণ ছিলেন—এরূপ বুঝিতে পারা যায়। শ্রীব্যেক্ষটের সহিত শ্রীকৃষ্ণতৈতন্তদেনের কথোপকথন শ্রীতৈতন্তন্ত্রিতামূতগ্রন্থে মধালীলা—ননম পরিচ্ছেদে উল্লিখিত আছে। শ্রীপ্রবোধানদের
শ্রীতৈতন্তান্তরক্তি অতুলনীর ছিল। শ্রীপ্রবোধানদের সংশিক্ষা-প্রভাবে
শ্রীব্যেক্ষটের পুত্র শ্রীগোপালভট্ট শ্রীগোড়ীর নৈঞ্চবগণের আচার্যাত্ম লাভ করিয়াছেন। শ্রীতৈতন্তনাসগণের মধ্যে শ্রীপ্রবোধানদের স্থান—হত্যন্ত উচেচ। শ্রীকবিকর্ণপূর তৎকৃত শ্রীগোরগণোদেশদীপিকার শ্রীপ্রবোধানল সরস্বতীকে শ্রীকৃষ্ণলীলার 'তুক্ষবিভা' \* বলিয়া প্রচার করিয়াছেন।
শ্রীহরিভক্তিবিলাস প্রারম্ভেণ লিখিত আছে যে, শ্রীভগবংপ্রির শ্রীল প্রবোধানদের শিশ্ব শ্রীগোপাল-ভট্ট, শ্রীক্রপ, শ্রীসনাতন এবং শ্রীরঘুনার দাসকে সম্বোধ সাধনপূর্ব্বক 'শ্রীহরিভক্তিবিলাস' রচনা করিয়াছেন।
শ্রীভক্তিরভাকরে লিখিত আছে—

কেহ কহে প্রবোধানদের গুণ অতি।
সর্কাত্র হইল যাঁর খ্যাতি সরস্বতী ॥
পূর্ণব্রন্ধ শ্রীক্ষটেততা ভগবান্।
তাঁর প্রিয়, তাঁহা বিনা স্বপনে নাহি আন ॥
পরম-বৈরাগ্য-স্থেহ মূর্ত্তি মনোরম।
মহাকবি, গীত-বাত্য-নৃত্যে অনুপম ॥
বাঁহার বাক্য শুনি' স্থা বাড়য়ে স্বার।
প্রবোধানদের মহামহিমা অপার ॥

শ্রীগোরগণোদ্দেশ ১৬৩ সংখ্যা

 <sup>&</sup>quot;তুঙ্গবিত্যা ব্রজে যাসীৎ সর্বশাস্ত্রবিশারদা।
সা প্রবোধানক্ষতির্গৌরোকানসরস্কতী।"

ভক্তের্বিলাসাংশ্চিত্বতে প্রবোধানন্দক্ত শিষ্যো ভগবৎপ্রিয়য় ।
 রোপালভট্টঃ রঘুনাথদাসং সম্মোধয়ন্ রূপসনাতনো চ ॥
 প্রীহরিভক্তিবিলাস >ম বিঃ ২য় সংখ্যা

শ্রীমন্ত্রাপ্রভু নীলাচলে প্রত্যাবৃত্ত হইলে, করেক বর্ষের মধ্যেই শ্রীপ্রবোধানন সরস্বতী, শ্রীকৃষ্ণচৈতত্যের ক্ষর-গত উপাসনার প্রগাঢ়রূপে প্রবিষ্ট হইলেন। শ্রীরঙ্গ পরিত্যাগ করিয়া অভীষ্ট ভজন সঙ্কল্পূর্ম্বক শ্রীগোরচরণাশ্র্রে কালবিলম্ব না করিয়া মাথ্রমগুলে কাম্যবনে বাস করিলেন। শ্রীগোপাল-ভট্টেরও ক্রমশঃ ব্রজধামনাস-লালসা বৃদ্ধি হইল। তিনিও পরে পিতৃব্যের পদান্ত্রসরণ করিলেন।

অনেকের নিকট এইরূপ প্রশ্নের উদয় হয় যে, শ্রীপ্রবোধানন্দ সরস্বতী শ্রীগোরাঙ্গের এতদূর প্রিয় থাকা সত্ত্বে শ্রীল রুফদাস কবিরাজ গোন্ধামি প্রভূ শ্রীগোরভক্ত-পাঠকের প্রীতির জন্ম তাঁহার বিবরণ-মহিমা লিপিবদ্ধ করিলেন না কেন ? তত্ত্তরে শ্রীভক্তিরত্নাকরের লেখনীই প্রচুর বলিয়া নোধ হয়। গ্রন্থকার শ্রীথনগ্রাম শ্রীনরহরি চক্রবর্ত্তী বলেন,—

প্রীগোপাল-ভট্টের এসব বিবরণ। কেছ কিছু বর্ণে, কেছ না করে বর্ণন। না ব্ৰিয়া মৰ্শ্ব ইথে কুতৰ্ক যে করে। অপরাধ-বীজ তার হৃদয়ে সঞ্চরে॥ পরম-রসিক পূর্ব্ব পূর্ব্ব কবিগণ। বর্ণিতে সমর্থ হইয়া না করে বর্ণন ॥ বাথিলেন মধ্যে মধ্যে বর্ণন করিতে। বর্ণিবে যে কবিগণ তাহার নিমিত্তে॥ শ্রীগোপাল-ভট্ট হাই হইয়া আজ্ঞা দিলা। গ্রন্থে নিজ-প্রদঙ্গ বর্ণিতে নিষেধিলা। কেনে নিষেধিলা,—ইহা কে বুঝিতে পারে ? নিবন্ধর অতিদীন মানেন আপনারে॥ কবিরাজ তাঁর আজ্ঞা নারে লজ্মিবারে॥ কেছ কেছ বলেন যে, প্রীপ্রবোধাননের লিখিত বাক্যাবলী হইতে স্বকীয়বাদের পৃষ্টি দেখা যায়, এজন্ম শ্রীরপাত্মগ গোরভক্তগণ পারকীয়-ভজনের উৎকর্ষ দেখিয়া শ্রীশ সরস্বতী-গোস্বামিপ্রভুর অধিক জালোচনা করেন না। যাহ। হউক, শ্রীনরহরিদাসের ন্যায় নিরপেক্ষ শ্রীটেচন্তন্য-চরণাশ্রিত ভক্তমাত্রেই ভাগাবান্, স্ক্তরাং তাঁহার ন্যায় সকলে কুতর্ক ছাড়িয়া শ্রীপ্রবোধানন্দের বিমল গোরাত্মগত্য ও শ্রীরন্দাবনেশ্বরীর পারকীয়-দাশ্র-মাধুরী নিরন্তর আস্বাদন করুন।

শীপ্রবোধানদের ভাবসমূহ—পরম পরিক্ট; ভাষার গান্তীর্য্য ও মাধুর্যোর যুগপৎ স্থিতি দেখা যার। শ্রীচৈতত্যচরণাশ্রিত সকল বৈঞ্বই শ্রীপ্রবোধানদের 'শ্রীবৃদ্ধাবনশতক' নিত্য পাঠ করিয়া অমুপম প্রীতিলাভ করেন। তদ্রচিত 'শ্রীনবদ্ধীপশতক'-গ্রন্থখানিও শ্রীবৃদ্ধাবনশতকের স্থায়। শ্রীপ্রবোধানদের 'শ্রীরাধাম্বধানিধি'-কাব্যগ্রন্থখানি—জগতে বাস্তবিকই অতুলনীয়। এই গ্রন্থ-পাঠে সাধারণ-কাব্যপ্রিয় পাঠকের তাদৃশ স্থামু-ভূতি না হইলেও উহা—শ্রীহরি-রস-স্থিয় নিঙ্কণট ভক্তজনের পরম প্রোয়া কচির তারতম্যে উৎকর্ষের হ্লাস-বৃদ্ধি; এজন্ম পাঠকের স্কৃতির উপর প্র লোকাতীত ব্রজ্বসমূলক ভাবগুলি কার্য্য করিবে। 'বিবেক-শতক' বিলিয়া তাঁহার এক গ্রন্থ আছে, অধ্যাপক অফ্রেতের গ্রন্থে তাহার উল্লেখ বায় এবং বহরমপুরবাসী পরলোকগত রামদাদ দেন মহাশয় প্র গ্রন্থানি দেথিয়াছেন।

শ্রীতৈত গ্রহন্ত গ্রহণানি বঙ্গদেশে বহুল প্রচারিত হইরাছে।
শ্রীগোরবিরোধিগণও ইহা পাঠ করিলে স্ব-স্থ-চিত্তের নির্মালতা উপলব্ধি
করিবেন। আর বলা বাহুল্য, শ্রীগোরামুগগণও ইহা পাঠ করিলে,
পরমানন্দে অনির্বাচনীয় স্থখসাগরে নিমগ্ন হইবেন। শ্রীগোলোকপত্রিচারিমাসকাল ধরিয়া বাঁহাদের সেব্য বিষয় হইরা ছল ভ রুষ্ণপ্রেম প্রদান
করিয়াছেন, ক্ষুদ্র জীবমগুলী তাঁহাদের অক্ষয় অমূল্য দ্রব্য-ভাতারের কিছু
অংশ লাভ করিবার অবশ্বই প্রত্যাশা রাখে।

কেছ কেছ মায়াবাদী কাশী-বাসী প্রকাশানন্দের সহিত বৈশ্ববাগ্রগণ্য প্রবোধানন্দের একত্ব-স্থাপনে প্রয়াস পা'ন; আমরা কিন্তু তাঁহাদের কথা কোনও মতে বিশ্বাস করিতে পারিলাম না। কারণ,—

্প্রকাশানন্দ-নামক মায়াবাদা কাশীবাদী সন্ন্যাসীর সম্বন্ধে প্রীচৈতন্ত-ভাগবতে মধ্যথপ্ত তৃতীয় অধ্যায়ে এরূপ লিখিত আছে,—

"এইরূপে নবদীপে প্রভ বিশ্বন্তর। ভক্তিম্বথে ভাসে লই' সর্ব্ব অনুচর ॥ একদিন বরাহ-ভাবের শ্লোক শুনি। গর্জিয়া মুরারি-ঘরে চলিলা আগনি ॥ গুপ্ত-বাক্যে তৃষ্ট হই' বরাহ-ঈশ্বর। বেদপ্রতি ক্রোধ করি' বলয়ে উত্তর॥ হস্ত, পাদ, মুখ মোর নাহিক লোচন। বেদে মোরে এইমত করে বিভ্ন্থন। কাশীতে পড়ায় বেটা 'প্রকাশানন্'। সেই বেটা করে মোর অঙ্গ খণ্ড খণ্ড। বাথানয়ে,—বেদ মোর বিগ্রহ না মানে। স্কাঙ্গে হইল কুষ্ঠ তবু নাহি জানে॥ সর্ব্বযক্তময় মোর যে অঙ্গ পবিত। অজভবঅ।দি গায় যাঁহার চরিত্র ॥ পুণ্য পবিত্রতা পায় বে-অঙ্গ-পরশে। তাহা 'মিথ্যা' বলে বেটা কেমন সাহসে।"

এই ঘটনা ১৪২৫ শকান্দের পর হইতে ১৪৩০ শকান্দের মধ্যে সংঘটিত হয়। প্রীমন্তহাপ্রভু ১৪৩৩ শকান্দে গ্রীরঙ্গে গুভাগমন করিয়া প্রাভূত্রেরে মধ্যে প্রীপ্রবোধানন্দ-পাদকে দেখিতে পান। তাঁহারা—তৎকালে 'প্রী'-দাম্প্রদায়িক প্রীমানান্ত্রীয় বৈষ্ণারু; স্থতরাং বিশিষ্টাবৈতবাদী নিত্য শ্রীনারায়ণ-বিগ্রহের দেবক; আর প্রকাশানন্দ—তৎকালে শঙ্কর-প্রবর্ত্তিত মায়াবাদের দেবকাগ্রনী। এই ছইব্যক্তিকে 'এক' করিবার চেষ্টা বা সাম্যপ্রয়াস—বাতুলতা-মাত্র।

শ্রীটৈতহা-ভাগবতের মধ্যথণ্ডে ২০শ অধ্যায়েও প্রকাশানন্দের সম্বন্ধে এরপ উল্লেখ আছে ; যথা—

> বলিতে প্রভুর হইল ঈশ্বর আবেশ। দন্ত কডমডি করি' বলয়ে বিশেষ॥ সন্ন্যাসী প্রকাশানন বসয়ে কাশীতে। মোরে খণ্ড খণ্ড বেটা করে ভালমতে॥ পড়ায় বেদান্ত, মোর 'বিগ্রহ' না মানে। কৃষ্ঠ করাইলুঁ অঙ্গে, তবু নাহি জানে॥ অনন্ত ব্রহাণ্ড মোর যে অঙ্গেতে বৈদে। তাহা 'মিথ্যা' বলে বেটা কেমন সাহসে প সত্য কহোঁ, মুরারি, আমার তুমি 'দাস'। যে না মানে মোর অঙ্গ, সেই যার নাশ। সত্য মোর লীলাকর্ম, সত্য মোর স্থান। ইহা 'মিথা।' বলি' মোরে করে থান থান। যে-যশঃ-শ্রবণে আজি অবিছা-বিনাশ। পাপী অধ্যাপকে বলে,—'মিথ্যা' সে বিলাস॥ তেন পুণ্যকীত্তি প্রতি অনাদর যার। সে কভু না জানে গুপ্ত মোর অবতার।

শ্রীপ্রকাশানন্দ একদণ্ডি-শাঙ্করসম্প্রদায়ের সন্ন্যাসিগণের তাৎকালিক বিতা আর শ্রীপ্রবোধানন্দ মহীশূর-দেশাগত রঙ্গক্ষেত্র-প্রবাসী রামান্ত্রীয়া তিদণ্ডি-জীয়ারস্বামী। প্রকাশানন্দ—কাশীবাসী মায়াবাদী, আরু

প্রবোধানন্দ—কাম্যবনপ্রবাদী বৈষ্ণব। একজন—আর্থ্যাবর্ত্তরাদী, অপর জন দাক্ষিণাত্যের বৈষ্ণব—একজন নির্বিশেষবাদী, আর অপরজন—বিশিষ্টাইন্ত দরিশেষবাদী, পরে অচিস্তাইন্বতাইন্ত-মতাশ্রিত। একজন বিষ্ণু বৈঞ্বের বিরোধী হইয় উদ্ধার-লাভের পর ভক্ত, অপরজন—নিত্য-দিদ্ধ গৌরপার্যদ এবং বৈষ্ণবাচার্য্য শ্রীগোপালভট্ট-গোস্বামীর গুরুদেব। শ্রীগোপালভট্ট গোস্বামীর পরমারাধা পিতৃব্য ও গুরুদেবকে নিত্যদিদ্ধ ভক্তকুলচ্ছামনি না বলিয়া বিষ্ণুবৈঞ্চববিদ্বেষী মায়াবাদী ও বদ্ধচর বলিয়া লাঞ্ছনা ও নিন্দা করিলে ভীষণ নিরয়জনক বৈষ্ণবাপরাধ হয়।

প্রীচৈতন্মচরিতামত-গ্রন্থে মধ্যলীনার পঞ্চবিংশতি পরিচ্ছেদে ও আদি-লীলায় সপ্তম পরিচ্ছেদে শায়াবাদী প্রকাশানন্দের কথাই উল্লিথিত আছে। ১৪২৫ হইতে ১৪৩০ শকান্দা পর্যান্ত যে-ব্যক্তি—মায়াবাদী, ১৪৩৩ শকান্দায় তিনিই কি প্রকারে দাক্ষিণাত্যে গিয়া প্রীরামারজীয় 'প্রী'-বৈষ্ণব হইতে পারেন, আবার, ১৪৩৫ শকান্দায় পুনরায় কিরূপে মায়াবাদী হন, বুঝা যার না। অতএব, প্রকাশাননের সহিত শ্রীপ্রবোধাননের একস্ব-স্থাপন-প্রাাদ—নিতান্ত অনভিজ্ঞতার পরিচয়। ফলতঃ, ঐতিহ্নসূহের এইরূপ মূলোৎপাটন-প্রবৃত্তি অল্পতঃথের বিষয় নহে। গ্রীপাদ প্রবোধানন্দ সরস্বতী স্বীয় দৈন্ত ও বিনয়ের বশবতী হইয়া প্রীগোপালভট্টবারা তাঁহার ব্যক্তিগত কথা এচিরিতামতে আলোচনা করিতে নিষেধ করায়, এীল কবিরাজ-গোস্বামী তাঁহার আদেশ লঙ্খন করেন নাই বলিয়াই বর্ত্তমান-কালে এই বিপত্তি দেখা যাইতেছে। খ্রীল প্রবোধানন্দ যদি জানিতেন যে, তাঁহাকে তদীয় প্রকটদশায় বিষ্ণু-বৈষ্ণবাপরাধি-শ্রেণীর অন্তর্ভুক্ত ধরিবার জন্ম ভাবিকালে এই বিষমভ্রমময়ী চে প্লা উৎপন্ন হইবে, তাহা ্হইংগ ঞী ভট্টগোস্বামিদ্বারা প্রীক্বিরাজ-গোস্বামীকে দেরপভাবে নিষেধ করিতেন না। ভক্তিরজাকরের পাঠক তাহা বুঝিতে পারিবেন। প্রীল প্রবোধানন্দের সম্বন্ধে ভক্তিরত্ব।করে এরূপ নিখিত আছে,—

তিক্মলয়, ব্যেষ্কট, আর প্রবোধানন্দ। তিন ভ্রাতার প্রাণধন—গৌরচ**ন্দ্র** ॥ লক্ষ্মীনারায়ণ-উপাসক এ তিন পর্বতে। রাধাক্ষ-রসে মত্ত প্রভুর কুপাতে॥ িতিরুম্লয়, বে)ঙ্কট, প্রবোধানন্দ তিনে। বিচারয়ে,—'প্রভু বিনে রহিব কেমনে ? মো-স্বার সঙ্গে পরিহাস কে করিবে গ কাবেরী-স্নানেতে সঙ্গে কেবা লঞা যাবে ? চারিমাস পরে প্রভু হইলা বিদায়। তিন ভাই ক্রন্দন করয়ে উভরায়॥ প্রভ তিন ভ্রাতায় করি' আলিঙ্গন। কহিলা অনেকরূপ প্রবোধ-বচন।। কেহ কহে প্রবোধানকের গুণ অতি। সর্বত্র হইল খ্যাতি যতি 'সরস্বতী'॥ পর্ণবন্ধ শ্রীক্ষটেত্য ভগবান। তাঁর প্রিয়তাঁ-বিনা স্বপনে নাহি আন।"

অধ্যাপকবর অফ্রেতের তালিকায় 'শ্রীদঙ্গীতমাধব'-নামক একথানি গ্রন্থ শ্রীল প্রবোধানন্দসরস্বতী-ক্ষত বলিয়া শ্রেণীবদ্ধ ইইয়াছে। এই গ্রন্থ-থানি আমরা সংগ্রন্থ করিয়াছি। শ্রীসজ্জনতোষিণী-পত্ত্বিকং ১৮শ বর্ষ ৫ম সংখ্যা ইইতে ১৮শ বর্ষ ১২শ সংখ্যায় উহা সম্পূর্ণ প্রাকাশিত ইইয়াছে।

শ্রী'-সম্প্রদায়ের গৃহস্থ-বৈঞ্চবগণ গৃহ ত্যাগ করিয়া কোনও ক্রমে 'একদণ্ড' সন্ন্যাস গ্রহণ করেন না। তাঁহারা সকলেই 'ত্রিদণ্ড'-সন্ন্যাস গ্রহণ করিয়া থাকেন এবং শ্রীরামান্তন্ত্রীয়ার্য্য স্বামী নামে অভিহিত হন। শ্রীল প্রবোধানন্দের শ্রীচৈতগ্যচন্দ্রামৃত-গ্রন্থ আলোচনা করিয়া কেহ কেহ তাঁহাকে 'ব্রাহ্মসন্মাসী' বলিয়া স্থির করেন, কিন্তু বিশিষ্ঠ-প্রমাণাভাবে উহা স্বীকার করিতে গেলে অনেক বিপত্তি হয়।

**জীসিদ্ধান্ত সরস্বতী** 

# <u>জীজীতৈ ভন্য চক্ৰায়ভন্</u>

## ক্লোক-সূচী

	O			অলোকিক্যা প্রেমোন্মদ	8 •	98
<b>নো</b> ক	শ্লোকস	श्या १	ত্রাঙ্ক	অশ্রণাং কিমপি	DC 6	229
অকস্মাদেবাবি	ৰ্ভবতি	>>0	26	অসংখ্যাঃ শ্রুত্যাদৌ	85	00
অকন্মাদেবৈত	<b>ં</b> લ	>>@	> 0 0	অহো <b>ন</b> হর্লভা	56	960
অতৈতভামিদং		09	,७२	অংহা বৈকুপ্ঠকৈ:	88	৩৮
অতৈতগ্ৰহীদং		36	65	অ		
অতিপুল্যৈরতি	তন্ত্রকৈত <u>ে</u> ঃ	<b>५२७</b>	>> 0	আচ্ৰ্য্য প্ৰাং		6:/
অন্তথ্য নিত্ত চয়ং		59.	> @	আনন্দলীলাময় বিগ্ৰ	784	À.,
অন্তথ্য ভিচয়		90	৬৩	আশা যশু		b 2
অপারশ্র প্রে	মোজ্জল	৮৯	93	আস্তাং নাম মহান	৬৬	<b>¢</b> 8
অপারাবারধে	3°C	২৩	20	আন্তাং বৈরাগ্যকোটঃ	૨ હ	२७
ভাপাগণামহা	<b>श्</b> गाः	٥,	२ १	<b>D</b>		,
অবতীর্ণে গো	রচক্রে	98	·0 °		4.5	
অবতীর্ণে গো	রচজে	00	97	ঈশং ভজন্ত	63	85
অভিব্যক্তো ফ	<u>াত্র</u>	500	>२७	উ		•
অভূদ্ গেহে	গেহে	>>8	22	উচৈচরাক্ষালয়ন্তং	> 0	ઢ
অয়ে ন কুরু	সাহসং	৮৩	90	উৎসমর্প জগদেব	86	8 >
অরে মূঢ়াঃ		ьо	৬৮	উদ্গৃহুন্তি সমন্তশাস্ত্রং	>>.6	>00
তালং শাস্ত্রাভ	गरिभः	৮৬	90	উদামদামনকদাম	50	
অলঙ্কার: প্রে	<b>স্ক</b> রুহ	95	63	উপাসতাং বা	2.	
,						

<u> প্রীপ্রীচৈত ক্যচন্দ্রামৃত</u>	

	ক			জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদি	৯৪	60	
	কদা শৌরে গৌরে	৬৮	৫৬	জ্ঞানাদিবত্ম বিকৃচিং	۶8	95	
	কন্দর্পাদিপি স্থন্দরঃ	92	63	<b>ভ</b>			
	কলিন্দতনয়াতটে	9,5	৬৭	তাবদু হাকথা	ゝゐ	59	
	কান্ত্যা নিন্দিতকোটি	98	<b>૭</b> ૨	তৃণাদপি চ	₹8	٤5	
	কালঃ কৰিঃ	83	85	म			
	কাশীবাসীনপি	ನನ	₽8	नका यः कगि	8 @	৩৯	
	কিং তাবদত	৮৭	9¢	<b>प्रश्</b> कृत्य क्षेत्र	65	৬৯	
*	কুপা সিন্ধঃ	20	20	দত্তে নিধায় তৃণকং	ನಿಂ	99	
	কেচিৎ দাগরভূবরান্	२१	₹8	হুষর্শ্মকোটিনিরতস্ত	63	83	
	কেচিদ্দাশুমবাপুঃ	<b>५२७</b>	306	দূরাদেব দহন্	300	ືລາ	
	কৈবল্যং নরকায়তে	c	0	দৃষ্ঠং ন শাস্ত্রং	580	<b>&gt;</b> 29	
	কৈৰ্ব্ধা সৰ্বপুমৰ্থমোলিঃ	89	8 >	ष्ठेः <u>ऋ</u> ष्ठः	8	8	
	কোহয়ং পট্টধটীবিরাজিং	<u>ত</u> ্বতথ	229	দৃষ্ট্ৰা মাছতি	>8	>>	
	ক্রিয়াসজ্ঞান্ ধিক্	৩২	२৮	দেবা ছুন্দুভিবাদনং	200	224	
	ক্ষচিৎ কৃষ্ণাবেশাৎ	>26	225	দেবে চৈতগুনামনি	>>9	205	
	ক তাবদৈরাগ্যং	२०	16	*			
	ক সা নিরকুশকপা	৫৬	89	ধর্মাম্পৃষ্টঃ		ર	
	कानः कीनः	· পৃঙ	<b>9</b> 8	धर्फा निष्ठांश मधर	>२१	222	
	ক্ষণং হসতি	> 28	336	ধিগস্ত কুলমুজ্জলং	89	৩৭	
	5			ধ্যায়ন্তো গিরিকন্দরেষু	नह	૯ત	
	চীৎকার্ট্রের্দশদিল্মূ খং	200	\$ \$	ন্মকৈতভাতক্ৰায়	ь	ъ	
	হৈতভোতি কুপানয়েতি	৬৭	44	ন যোগো ন ধ্যানং	222	から	
	জ			নিৰ্দোষশ্চাকনৃত্যঃ	>09	25	
	ং কর্মস্থ	506	> २२	নিষ্ঠাং প্রাপ্তা	৬০	<b>(</b> )	

* * * * * * * * * * * * * * * * * * *			ভূত্যাঃ স্নিগ্ধাঃ	222	> 8 €
পত্তি যদি	.: №8	(L.O	ভ্ৰাতঃ কীৰ্ত্তয় নাম	53	かる
পাত্রাপাত্রবিচারণাং	99	৬৫	ভ্ৰান্তং যত্ৰ	34	26
. পাদাঘাত রবৈঃ	500	>> 0	٠ • • • • • • • • • • • • • • • • • • •	3 -	78.2
পাপীয়ানপি	96	1919	মত্তকে <b>শ</b> রিকিশোরবিক্র	मः ১००	0 60
পাষাণঃ পরিষেচিতঃ	೨೨	२२	ম্হাকৰ্মশ্ৰোত:	>>>	26
পুঞ্জং পুঞ্জং	. 9.9	\$5	মহাপুরুষমানিনাং	२रु	२७
পূৰ্ণপ্ৰেমৱসামৃত	205	>>0	মাত্তৎ কোটিমূগেক্ত	>00	bb
প্রবা <b>হে</b> রজ্রাণাং	১২	>0	মাছতঃ প্রিপীয়	•	\$
প্রদারিত-মহাপ্রেম	৩৬	۵.۶	মৃগ্যাপি দা	00	89
প্রায়ন্তে তথাং	ं ১२১.	200	1.4 · • • • • • • • • • • • • • • • • • •		
প্রেমা নামাত্তার্যঃ	300	228	যত্ত্বদন্ত	৬৩	¢ ?
ব			यथा यथा (भोत्रभनां तिर	न्म ५५	9 @
বঞ্চি <b>ত</b> াহ <b>ত্মি</b>	8७	8 •	यमि निशमिত	585	356
বগুন্ প্রেম্ভর	\$.5	. >8	यताश्वः कर्यानिहेहः	૭	•
বাংশা মে বরমন্ত	৬৫	৫৩	যশ্ৰা কৃষ্ণচৈতত্ত্	٩٦	৮২
विना वौजः	রঙ	\$.5	য <b>ৈ</b> শ্বৰ পাদাস্কুজভক্তিল	ej: a	ь
বিভ্ৰম্বৰ্ণ কিম্পি	505	৯৪	(या गार्नः	308	৮৯
বিশ্বং মহাপ্রণয়	>> @	> : 0	র		
ৰূণাবেশং ক <b>ৰ্ম</b> স্থ	৮৫	१२	রকোদৈত্যকুলং	9	٩
বেলারাং লবণামুধেঃ	525	220	20		
্ৰ <b>ক্</b> ণাদিমহা <b>শ</b> চৰ্য্য	>85	\$ <b>?</b> '&	শ্ৰণ-মনন	e b	82
ভ			শ্ৰীমদ্ভাগবতশ্ৰ যত্ৰ	३२२	>09
ভজন্ত চৈতন্তপদারবিদাং	<b>३</b> २	٩٦	স		
ভূতো ব। ভবিতাপি	२৮	₹ @	সং <b>সা</b> রত্ঃখ <b>জল</b> ধৌ	<b>@</b> 8	8ঙ

**এ** এটিচত খচকামৃত

সৈবেয়ং ভূবি

/						
সংসারসিক্তরণে	20	<b>b</b> •	সোহপ্যাশ্চর্য্যময়:	40	8 9	
<b>শক্র</b> য়নগোচরীকৃত	23	53	দৌন্দর্য্যে কামকোটিঃ	202	be	
मना इटक	90	ab	স্থমস্তং চৈত্যাকৃতিম্	5	2	
नर्बटेळ पूनिश्रक्षदेवः	>58	600	ন্ত্রীপুত্রাদিকথাং	220	29	
স্ধ্ৰদাধনহীন:	00	२७	স্বতেজসা	49	86	
সর্বে শঙ্করনারদাদয়ঃ	224	>00	স্বপাদান্তোর্টজক	. > 0 2'	b 9	
দকৈরামায়চ্ডামণিভিঃ	509	252	अग्रः (मर्वा यज	७२	45	
সাক্ষানোক্ষাদিকার্থান্	83	26	श्वानः श्वानः	৩৮	25	
<u> বান্দ্রানন্দোজ্জলরসময়</u>	95	e >	<b>3</b>			
<b>দিংহ</b> কদং	20	>>	श्मस्।रेफः	<b>३२०</b>	> · ¢	
मिक्षन् मिक्षन्	206	৯৩	হা হস্ত চিত্তভূবি	60	8 €	

হা হন্ত হন্ত

# <u> প্রীপ্রতিত্ন্য চক্রায়ত</u>

# প্রকর্ণ-বিভাগ-সূচী

	•	
প্রথম বিভাগ	শ্লোক-সংখ্যা	পত্ৰাঙ্ক
( वर्रामा ( वर्रामा )	(>-9)	>9
দিতীয় বিভাগ		
( নমস্কার )	( ৮ー > マ )	p>>
ভূতীয় বিভাগ		
( আশীকাদ )	( >0->9)	* >>>¢
চতুৰ্থ বিভাগ		*
( শ্রীচৈতন্ত-ভক্ত মহিমা )	( >>4: )	75-54
পঞ্ম বিভাগ		
( শ্রীচৈত্যাভক্রনিনা )	( 35-80)	≥9—8•
ষষ্ঠ বিভাগ		
( रिम्छक्र शिनमा )	(88-48)	8 • 8b
সপ্তম বিভাগ		
(উপাশ্ত-নিষ্ঠা)	(69-95)	8669
অষ্টম বিভাগ		
(লোক-শিক্ষা)	( p.—99 )	96-68
নবম বিভাগ		
( খ্রীচৈতন্তোৎকর্মতা	(>00->08)	86-24
দশম বিভাগ		
( অবতার-মহিমা	(220-200)	26726
একাদশ বিভাগ		
( এীগোর-রূপোল্লাদ-নৃত্যাদি )	( 202-200)	>>%><>
দাদশ বিভাগ	(	
( শোচক )	( 587-585 )	252259

# প্রীপ্র বিশ্ব বিশ্

# শ্লোক-সূচী

The same of the sa		কলা ভামং ভামং	55	80
শোক কং	খ্যা প্ৰান্ধ	কালঃ কলিঃ	৯৩	8 •
অচৈতগুপ্র†রং	SC 36	কাশীবাসীনপি	>00	80
অপার-করণাকরং	P ८ ५७	কিমেতাদৃগ্ ভাগাং	₹४	>5
অরে মূঢ়াঃ	202.88.	কুরু সকলমধর্ম্মং	७8	50
অলং ক্ষয়ি-স্তুত্বংখনৈঃ	७७ २४	কুপর্তু ম্বি	Ъ	8
তালং শাস্ত্রাভ্যাদেঃ	by 09	*		
অলমলমিহ	« •	্থ <b>গ</b> রুন্দং প <b>গুরুন্দং</b>	25	
অহো বৃন্দারণ্যে	80 08			3 6-
. ় ে তা		51		٠.
আচৰ্য্য ধৰ্মান	50 05	গৌরারণ্যাদত্তৎ	88	२०
আবাধিতং নববনং	96 00	5	. N. P.	
· **		<b>हा श्रां व यश्रां मिव</b> ९	09	२७
হ ৯ শ্রামং	>> «	<b>E</b>		
ইহ সকলপ্পথেভাঃ	80 59	ছিত্তেত খণ্ডশ ইদং	\$6	2
<b>\overline{3}</b>		জ		414
উপস্তাং না	৯২ ৪০	জনানি জনানি	ं	٠, ي
ক		জয়তি <b>জ</b> য়তি	ج .	œ
কদা নবদ্বীপ-বনান্তবেষু	9 2	জরৎকন্তামেকাং	৫৬	\$ 8
ক্দা নবদীপ্রনান্তরেমহং	१७ ७२	জাতি-প্রাণ-ধনানি	<b>8</b> @	२०

nel.	[ শ্লোকস্চী
	िल्या कर्णा

ভ			নানামার্গরতোহপি	৩৯	>9
তচ্ছ্গস্তং মম	8	২	নাক্তবদামি	95.	0.
তুণাদিপি চ নীচতা	22	৩৯	নাহং বেশ্বি	১৬	ь
তেনাকারি সমস্ত এব	२०	50	নিন্দান্তি যাবন্নবখণ্ডবাসং	8 a ^	२५
ত্যজন্ত স্বজনাঃ	5.6	>>	নিশ্বর্যাদাশ্চর্য্য	20	. > ¢
,			9		
হর্কাসনা স্থদূত্রজ্বতঃ	89	52	পরধন-পরদার	೨೨	58
হৃষ্ণ্মকোটিনিরতস্ত	86	8 •	श्रुवित्न श्रुवित्न	99	99
मृष्ठे: व्युष्ठे:	62	৩৮	পূর্ণোজ্জনৎ	œ٩	22
দোষাকরো হং	२०	22	প্রকৃত্যুপরি কেবলে	69	28
ধ			अगायन हेन क्रम् अगायन हेन क्रम्	٧,	2.5
ধামোরভেদাচ্ছতকং	>०२	88	-	•	
ब			ব		
নবদীশঃ সাক্ষাদ্বজপুরং	93	98	वनद्यां शवनः	<sub>6</sub> २	20
नवदौरभ कृष्णः	2	5	বশীকর্ত্তুং শক্যোন	88	52
নবদ্বীপো বদেৎ	とう	DC	বাণ্যা গদগদ্যা	90	90
নবদীপে রম্যো	33	₹8	বিভাজত্তিশক।	89	२०
্নবদ্বীপৈকাংশে	26	82	নিশুদ্ধাবৈতিক প্রশায়	26	9
নমামি তং	७७	90	বিশ্বস্থরন্ত পাদসরোজ	62	२२
নমামি তদ্ গোক্রণমেব	৬৭	२२	9	·· '.	
ন লোকং ন ধর্মাং	৬২	२७	ভক্তৈকয়াগুত্ৰ	२२	> 0
ন লোকবেদোদিত			ভঙ্গন্তমপি দেবতান্তরম্	82	56
মার্গভেদেঃ	9.9	20	ভূতং স্থাবরজন্মা ত্মকম্	२३	20
ন সত্যাথ্যে গোকে	92	৩১	ভূমিৰ্যত্ৰ স্থকোমলা	y	•
নানাকেলি-নিকুঞ্জমগুণয়	্তে ৬৯	० २ रु	ভ্ৰাতঃ সমস্তান্তপি	¢ 8	२७
-					

¥		-	<b>4</b>		
মধ্যদ্বীপ্ৰনে	<b>૭</b> ૯	२४	শুদ্ধোজ্জন প্রেমরসামৃতা	<b>ক</b> ঃ ২৪	22
মমাপি স্থাদেতাদৃশমপি	90	·93	শ্ৰুতিশ্ছান্দোগ্যাখ্যা	ş	>
মহোজ্জল-রুসোন্মদ	>3	S	স		
মিশস্ক চিস্তামণিকোট-	٩	8	সংসারতঃথ <b>জল</b> ধৌ	ぴる	85
. য			সংশার্গিস্কু-তরণে	69	90
যৎ কোৰ্য্যংশম্পি	83	<b>&gt;</b> b	সকলবিভব <b>সারং</b>	30	२७
ষৎ দীমানমূপি	59	Ь	সৰ্বসাধনহীনোহপি	≥ ৫	55
যতজ্জন্ত শাস্ত্রাণ্যহহ	৩৭	> 6	সানন-সচ্চিদ্যনর পতা	@ <b>b</b>	20
যত্ত প্ৰবিষ্টঃ	٥.	> 0	ৰা যে ন মাতা	29.	३२
यमित ह यम नान्धि	98	٥٥	<b>গৈবে</b> য়ং ভূবি	ьь	৩৮
যদৈব সচিত্রসরপবৃদ্ধিঃ	60	₹ @	স্তুমস্তং চৈত্যাকৃতি	ba	৩৬
যশ্বিন্ কোটিস্থরেজ-			শারং সারং	( o	२२
বৈভবযুত।	86	२ऽ	अग्रद (प्रवः	৯৭	88
যে গৌরস্থলবাসিনিক্নরত	७२	28	সরং-পাত্তকাণা <b>মৃত্</b> বং	\$ 5	2
যে শ্ৰীনবদ্বীপগতেষু	3,5	20	<b>=</b>	*	
র			হরেরুঞ্জরামেতি	60	२ १
রাধাপতিরতিকনং	46	২৯	হা বিশ্বস্তর	b-8	99
রাধাব <b>ল্লভ</b> -পাদপল্লবজ্যাং	>8	9	रा रुख!	36	8 2
কক্রদীপে চরচরণ	> 0	Œ	হৈমক্ষাটিক গ্রারাগরচিত্ত	<b>98</b>	२ १
রাধাবলভ-পাদপল্লবজুষাং	>8	٩	হা বিশ্বস্তব হা হস্ত !	৮8 ৯৫	9 8 5

# প্রাপ্তাটে ভব্য চন্দ্রামৃত্যা

### প্রথম বিভাগ

### স্তৃতিমুখে বস্তৃতিনিক্তিশ-রূপ মঙ্গলাচরুপ (১–৭ শ্লোক)

নিজ-মাধুর্য্য-আস্বাদন ও প্রেমবিতরণার্থ আস্বাচ্চের ভাব-কান্তি-গ্রহণ-পূর্ব্ধক নবদীপে অবতীর্ণ গৌরহরির স্তব— স্তমস্তং চৈতন্তাক্কতিমতিবিমর্য্যাদপরমান-স্তুতৌদার্য্যং বর্ষ্যং ব্রজপতিকুমারং রসয়িতুম্। বিশুদ্ধ-স্ব-প্রেমোন্সদমধুরপীয্ বলহরীং প্রদাত্বং চান্যেভ্যঃ পরপদ-নবদ্বীপপ্রকটম্॥ ১॥

#### প্রীগৌড়ীর ভাষ্য

আইই। এজপতিকুমারং ( ব্রজেন্দ্রনাভির আপনাকে ) বিশুদ্ধস্থ-প্রেমোন্দ্রমধুরপীযুদ্দহরাং ( স্বীয়-নির্দ্মলপ্রেমোত্থ-হর্ষাদির প মধুরঅমৃত-লহরী ) রসয়িতুং ( আস্থাদন করাইবার নিমিত্ত ) অন্তেভ্যঃ চ ( এবং
অন্তকে ) প্রদাতুং (প্রদান করিবার জন্ম ) [ যঃ—যিনি ] পরপদ-নবদীপপ্রকটং ( নবধা ভক্তির পীঠস্বরূপ নবদীপ-নামক প্রমধামে অবতীর্ণ )

[হইয়াছেন] তং (সেই) বর্যাং (সর্বাবতার-শ্রেষ্ঠ) অতিবিমর্যাদ-পরমান্তুতৌদার্যাং (অসীম ও অত্যন্তুত করুণার বিগ্রহ) চৈত্যাক্রতিং (ক্লফ্টেত্ত্য-সংজ্ঞক পুরুষকে) [বয়ং—আমরা, গৌড়ীয়-সম্প্রদার] স্তমঃ (ত্তব করি)॥ ১॥

তাকুবাদে। ব্রজেক্ত-নন্দনাভিন্ন-আপনাকে স্বীয় সুবিমল প্রেম-দিল্প-সম্থিত হর্ষাদি-মধুর-অমৃতলহরী আস্থাদন করাইবার এবং অপরকে বিতরণ করিবার জন্ত, যিনি নবধা ভক্তির পীঠ-স্বরূপ "শ্রীনবদ্বীপ"-নামক পরমধামে অবতীর্ণ হইয়ছেন, সেই সর্বাবতার-শ্রেষ্ঠ, অপরিসীম ও অত্যভূত কারুণ্যের বিগ্রহ শ্রীকৃষ্ণতৈতন্ত্ত-নামধ্যে পুরুষকে আমরা স্তব করি॥ ১॥

জত্যধর্ম্মী, ধর্মাত্যাগীকেও অহৈতুক-রুপা-বর্ষনে প্রেমোনাদ-প্রদাতা:
গৌরহরির স্কৃতি--

ধর্মাস্পৃষ্টঃ সততপরমাবিষ্ট এবাত্যধর্মে দৃষ্টিং প্রান্তো ন হি খলু সতাং স্ষ্টিযু কাপি নো সন্। যদন্তশ্রীহরিরসম্বধাস্থাদমত্তঃ প্রদৃত্য-

তুরিচের্গায়ত্যথ বিলুঠতি স্তোমি তং কাঞ্চিনীশম্॥ ২॥ ত্যাহ্রা। [ যঃ—বে ব্যক্তি ] ধর্মাম্পৃষ্টঃ ( ধর্মকর্তৃক অম্পৃষ্ট অর্থাৎ যাহাতে লেশমাত্র প্র্যাদি ধর্ম নাই, ) অত্যধর্মে ( মহাপাপে ) সতত-পরমাবিষ্ট এব ( নিরন্তর অত্যন্তাবিষ্ট, ) ন ।হি থলু সতাং দৃষ্টিং প্রাপ্তঃ ( নাধুগণের কপাদৃষ্টি প্রাপ্ত হয় নাই বলিয়া বিনিত ) তেষাং স্কৃষ্টির কাপি চ নো সন্ (সৎস্কৃত্ত কোন স্থানেও অবস্থান করে নাই,) [ তাদৃশো জনঃ—সেইরূপ ব্যক্তিও ] বদন্ত-শ্রীহরিরসম্বধাস্বাদমত্তঃ [ সন্ ] ( বাহার প্রদত্ত, 'শ্রী'-অর্থে সর্ক্র-শোভার আকরম্বরূপা শ্রীমতী রাধিকা এবং 'হরি' অর্থাৎ প্রীকৃষ্ণ, তাঁহাদের প্রেমরসম্বধা-আস্বাদনে মত্ত হইয়া ) প্রনৃত্যতি ( প্রকৃষ্ট-রূপে নৃত্য করে, ) উটচেঃ গায়তি ( উচিঃস্বরে গান করে, ) অথ বিলুঠতি

চ (এবং ভূমিতে বিলুষ্টিত হয়,) তং কঞ্চিৎ ঈশং (সেইরূপ কোনও শক্তিমান অনির্বাচনীয় পুরুষকে) স্তৌমি (আমি তব করি)॥২॥

অৰুবাদে। ধর্ম যাহাকে কখনও স্পর্ণ করে নাই অর্থাৎ পুণ্যের লেশমাত্রও যাহাতে বিশ্বমান নাই, যে সর্বাদা মহাপাপে নিমন্ন, যে কখনও সাধুগণের রূপা-কটাক্ষ লাভ করে নাই, অথবা সজ্জনপ্রতিষ্ঠিত পাপ-প্রবেশশৃত্য কোন পবিত্রস্থলে কদাপি অবস্থান করে নাই, সেই পাপীয়ান্ ব্যক্তিও বাহার প্রদত্ত রাধারুক্ত-প্রেমরস্পীযুধাস্বাদনে প্রমত্ত হইয়া উদ্দাম-নৃত্য, উচ্চকীর্ত্তন এবং ভূতলে বিলুঠন করে, তাদৃশ শক্তিমান্ কোন অনির্বাচনীয় পুরুষকে আমি শুব করি॥২॥

রুষভক্তগণেরও অগভ্য গৃঢ়প্রেম-প্রদাতা গৌরহরির তব—
যক্ষাপ্তং কর্ম্মনিষ্ঠৈন চ সমধিগতং যন্তপোধ্যানযোগৈবৈরিগ্রেম্যাগতত্বস্ততিভিরপি ন যন্তর্কিভঞ্চাপি কৈন্চিৎ।
গোবিন্দপ্রেমভাজামপি ন চ কলিতং যদ্ভহস্তং স্বরং তক্লান্দ্রৈব প্রাস্থাদিবতরতি পরে যত্র তং নৌষি গৌরম্॥৩॥ }

ত্যক্রহা। কর্মনিষ্ঠিঃ জনৈঃ (কর্মাসক্ত অর্থাৎ কর্মনড় ব্যক্তিগণ-কর্ত্ব ) যৎ ( যাহা ) ন আপ্তং ( লভ্য নহে, ) তপোধ্যানযোগৈঃ চ ( তপশ্তা, ধ্যান, যোগাদি দ্বারাও ) যৎ ন সমধিগতং ( যাহা কেহ জ্ঞাত হইতে পারেন না, ) কৈন্চিৎ অপি [জনৈঃ] বৈরাগ্যৈঃ ত্যাগতন্তম্ভতিভিরপিষৎ ন তর্কিতঞ্চ ( বৈরাগ্য, কর্মত্যাগ, তত্ত্জান ও স্তবপাঠ প্রভৃতি দ্বারাও যাহা কেহ উপলব্ধি করিতে পারেন না, ) গোবিন্দপ্রেমভাঙ্গামপি [জনানাং ] ( প্রীক্তম্বের প্রেমভাজন প্রক্ষগণেরও ) ন চ যৎ কলিতং ( যাহা মিলিত হয় না, ) তৎ রহস্তং ( সেই গৃঢ়প্রেম ) যত্ত্ব পরে অবতরতি [ সতি ] ( যে শ্রীগোরাঙ্গ অবতীর্ণ হইলা ) নামের (নামসঙ্কীর্ভনিদ্বারাই) স্বয়ং প্রাভ্রাসীৎ ( স্বয়ং প্রকাশিত হইয়াছিলেন, ) তং গৌরং (সেই গৌরস্কন্দরকে ) নৌমি ( আমি স্তব করি ) ॥ ৩ ॥

অনুবাদ। কর্মনিষ্ঠ ব্যক্তিগণ বাহ। লাভ করিতে পারেন না, তপস্থা, ধ্যান ও অষ্টাঙ্গবোগের প্রভাবে বাহা কেই জ্ঞাত ইইটে পারেন না. বৈরাগ্য, কর্মত্যাগ, তব্জ্ঞান ও স্তবপাঠ প্রভৃতি দারাও যাহা কেহ উপলব্ধি করিতে সমর্থ হন না, অধিক কি শ্রীগোবিন্দ-প্রেমদেবাপরায়ণ ভক্তগণের ও যাহা অলভ্য ( অর্থাৎ পারকীয় রসবিচারচাতুর্যাহীন, স্বকীয় প্রেমদেবারত নিম্বার্ক-দম্প্রদায়ী ভক্তগণেরও যাহা অলভ্য ), দেই গূঢ়-প্রেম বাঁহার আবির্ভাবে নাম্কীর্ত্তন দারাই স্বয়ং প্রকাশিত হইরাছিল, সেই গৌরস্থলরকে আমি স্তব করি॥ ৩॥

> দর্শন-স্পর্শনাদিমাত্রে পরম-প্রেমদ প্রীচৈতক্তের স্তুতি— দৃষ্টঃ স্পৃষ্টঃ কীর্ত্তিতঃ সংশ্বতো বা দূরস্থৈরপ্যানতো বাদৃতো বা। প্রেম্বঃ সারং দাতুমীশো য একঃ শ্রীচৈত্তন্তং নোমি দেবং দয়ালুম্॥৪॥

অবহা। যঃ দৃষ্টঃ স্পৃষ্টঃ কীর্ত্তিতঃ [ সন্ ] ( যিনি দর্শন, স্পর্শন ও কীর্ত্তনের বিষয়ীভূত হইয়া ) দূরস্থৈরপি [ জনৈঃ ] সংস্মৃতঃ আনতঃ আদূতঃ বা ( অথবা দূরস্থ ব্যক্তিগণের স্মরণের বিষয়ীভূত, নমস্কৃত ও বহুমানিত হইরাও) প্রেমঃ সারং দাতুং একঃ ঈশঃ (প্রেমের সার প্রদান করিতে একমাত্র সমর্থ) [ তং ] দরালুং ( সেই দরালু ) দেবং শ্রীচৈতন্তং (শ্রীচৈতন্ত্র-দেবকে) নৌমি ( আমি স্তব করি ) ॥ ৪॥

অৰুবাদ। যিনি দর্শন, স্পর্শন, কীর্ত্তন অথবা দূরস্থিত ব্যক্তি-গণের স্মরণ, নমস্কার বা আদরের বিষয়ীভূত হইয়াও প্রেমসার (বিপ্রলস্ত-রুদ) প্রদানে একমাত্র সমর্থ, দেই দরাল প্রভু প্রীচৈতস্তদেবকে সামি खव कति॥ ८॥

মোক্ষাদি-ধিক্কারকারী অতুলসম্পতিশালী ভক্তগণের প্রভু গৌরহরির স্তব—

কৈবল্যং নরকায়তে ত্রিদশপূরাকাশপুষ্পায়তে তুর্দ্দান্তেন্দ্রিয়কালসর্পপটলী প্রোৎখাতদং ষ্ট্রায়তে। বিশ্বং পূর্ণস্থখায়তে বিধিমহেন্দ্রাদিশ্চ কীটায়তে

যৎ কারুণ্যকটাক্ষবৈভববভাং ভং গৌরমেব স্তমঃ॥৫॥ অহাস্থা। যৎ কারুণ্যকটাক্ষ-বৈভববভাং (যাহার কারুণ্য অর্থাৎ

ক্লপাকটাক্ষই বৈভব অর্থাৎ সম্পত্তি গাঁহাদের, তাঁহাদের সম্বন্ধে ) কৈবল্যং ( ঈশ্বর-সাযুজ্যরূপ কেবল-স্থু ) নরকায়তে ( নরকের স্থায় প্রতীত হয় ) ত্রিদশপুঃ (ত্রি-অধিক-ত্রিরাবৃত্ত-দশ পরিমাণ অর্থাৎ তেত্রিশ-সংখ্যা-বিশিষ্ট; যাঁহাদিগের মধ্যে দ্বাদশ আদিত্য, একাদশ রুজ, অষ্টবস্থ ও অধিনীকুমারদ্বর—এই তেতিশটী দেবতা প্রধান, তাঁহারাই তিদশ, তাঁহাদিগের পুর অর্থাৎ স্বর্গ ) আকাশপুস্পায়তে ( আকাশকুস্থমের ন্যায় অলীক বলিয়া বোধ হয়) ছৰ্দ্দান্তেন্দ্ৰিয়কালসৰ্পপটলী ('ছৰ্দ্দান্ত' শব্দে অনিবার্য্য, 'কাল' শব্দে অতিক্রোধযুক্ত দর্পরূপ ইন্দ্রিসমূহ) প্রোৎখাত-দংষ্ট্রায়তে (উৎপাটিত-বিষ-দন্তের ত্যায় আচরণ করে) বিশ্বং পূর্ণস্থগায়তে ্বিশ্ব পরিপূর্ণ-সুথধাম বলিয়া অনুভূত হয় অর্থাৎ সর্বতিই ভগবদ্ভাব পরিলিক্ষিত হয় ) বিধিমহেনাদিশ্চ (ব্রহ্মা ও ইন্দ্রাদি-দেবতাসমূহও) কীটায়তে (কীটের ক্যায় বোধ হয় অর্থাৎ ব্রহ্মাধিপত্য, ইন্দ্রাধিপত্য প্রভৃতি পদ্বীসমূহ কীটের ক্রায় অতি তুচ্ছ জ্ঞান হয় ) তং (সেই) গৌরমেব (গৌরস্থনরকেই) [ বয়ং ] স্তমঃ ( আমরা স্তব করি ) ॥ ৫ ॥

তানুবাদে। যে গোরস্করের রুপাকটাক্ষ-সম্পদে সম্পত্তিশালী গোরভক্তগণের নিকট যোগিজনসাধ্য কৈবল্য বা ঈশ্বর-সাযুজ্য নরকতুল্য, সকাম স্বধর্মনিষ্ঠ-জনের বাঞ্ছিত বা লব্ধ-ফল অমরাপ্রী আকাশ-কুস্তমের ভার অলীক, কালসর্পরিপ ভূদিন্ত ইন্দ্রিয়সকল উৎপাটিত-বিষ-দন্ত অহি- কুলের মত, পরিদৃশ্যমান বিশ্ব পূর্ণস্থথমন ধাম অর্থাৎ কুঞ্চ-দেবানন্দমন এবং ব্রহ্মা-স্থরেশাদির পদবীও কীটপদবীবং প্রতীত হয়, দেই শ্রীগোর-স্থানরকে আম্রান্তব করি॥ ৫॥

ব্রন্ধাদির সোভাগ্যের প্রতি হাস্থ এবং নির্ভেদ-জ্ঞানী ও যোগিগণের চেষ্টাকে ধিকার-প্রদানকারী ভক্তগণের প্রভু গৌরহরির স্তব—
মাজ্যন্তঃ পরিপীয় যস্তা চরণাস্ভোজস্রবৎপ্রোজ্জ্বনপ্রেমানন্দময়ামৃতাজুতরসান্ সর্কের্ব স্থপর্কেড়িতাঃ।
ব্রহ্মাদীংশ্চ হসন্তি নাতিবহু-মন্তুতে মহাবৈষ্ণবান্
ধিকুর্কন্তি চ ব্রহ্মযোগবিজুযস্তং গৌরচক্রং মুমঃ॥৬॥

তাহাই। স্থপর্বেড়িতাঃ (দেবতাগণেরও বন্দা) সর্বে (সকল কর্মাণ বাবতীয় গৌরভক্তরন্দা) যন্তা (বাহার অর্থাৎ যে গৌরচক্রের) চরণান্ডোজস্রবংপ্রোজ্জনপ্রেমানন্দময়ামৃতাভূতরসান্ (পাদপদ হইতে ক্ষরিত অতি উজ্জন প্রেমানন্দময় অভূত অমৃতরস্বা) পরিপীয় মাছান্তঃ [সন্তঃ] (সম্যক্ পানে মত্ত হইয়া) ব্রক্ষাদীন্ (ব্রক্ষানিকে) হসন্তি (উপহাস করেন) মহাবৈক্ষবান্ চ (এবং বিক্ষুভক্ত মহাভাগবতদিগকেও) অতিবহু ন মহাবেক্ষবান্ন করেন না, ) ব্রক্ষযোগবিত্বঃ (অহংগ্রহোপাসক ব্রক্ষানী ও অষ্টাঙ্গ-যোগিগণকে) ধিকুর্বেন্তি (ধিক্ষার করিয়া থাকেন, ) তং গৌরচক্রং (সেই গৌরচক্রকে) [ বয়ং—আমরা ] ক্লমঃ (তব করি) ॥৩॥

আৰু বাদে। সমস্ত প্ররগণের বন্দিত গৌরভক্তগণ বাঁহার পাদপনাবিনিঃস্থত পরমোজল প্রেমানন্দময় অতি-চমৎকার অমৃত রসের পরিপূর্ণপানজনিত প্রেমোন্মাদে বিভার হইয়া ব্রনাদিকেও লক্ষ্য করিয়া "য়য়,
য়য় ৄ ইঁয়ারা গৌরস্থলরের শ্রীপদক্ষণ-মধুপান হইতে বঞ্চিত" বলিয়া
য়াস্ত করেন; গৌরভক্তিহীন মহাবৈষ্ণবিদিগকেও বহুমানন করেন না,
এবং ব্রন্ধজানী ও অপ্তাশ্বোগিগণকেও তাঁহাদের হ্র্ক্বুদ্বির জন্ম ধিকার
প্রদান করিয়া থাকেন, সেই শ্রীগৌরস্থলরকে আমরা স্তব করি॥ ৬॥

অনর্পিতিচরী উরতোজ্ঞলা ভক্তির প্রকাশক প্রীচৈতন্তের স্তব— রক্ষোদৈত্যকুলং হতং কিয়দিদং যোগাদিবত্ম ক্রিয়া মার্গো বা প্রকটীকৃতঃ কিয়দিদং স্প্র্যাদিকং বা কিয়ৎ। নেদিন্ম্যদ্ধরণাদিকং কিয়দিদং প্রেমোজ্জ্লায়া মহা-ভক্তের্বর্ম করীং পরং ভগবতকৈতন্তন্মূর্ত্তিং স্তমঃ॥ ৭॥

ত্যহাই । [রাম-নৃদিংহাদিভিঃ—রামনৃদিংহ প্রভৃতি অবতারগণ-কর্তৃক ] রকোদৈত্যকুলং (রাক্ষণ ও দৈত্যকুল ) হতং (বিনষ্ট হইরাছিল,) ইদং কিরৎ (এই কার্যাই বা এমন কি গুরুতর !) [কপিলদেবাদিভিঃ—কপিলাদি দেবগণের দ্বারা ] যোগাদিবল্প ক্রিয়ামার্গঃ (যোগাদিমার্গের ক্রিয়াপথ) বা প্রকটীরুতঃ (প্রকটিত হইরাছিল,) ইদং কিরৎ (ইহাই বা এমন কি মহৎ !) [গুণাবতার ব্রহ্মাদিনা রুতঃ—গুণাবতার ব্রহ্মাদিশ্বারা-ক্রত ] স্ক্ট্যাদিকং (স্টি-স্থিতি-প্রশ্রাদিন কার্যা) বা কিরৎ (ইহাও বা এমন কি শ্রেষ্ঠ !) [প্রীবরাহাদিনা রুতঃ—শ্রীবরাহাদি অবতারগণ-রুত] মেদিমুদ্রবাদিকং (পৃথিবী-উদ্ধারাদি কার্যা) ইদং কিরৎ (তাহাই বা এমন কি !) [বরং তু—আমরা কিন্তু] ভগবতঃ (ভগবানের) প্রেমোজ্জলায়াঃ মহাভক্তঃ (প্রেমোজ্জলা পরা ভক্তির ) বল্প করীং (বল্প প্রদর্শনকারিণী) বৈতত্যসূর্ত্তিকে ) পরং স্তমঃ (একমাত্র স্তব করি ) ॥ ৭॥

ত্ম ব্রাদে। রামন্সিংহাদি অবতারে রাক্ষসকুল ও দৈতাকুলের যে বিনাশ-সাধন, তাহা এমন কি হিতজনক মহৎ কার্য্য! কপিলাদি অবতারে যে সাংখ্যযোগাদি ক্রিরামার্গপ্রদর্শন, তাহাই বা এমন কি গুরুতর! গুণাবতার ব্রহ্মাদির যে জন্মস্থেমভঙ্গাদিলীলা, তাহারই বা মহন্ত্ব কতটুকু! কিয়া, বরাহাবতারে প্রালয়-জলমগ্রা পৃথিবীর উদ্ধার সাধনাদি যে অনুষ্ঠান, তাহাও এমন কি কল্যাণকর বিষয়! (সেসকলকে আমরা বহুমানন করি না; তাহা গৌরস্কুল্রের প্রেমদানের.

নিকট সামাত্ত মাত্র) আমরা শ্রীভগবানের প্রেমোজ্জলা প্রমভক্তির পথ-প্রদর্শক, সর্ব্ধাবতার-শ্রেষ্ঠ শ্রীচৈতন্তরপের স্তৃতি করি॥ ৭॥

### দ্বিতীয় বিভাগ

#### নমসার-রূপ মঙ্গলাচর্ণ (৮—১২ শ্লোক)

প্রোমানন্দির্র চক্র শ্রীচৈতগ্রচক্রের নমস্কার—
নমকৈচতগ্রচক্রোয় কোটিচক্রানন্দিকে।
প্রোমানন্দারিচক্রায় চারুচক্রাংশুহাসিনে॥ ৮॥

ত্রহা। কোটিচলাননন্থিষে (কোটিচল্র অপেক্ষাও মনোহর বদনকান্তি গাঁহার—তাঁহাকে) প্রেমানলারিচল্রায় (প্রেমোজুত-আনন্দ্র চল্রবদ্ধ থিনি—তাঁহাকে) চারচল্রবাংগুহাবিনে (মনোহর চল্রবাংগর আর হাস্থ গাঁহার—তাঁহাকে) চৈত্রচল্রায় (চৈত্রচন্ত্রকে) নমঃ (নমস্বার) ॥ ৮॥

আনুবাদে। যাঁহার শ্রীমুথকান্তি কোটি-কোটি পূর্ণচল্লের শোভা হইতেও স্থানর, বিনি প্রেমানন্দ-প্রোধির স্থাংশুস্বরূপ, যাঁহার মুথপদ্মের মধুর হাস্ত চন্দ্রকিরণের ত্যায় মনোহর, সেই শ্রীচৈততাচন্দ্রকে আমরা নমস্বার করি॥৮॥

ভুবন-মঙ্গল-মঙ্গল চৈতক্যচন্দ্রের প্রণাম— যদ্মৈত্ব পাদান্ত্বজ্ঞভিজ্ঞিলভ্যঃ প্রেমাভিধানঃ প্রমঃ পুমর্থঃ। তথ্যৈ জগন্মঞ্জলমঙ্গলায় চৈতক্যচন্দ্রায় নমো নমস্তে॥ ৯॥

ত্যন্ত্র। প্রেমাভিধানঃ প্রমঃ পুমর্থঃ (প্রেমনামক প্রম-পুরুষার্থ)।
যন্ত এব (বাঁহার একমাত্র) পাদাস্থলভক্তিলভাঃ (পাদপদ্মে ভক্তি দারাঃ
প্রাপ্য) [ভবতি—হয়], তখ্মৈ (দেই) জগনাসলমস্থলার (জগতের

মদল— শ্রীক্ষভজন, তাহা হইতেও অধিক মদলজনক প্রম-পুরুষার্থ প্রেম যাহা হইতে লাভ হয়, তাঁহাকে অর্থাৎ জগন্মদলের মদলস্কুপ) চৈতক্তচন্দ্রায় তে (চৈতক্তচন্দ্র—তোমাকে) নমঃ নমঃ (পুনঃপুনঃ নমস্কার)॥১॥৮

তানুবাদ। একমাত্র বাহার পাদসরোজে অন্যতক্তি হইতেই প্রম-পুরুষার্থ প্রেম লাভ হয়, তুমি দেই জগনাঙ্গলেরও মঙ্গলস্বরূপ চৈত্যুচন্দ্র, তোমাকে আমরা পুনঃ পুনঃ প্রণাম করি॥ ১॥

উচ্চ-নাম-কীর্ন্তনের সহিত উদ্ধ্য-নুত্যশীল গৌরহরির বন্দনা— উচ্চেরাস্ফালয়ন্তং করচরণমহে। হেমদগুপ্রকারেণ্ডা বাহু প্রোদ্ধ,ত্য সন্তাগুবতরলতন্ত্বং পুণ্ডরীকায়তাক্ষম। বিশ্বস্থামঙ্গলত্বং কিমপি হরিহরীত্বান্দানন্দনালৈ-ব্বন্দে তং দেবচূড়ামণিমতুলরসাবিষ্টুটৈতন্তাচন্দ্রম্॥ ১০॥

ত্রহাই । হেমদণ্ডপ্রকাণ্ডে বাহু (কনকদণ্ডের ন্যায় প্রকাণ্ড বাছযুগল) প্রোদ্ধত্য (উত্তোলন করিয়) লহা (আহা) করচরণং (হত্তপদকে)
উচিচঃ আক্ষালয়তং (নৃত্যাবেশে ইতস্ততঃ চালনা করিতেছেন যিনি—
তাঁহাকে) সন্তাণ্ডবতরলতন্তং (সতা—স্থমধুর, তাণ্ডবেন—উদ্ভন্ত্য দারা
তরলা—চঞ্চলা হইয়াছে তন্ন বাঁহার অর্থাৎ স্থানর উদ্ভে নৃত্যদারায় বাঁহার
শ্রীবিগ্রহ বিচলিত হইতেছে) পুণ্ডরীকায়তাক্ষং (প্রের ন্যায় বিস্তৃত নয়নযুগল বাঁহার—তাঁহাকে) কিমপি হরি হরি ইতি উন্নানন্দনালৈঃ ('হরি',
'হরি' এই অনির্ব্তনীয় শন্দোখ-প্রেমানন্দ্রনি দারা) বিশ্বস্থা (বিশ্বের)
অমঙ্গলয়ং (অমঙ্গল নাশ করিতেছেন বিনি—তাঁহাকে) দেবচ্ডামণিং
(দেবগণের মুকুউভূবণস্বরূপ) তং (সেই) অতুলর্মাবিষ্ট চৈতন্সচন্দ্রং
(অন্তথ্য রসোন্যান্ত চৈতন্সচন্দ্রকে) [অহং—আমি] বন্দে (বন্দনা করি)॥১০॥

আনুবাদে। অহো! রাধাভাবে যিনি রুঞ্বিষয়কপর্ম নিগূঢ়-রদে নিমগ্ন, যিনি নৃত্যাবেশে কনকদণ্ড-সদৃশ প্রকাণ্ড বাহুদ্ব উর্জে তুলিয়া, কর-যুগল ও চরণযুগল ইতস্ততঃ সঞ্চালন করিতেছেন, অতি স্থান তাণ্ডব-নৃত্যে বাঁহার বরবপু বিচঞ্চল হইয়াছে, 'হরি ! হরি !'--এই অনির্বাচনীয় শন্দোথ হর্ষগর্বাদি-ভাব-সম্বলিত প্রেমানন্ধ্বনি দারা বিনি অথিল-জগতের যাবতীয় অমঙ্গল বিনাশ করিতেছেন,দেই পদ্মপলাশ-প্রসর-নয়ন অবতারকুল-চূড়ামণি প্রীচৈতগুচন্দ্রকে আমি বন্দনা করি॥ ১০॥

গোরাঙ্গের নাম-রূপ-গুণ ও লীলা; তপ্তকাঞ্চনছাতি, বিপ্রলম্ভবিগ্রহ, নিগৃঢ়প্রেমদ গৌরাঙ্গের প্রণাম-

আনন্দলীলাময়বিগ্রহায় হেমাভদিব্যচ্ছবিস্থন্দরায়। তব্মৈ মহাপ্রেমরসপ্রদার চৈত্র্যচন্দ্রার নমে। নমস্তে ॥১১॥

আহ্রতা। আনন্দলীলাময়বিগ্রহায় ( আনন্দলীলাময় বিগ্রহ) হেমাভ-দিব্যজ্ঞবিস্থনরায় (কনকসদৃশ অপ্রাক্ত কান্তি দারা মনোহর) মহা-প্রেমরস্প্রদার (অনপিতচর উন্নত-উজ্জ্ল-প্রেমরস-প্রদানকারী) তথ্য চৈত্যচন্দ্রায় তে (সেই চৈত্যচন্দ্র, আপনাকে) নমো নমঃ (পুনঃ পুনঃ नगक्षांत )॥ ১১॥

অৰুবাদ। দেই আনন্দ-লীলা-রদময়-মূর্ত্তি, কনক-নিভ কমনীয় দিব্যকান্তি, অনপিতচর-উরতোজ্জল-প্রেমরস্প্রদানকারী শ্রীচৈত্সচক্রকে আমি পুনঃ পুনঃ প্রণাম করি॥ ১১॥

প্রেমধিক তবৈকুণ্ঠ; সম্র্যাস-লীলাভিনয়কারী গৌরহরির বন্দনা—

প্রবাহৈরশ্রাণাং নবজলদকোটী ইব দুশৌ मधाने (अगर्का) পরমপদকো টীপ্রহসনম। वमछः भाषुरेयात्रम् जिलिश का जीतित जन्-চ্ছটোভিন্তং বন্দে হরিমহহ সন্ত্যাসকপটম্॥ ১২॥

ত্যক্তা। অহহ ( অহো ) অক্রণাং প্রবাহেঃ ( অক্রপ্রবাহ দারা ) नवजनमत्कां है देव मृत्भी मधानः ( यिनि दकां हि नवनीतम्यम् नवनयुगन ধারণ করিয়াছেন) প্রেমদ্ব্যা (প্রেমসম্পত্তিদারা) প্রমপদকোটীপ্রহসনং (যিনি পরম-পদ-কোটি অর্থাৎ কোটি-কোটি বৈকুণ্ঠকেও অবজ্ঞা করিতেছেন) তকুচ্ছটাভিঃ মাধুর্যাঃ বা ( অঙ্গকান্তি দারা অথবা প্রীবিগ্রহ-লাবণ্য-মাধুর্য্যদারা) অমৃতনিধিকোটীঃ ইব বমন্তং ( যিনি কোটি অমৃত-সম্ভ্রাকে যেন উল্গীরণ করিতেছেন) তং সন্ন্যাসকপটং (ছলক্রমে যিনি সন্ত্যাসবেশ ধারণ করিয়াছেন, অর্থাৎ আচার্য্যলীলা-বিস্তারার্থ সন্ত্যাসি-লীলাভিনয়কারী ) হরিং ( গৌরহরিকে ) বন্দে (বন্দনা করি)॥ ১২॥

অব্বাদ। অহো! যিনি গজস্ত শুশুপ্রবাহে কোটা নবজলগর-সম নয়ন-যুগল ধারণ করিয়াছেন, যাঁহার প্রেম-সম্পত্তি কোটি প্রম-পদ বা বৈকুণ্ঠকেও প্রহুদন-দম দামান্ত প্রতিপন্ন করিতেছে, বাঁহার খ্রীঅঙ্গ-সৌন্দর্য্য ও মাধুর্য্য যেন কোটি-কোটি অমৃত-দিক্ক উল্গীরণ করিতেছে, যিনি (লোকে স্ন্যাসিরূপে তাঁহাকে দর্শন ও প্রণাম করিয়া অজ্ঞাত-স্কুরুতি-ফলে ক্লয়ভক্তি লাভ করিবে বলিরা, রূপাপূর্ব্দক ) ছল-ক্রমে সন্ন্যাস-বেশ ধারণ করিয়াছেন, সেই এগৌরহরিকে আমি বন্দনা করি ॥ ১২ ॥

# তৃতীয় বিভাগ

#### আশীর্কাদ-রূপ মঙ্গলাচরুল

( 59-39 (對本 )

রাধাকৃষ্ণমিলিত-তন্তু গৌরস্কন্দর—

সিংহস্কন্ধং মধুর-মধুর-স্মেরগণ্ডস্থলান্ডং पूर्विटळारुशाञ्चल्तमभागाम्हर्यग्रनानाविकातम्। বিত্রৎ কান্তিং বিকচকনকান্তোজগর্ত্তাভিরামা-মেকীভূতং বপুরবতু বো রাধয়া মাধবস্তা॥ ১৩॥ ত্যহা । সিংহরুদং ( গাঁহার রন্ধ সিংহরুদ্ধের ন্যায় উরত ) মধুরমধুরত্মেরগগুস্থলান্তং ( বাঁহার গগুস্থলের প্রান্তদেশে মধুর মধুর হাস্ত বিকশিত ) ছর্ন্ধিজ্ঞেরোজ্জলরসময়াশ্র্যানানাবিকারং ( 'ছর্ন্ধিজ্ঞের'-শব্দে ভগবছপাসকগণেরও ছর্জ্ঞের, 'উজ্জ্জলরসময়'-শব্দে শৃঙ্গার-রসময়, 'আশ্র্যানানাবিকারং'-শব্দে রসাম্বাদনজনিত কূর্ম্মাকার-প্রভৃতি অভূত ভাববিকার-বিশিষ্ট—অর্থাৎ ভগবছপাসকগণেরও ছর্ন্ধোধ্য উরত-উজ্জ্জল-রসের আম্বাদন-জনিত কূর্ম্মাকার প্রভৃতি অত্যাশ্র্যাভাব-বিকারবিশিষ্ট্য বিকচকনকান্তোজ-গর্জাভিরামাং কান্তিং ( বিকশিত কনককমলের কেশরের প্রায় মনোহর কান্তি ) [ যঃ—বিনি ] বিল্লং ( ধারণ করিয়াছেন, ) রাধায়াঃ মাধবস্থ চ ( রাধা ও মাধবের ) একীভূতং বপুঃ ( মিলিত তত্ব ) বঃ ( তোমাদিগকে ) অবতু ( রক্ষা করন ) ॥ ১৩ ॥

তাৰুবাদে। গাঁহার গ্রীবাদেশ সিংহগ্রীবার স্থায় উন্নত, গাঁহার কণোলযুগলের প্রান্তভাগ মধুরাতিমধুর মৃত্হাস্তে উদ্থাসিত, যিনি (সন্তোগ-রসময়-বিগ্রহ শ্রীক্ষেরে উপাসক ভাগবতগণেরও) গুজের বিপ্রলন্ত-রদের আতিশয়ে কুর্মাকার প্রভৃতি আশ্চর্যাভাব-বিকারবিশিষ্ট, গাঁহার শ্রীঅঙ্গকান্তি বিকশিত-কনক-কমলের কিঞ্জন্ধ হইতেও রমণীয়, সেই রাধামাধব-মিলিত-তন্ত্ শ্রীগোরস্থানর তোমাদিগকে রক্ষা করন্॥ ১৩॥

রঞ্চারেষণ-চেষ্টা-প্রচারক, রাধাভাব-বিভাবিত-'রুঞ্'—
দৃষ্ট্বা মাজতি নূতনামুদ্দয়ং সংবীক্ষ্য বর্হং ভবেদত্যক্তং বিকলো বিলোক্য বলিতাং গুঞ্জাবলীং বেপতে।
দৃষ্টে গ্রামাকিশোরকেইপি চকিতং ধতে চমৎকারিতামিথং গৌরতকুঃ প্রচারিতনিজপ্রেমা হরিঃ পাতু বঃ॥১৪॥
স্মান্তব্য । [যঃ] নূতনামুদ্দয়ং (নূতন মেণ্সমূহ) দৃষ্ট্রা (দেখিরা)

মাছতি ( মত্ত হন ), [ যশ্চ ] বৰ্হং ( ময়ুরচন্দ্রিকা ) সংগীক্ষণ (দর্শন করিরা) অত্যন্তং বিকলো ভবেং ( অত্যন্ত ব্যাকুল হন, ) বলিতাং ( বল্যাকৃতি ) (কম্পিত হন) শ্রামকিশোরকে (শ্রামবর্ণ কিশোরবরস্ক-পুরুষকে) দৃষ্টে অপি (দেখিয়াও) চকিতং (চকিত হইয়) চমৎকারিতাং (চমৎকারিতা) ধত্তে (ধারণ করেন,) ইথং (এতাদৃশ) প্রচারিত-নিজপ্রেমা (নিজ-প্রেম

গুঞ্জাবলীং (প্রঞ্জাবলী) বিলোক্য চ (অবলোকন করিয়া) বেপতে

যিনি প্রচার করিরাছেন—তিনি) গোরতন্তঃ (গোরাঙ্গ) হরিঃ বঃ (তোমাদিগকে) পাতৃ (পালন করুনু)॥ ১৪॥
ত্য-মুত্রাদে। যিনি নবীন-নীরদ-মালা বিলোকনে রুঞ্জ-উদ্দীপনে

উন্মত্ত হন, যিনি ময়ুরচন্দ্রিকা দর্শনে একাস্ত আকুল হইয়া উঠেন,

বলয়াক্তি গুঞ্জাবলী অবলোকনে বাঁহার প্রীঅঙ্গ বিকল্পিত হয়,
বিনি খ্যামকিশোর-পুক্ষ দর্শনে ক্ষণ্ডমে চকিত হইয়া চমৎকারিণী শোভা
ধারণ করেন এবং এইরূপে যিনি দর্কত্ত স্ব-প্রেম প্রচার করিয়াছেন,
সেই গৌরাঙ্গ প্রীহরি তোমাদিগকে পালন করুন্॥ ১৪॥
শচীগভিসিদ্ধ-প্রকটিত গৌরচন্দ্র—

কুপাসিন্ধুঃ সন্ধ্যারুণরুচিবিচিত্রান্ধরধরো-জ্বলঃ পূর্ণঃ প্রেমায়তময়মহাজ্যোতিরমলঃ। শচীগর্জনীরান্ধৃধিতব উদারাত্ত্তকলঃ কলানাথঃ শ্রীমান্ধদয়তু তব স্বান্তনতসি॥ ১৫॥

অহ্বয়। কুপাসিন্ধুঃ (দয়ানিধি) সন্ধ্যাকৃণক্চিবিচিত্রাম্বরধরঃ (সন্ধ্যা-

কালীন সুর্য্যের স্থায় রক্তিমবর্ণ বিচিত্রবদনধারী ) উজ্জ্বণঃ পূর্ণঃ প্রেমামূত-ময় মহাজ্যোতিঃ (উজ্জ্বল, অথগু, প্রেমামূত্ময় দাজ্বিকাদি ভাবত্যতি-বিশিষ্ট), অমলঃ (বিশুদ্ধ) শচীগর্ত্তকারামূধিভবঃ (শচীগর্ত্তরূপ ক্লীরাম্বি-সন্তৃত) উদারাভূতকলঃ (মনোহর ও অভূত বৈদগ্যাদি চতুঃষ্টি-রদকলা-বিশিষ্ট) শ্রীমান্ (পর্মশোভাময়ী শ্রীমতী রাধিকা সহ মিলিত বিগ্রহ

অথবা পরমশোভাযুক্ত ) কলানাথঃ ( চক্র, অথবা অন্ত অর্থে—মৎস্যাদি

স্বাংশ-অবতারগণেরও অবতারী স্বয়ং ভগবান্) তব (তোমার,—এইস্থলে তোমাদের) স্বাস্তনভদি ( হৃদয়াকাশে ) উদয়তু ( উদিত হউন্ ) ॥ ১৫॥

তানান্দ। যিনি করণার বারিধি, যিনি সন্ধ্যাকালীন স্থ্যের ভার রক্তিমবর্ণ রমণীয় বসন ধারণ করেন, সেই উজ্জ্বল, অথও, প্রেমামৃত ময়, সাজিকাদি-ভাবছাতি-সম্বলিত, নিদ্ধলঙ্ক, মনোহর ও বিশায়কর বৈদ্যাদি চতুঃষষ্টি-রসকলাবিশিষ্ট, শচীগর্জ-ক্ষীরসিল্প-সন্তৃত, পরম-স্থলর, শ্রীচৈতভাচন্দ্র তোমাদের হৃদয়াকাশে উদিত হউন ॥ ১৫॥

উচ্চৈঃস্বরে মহামন্ত্র-কীর্ত্তনকারী গোরহরি-

বপ্ধন্ প্রেমভরপ্রকম্পিতকরে। গ্রন্থীন্ কটীডোরকৈঃ সন্ম্যাতুং নিজলোক-মঙ্গল-হরেক্স্ণেভি নাল্পাং জপন্। অশ্রুস্নাভমুখঃ স্বনেব হি জগন্ধাথং দিদৃক্ষুর্গতা-য়াতৈর্গৌরভন্থব্বিলোচনমুদং ভন্ধন্ হরিঃ পাতু বঃ॥১৬॥

আইর। নিজলোক-মদল-হরেরক্ষেতি নামাং (জগনাদ্ধলস্বরপ্রীর 'হরেরক্ষ'-নামসমূহের) সঙ্খাতুং (জপসংখ্যা-গণনার নিমিন্ত) কটাডোরকৈঃ (কটাস্থ্র দারা) এছীন্ (গ্রন্থিসমূহ) বর্ষন্ (বন্ধন করিতে করিতে) জপন্ [চ] (এবং জপ করিতে করিতে) প্রেমভর-প্রকম্পিত-করঃ (প্রেমাতিশ্যাবশতঃ বাঁহার কর্যুগল কম্পিত হইতেছে) অঞ্জন আত্মুখঃ (প্রেমাতাশিক্তবদন) স্বমেব হি জগরাথং (আপনা হইতে অভিন্ন জগরাথদেবকে) দিদৃক্ষুং (দর্শনেচ্ছু হইয়া) গতায়াতৈঃ (গমনাগমন দারা) বিলোচনমূদং (নয়নানন্দ) তহ্বন্ (বিস্তার করিতে করিতে অর্থাৎ বিস্তারকারী) গৌরতন্তঃ হরিঃ (গৌরান্ধ শ্রীহরি) বঃ (তোমা-দিগকে) পাতু (রক্ষা করুন্)॥ ১৬॥

তাত্রাদে। স্বীয় অথিললোকমঙ্গল 'হরেরুঞ্চ'-নাম জপ করিতে করিতে, এবং নাম-সংখ্যা রক্ষার জন্ম স্বীয় কটীস্থতে গ্রন্থি দিতে দিতে

প্রেমাতিশ্যাবশতঃ গাঁহার কর্যুগল কম্পিত হইতেছে, যিনি আপনারই অভিনর্ত্রপ শ্রীজগরাথদেবের দর্শন-লাল্যায় অক্রমাত-মুখে গ্রমনাগ্রমন করিয়া, লোকলোচনানন্দ বিস্তার করিতেছেন, দেই গৌরাঙ্গ শ্রীহরি তোমাদিগকে রক্ষা করুন॥ ১৬॥

অন্তথ্য স্থিতিনাশক, স্বপ্রেমামুধিবর্দ্ধক, বিশ্ব-স্পিগ্ধকারক গৌরচন্দ্র— ञख्यां उठाः नमख्यां जाम्या नम्से रही । (अभानमत्रमाचुिंधः नित्रविध्याद्वनग्रेखो वनार । বিশ্বং শীতলয়ন্ত্যতীর বিকলং তাপত্রয়েণানিশং যুত্মাকং হৃদয়ে চকাস্ত সভতং চৈতন্যচন্দ্রছটা ॥ ১৭॥

আৰুহা। সমস্ত জগতাং (সমগ্র জগতের) অন্তথ্য বিচয়ং (স্কৃদি-ন্থিত অজ্ঞানান্ধকারনিচয় ) হঠাৎ উন্নূলয়ন্তী (অকস্মাৎ সমূলে বিনাশ-কারিণী ) বলাৎ (বলপ্রব্ধক) প্রেমানন্দ-রসান্ত্রধিং (প্রেমানন্দ-রসসমূদ্রকে ) নিরবধি (নিরন্তর) প্রোদেশয়ন্তী (প্রক্লষ্টরূপে বর্দ্ধন-কারিণী) তাপত্রেক ( ত্রিতাপ দ্বারা ) অনিশং ( নিরপ্তর ) বিকলং ( অভিভূত ) বিশ্বই (বিশ্বকে) অতীব (অত্যন্ত) শীতনমন্তা (প্রেমায়তদেচনে স্লিগ্ধকারিণী) চৈত্রচন্দ্র ( চৈত্রচন্দ্রের অপকান্তি ) যুমাক্য্ (তোমাদের) হৃদয়ে (অন্তঃকরণে) সততং (অনুক্রণ) চকাস্ত (দীপ্তিলাভ कक्न्)॥ ১१॥

অনুবাদ। যাহা নিখিলজীবের হ্বনয়স্থিত অজ্ঞান-অন্ধকাররাশি অকস্মাৎ উন্মূলিত করে, যাহা প্রবলবেগে প্রেমানন্দ-রদ-বারিধিকে নিরবধি উচ্ছলিত করিয়া প্রবৃদ্ধ করিতে থাকে, যাহা তাপত্রয়ে নিরম্ভর অভিভূত জীবজগৎকে প্রেমামৃত-সেচনে অত্যন্ত প্রিশ্ব করে, শ্রীচৈতগুচন্দ্রের সেই শ্রীষদকৌমুদী তোমাদের হৃদরে সতত দীপ্তিলাভ করুন॥ ১৭॥

### চতুর্থ বিভাগ

#### গ্রীচৈত্ত্য-ভক্ত-মহিমা

( ১৮-৩০ শ্লোক )

অনর্পিতচর-প্রেম-রদে ক্রীড়া-শীল গৌরভক্তরুন্দ—

জান্তং যত্র মুনীশ্বরৈরপি পুরা বিশ্বান্ ক্ষমামণ্ডলে কম্মাপি প্রবিবেশ নৈব ধিষণা যদেদ নো বা শুকঃ। যন্ত্র কাপি কপাময়েন চ নিজেহপুদ্রঘাটিতং শৌরিণা ভিশ্বিদ্ধান্ত্রনভক্তিবম্ন নি স্থুখং খেলন্তি গৌরপ্রিয়াঃ॥ ১৮॥

ত্রহা। পুরা (পূর্বকালে) মুনীশ্বরৈরপি (মুনীক্রগণও) বত্র ভিক্রিমার্গে (বে ভক্তিপথে) ক্রান্তং (ব্রান্ত ইইরাছেন), ক্রমানগুলে (ধরিত্রীমণ্ডলে) কল্পাপি (কাহারও) বিষণা (বৃদ্ধি) বিশ্বিন্ (বে ভক্তিমার্গে)ন প্রবিবেশ এব (নিশ্চরই প্রবেশ করে নাই,) শুকঃ বা যৎ (বে ভক্তিমার্গ)ন বেদ (জানিতেন না,) ক্রপামরেণ শৌরিণা (দরালু শ্রীক্রঞ্ছ) কাপি (কোনকালেও) নিজে অপি জনে (নিজ ভক্তগণেও) ন উদ্যাটিতং (বাহা উদ্যাটন করেন নাই,) গৌরপ্রিয়াঃ (গৌরপ্রিয়া-ভক্তগণ) তন্মিন্ উজ্জলভক্তিবন্ধানি (সেই উজ্জল-ভক্তিমার্গে) স্থাং থেলন্তি (স্থে ক্রীড়া করিতেছেন)॥ ১৮॥

অনুবাদে। স্থান অতীত-কালে শ্রেষ্ঠ মুনিঋষিগণও যে মধুর-রসাপ্রিত ভক্তি-মার্গে ল্রান্ত হইয়াছেন, সমগ্র ক্ষিতিমণ্ডলে কাহারও বৃদ্ধি বাহার অভ্যন্তরে প্রবেশ করিতে পারে নাই, শুকদেবও বাহার সন্ধানও অবগত ছিলেন না; অধিক কি, নিজ-ভক্তগণের সকাশেও পরমকেরুণামর প্রীকৃষ্ণ স্বয়ং বাহা উদ্ঘাটন করেন নাই, সেই উন্নতোজ্জন ভক্তিমার্গে প্রীগোরপ্রিয়-ভক্তগণ এখন প্রমানন্দে বিহার করিতেছেন ॥১৮॥

ে পারভক্তের সঙ্গ না হওয়া পর্য্যন্তই জীবের ভুক্তি, মুক্তি ও হৈতুক-তর্কে ক্রচি—

তাবদু ক্ষকথা বিমুক্তিপদবী তাবন্ধ তিক্তীভবে-তাবচ্চাপি বিশৃত্বলম্বময়তে নো লোকবেদস্থিতিঃ। তাবচ্ছাস্ত্রবিদাং মিথঃ কলকলো নানাবহির্বস্থা স্থ শ্রীচৈতন্যপদাস্থাপ্রপ্রিয়জনো যাবন্ধ দুগ্গোচরঃ॥১৯॥

ত্বিভ্রা যাবং (যেকাল পর্যান্ত) শ্রীকৈতন্ত পদামুজ প্রিয়জনঃ (প্রীকেতন্ত দেবের পাদপদ্মের মকরন্দ-পানাবিষ্ট ভূদ অর্থাং গোরনিজ্জন) ন দৃগ্গোচরঃ [ভবেং] (দৃষ্টির বিষয়ীভূত না হন), তাবং (দেকাল পর্যান্তই) ব্রহ্মকথা (নির্ধিশেষ-ব্রহ্ম-বিচার,) তাবং (দেকাল পর্যান্তই) বিমুক্তিপদবী (ঈশ্বর-সাবুজ্যাদি মুক্তিমার্গ) ন তিক্তীভবেং (তিক্ত বোধ হর না,) তাবং চ (দেকাল পর্যান্তই) লোকবেদস্থিতিরপি (লোকিক ও বৈদিক ক্রিয়া-মর্য্যাদাও) নো বিশৃঙ্খলন্তম্ অরতে (বিশৃঙ্খলতা বা তত্তংমর্য্যাদাতিক্রম প্রান্ত হর না অর্থাৎ গোরজনের সঙ্গে পর্ম-চমংকারিণী প্রেমোজ্জলা ভক্তির কথা অবগত হইলে প্রহ্ম 'লোকে ও বেদে পরিনিষ্ঠিত-মতি' পরিত্যাগ করেন); তাবং এব (দেইকাল পর্যান্তই) মানাবহির্বর্ম বু (মনোধর্মোখ-নানা-অসদ্-বহিরজমার্গে) শাস্ত্রবিদাং (শাস্ত্রবিদ্যাণের অর্থাৎ পণ্ডিতন্মন্ত-ব্যক্তিগণের) মিথঃ (পরম্পর) কল-কলঃ [ভবেং] (বাদ-বিসংবাদ হইয়া থাকে)॥ ১৯॥

অনুবাদ। যে কাল পর্যান্ত শ্রীচৈতন্য-পানারবিন্দ-মকরন্দ-ভূক্ত অন্তরক্ত-জন দর্শনের বিষয় না হন, দেকাল পর্যান্তই নির্বিশেষ-ব্রহ্ম-বিচার এবং ঈশ্বর-নাযুজ্যাদি মুক্তিমার্গ তিক্ত বোধ হয় না, দেকাল পর্যান্তই লোকমর্য্যাদা ও বেদমর্য্যাদা বিশ্ব্যালতা প্রাপ্ত হয় না অর্থাৎ 'লোকে ও বেদে পরিনিষ্ঠিত-মতি' পরিত্যক্ত হয় না, দেকাল পর্যান্তই বিবিধ বহিন্মুখ- মার্গে বিচরণশীল শাস্ত্রবিৎ অর্থাৎ পণ্ডিতমাত্র-ব্যক্তিগণের স্ব-স্ব-মতবাদ লইয়া পরস্পর বাদ-বিসংবাদ অবশ্রস্থাবী॥ ১৯॥

গৌরভক্তগণই একমাত্র সর্ব্বসদগুণাকর—

क जानरेषतागाः कं ह नियमना जीख नत्त-चिर्तारम्गः कारमो निमग्रञ्जमाभूर्यानद्ती। ক ভাবত্তেজোইলোকিকমথ মহাভক্তিপদবী ক্ষ সা বা সংভাব্যা যদবকলিতং গৌরগতিষু॥২০॥

ত্মব্রহা। গৌরগতিষু (গৌরহরিই 'গতি' অর্থাৎ 'শরণ' বা 'প্রাপ্তব্য विषय' यांशामत - जांशामत गर्मा ) यनवक निष्ट ( स्य देवतां भा, ज्यक निष्ठ অর্থাৎ অনুভূত হয়, ) তাবৎ বৈরাগ্যং (সেই পরিমাণ বৈরাগ্য অর্থাৎ যুক্তবৈরাগ্য বা ভগবদমুরক্তি ) ৰু (কোথায়!) ৰু চ (কোথায়ই বা) তাবান ( নেই পরিমাণ ) বিষয়বার্তাম্ম ( বিষয়কথাসমূহে ) নরকেষু ইব (নরকের জায়) উদ্বেগঃ ! রু চ ( কোথায়ই বা ) অদৌ বিনয়ভরং আপূর্য্য-লহরী (এরূপ বিনয়াতিশয্যের উচ্ছেলিত তরঙ্গ!) তাবৎ অলোকিকং তেজঃ (সেইরূপ অলৌকিক প্রভাবই বা) ক (কোথায়!) অথ সা মহাভক্তিপদবী বা ( আরু সেইরূপ মহাভাবময়ী চমৎকারিণী ভক্তিপদবীই বা ) क সন্তাব্যা ( কোথায় সন্তব ! ) ॥ २०॥

অনুবাদ। গৌরহরিই বাঁহাদের একনাত্র গতি, তাঁহাদের মধ্যে যে অহৈতুক বৈরাগ্য বা ভগবদমুরক্তি দৃষ্ট হয়, তাদৃশ বৈরাগ্য আর কোথায়! বিষয়বার্ত্তা বা গ্রাম্য-কথাতে নরকপতনের ক্যায় উদ্বেগই বা কোথায়! সেই বিনয়-নম্রতার পরিপূর্ণ সৌন্দর্য্যালহরীই বা আর কোথায়! সেইরূপ অলৌকিক প্রভাবই বা আর কোথায়! আর সেইরূপ মহাভাবমন্ত্ৰী চমৎকারিণী ভক্তিপদবীরই বা সম্ভব কোথায়। ২০॥

শৌরভক্তের গৌর-ব্যতীত অগ্যত্র রতি অসম্ভব—

সক্ষয়নগোচরীক্ত-ভদশ্রুণারাকুল-প্রফুল্লকমলেক্ষণ-প্রণয়কাতর-শ্রীমুখঃ। ন গৌরচরণং জিহাসতি কদাপি লোকোত্তর-ক্ষুরক্ষধুরিমার্ণবিং নবনবান্ধরাগোক্ষদঃ॥ ২১॥

আহা । সরুৎ নয়নগোচরীকত-তদশধারাকুল-প্রফুল্লকমলেক্ষণ-প্রথমকাতর-শ্রীম্থঃ (প্রথম-কাতর—প্রণম-বিহ্বল, শ্রী—পরমশোভা, তদযুক্ত মুথ—বদন, তাহা কিরপ ? অঞ্ধারাপূর্ণ, বিকশিত কমলের আয় দৃষ্টিযুক্ত, তাহা সরুৎ—একবার, বাহার নয়নগোচরীকত—নয়নপথের বিষয়ীভূত হইয়াছে অর্থাৎ যিনি অঞ্ধারাপূর্ণ, প্রকুল্ল-নয়ন-কমলবিশিষ্ট, প্রথমকাতর, পরমশোভাময় বদনমগুল একবারও নয়নগোচর করিয়াছন, তিনি) নবনবাল্লরাগোনাদঃ [সন্] (নব নব অল্পরাগোথ হর্ষণ্রকাদি ভাববিকারযুক্ত হইয়া) লোকোতরক্ষুরন্মধুরিমার্ণবং (অলোকিকভাবে প্রকাশিত মাধুর্যোর সমুদ্রস্করপ) গোরচরণং (গোরচরণ) কদাপি (কথনও) ন জিহাসাত (পরিত্যাগ করিতে ইচ্ছা করেন না)॥২১॥

তানুবাদে। বিপ্রলম্ভ-রসময় শ্রীগোরস্থনরের অশ্রধারাপ্ল প্রফুল্ল-নয়ন-পদ্দ-পরিশোভিত প্রণয়-কাতর শ্রীমুখমণ্ডল যিনি একবারমাত্র অবলোকন করিয়াছেন, তিনি নিত্য নব-নব-অন্থরাগোখ-হর্ষগর্জাদি-ভাববিকারযুক্ত হইয়া অলোকিকভাবে প্রকাশিত মাধুর্যাের সমুদ্রস্বরূপ সেই গৌরহরির শ্রীচরণ পরিত্যাগ করিতে কখনও বাসনা করেন না ॥২ >॥
ধর্মক্রং, বিষ্ণুদেবী, তীর্থন্রামী বা বেদপারগ হইলেও গৌরভক্তপাদসেবা-

ব্যক্তীত বেদগুহা-ব্রজতত্ত্ব কাহারও অবগতির বিষয় হয় না—

আচর্য্য ধর্মং পরিচর্য্য বিষ্ণুং বিচর্য্য তীর্থানি বিচার্য্য বেদান।

#### বিনা ন গৌরপ্রিরপাদসেবাং বেদাদি-ছুম্পাপ্যপদং বিদক্তি॥২২॥

তাহার। গৌরপ্রিয়ণাদদেবাং (গৌরস্থান্তই প্রিয় ঘাঁহাদের—
তাঁহারা 'গৌরপ্রিয়' অথবা গৌরহরির প্রিয় ঘাঁহারা—তাঁহাদের চরণদেবা)
বিনা (ব্যতীত) ধর্ম্মং (বর্ণশ্রেমাদি ধর্মা) আচর্য্য [অপি] (আচরণ করিয়াও—স্র্চ্ছুরূপে পালন করিয়াও), বিষ্ণুং (রামনারায়ণ-রূদিংহাদি বিষ্ণুতত্ত্বকে) পরিচর্য্য [অপি] (প্রক্রপ্ররূপে পূজা করিয়াও), তীর্থানি (কাশী-কাঞ্চী-গয়া প্রভৃতি শত শত তীর্থ) বিচর্য্য [অপি] (পরিভ্রমণ বা পরিক্রমা করিয়াও), বেদান্ (নিধিলবেদশান্ত্র) বিচার্য্য [অপি] (বিচার করিয়াও), বেদানি-ছ্প্রাপ্যপদং (বেদাদির দ্বারা ছর্ম্মভ ত্মথবা বেদাদি শাস্তে অতি গুহুভাবে বণিত থাকায় ঘাহা সাধারণের বোধগম্য নহে, সেই ছন্ত্র ভ স্থান শ্রীরাধাগোবিন্দ-পাদপীঠ শ্রীধাম-বৃন্দাবনকে)
[কোহণি—কেহই] ন বিদন্তি (জানিতে পারেন না)। ২২।

ত্রশাদে। বর্ণাশ্রমধর্ম-পরিপালন, বিষ্ণুর অর্চন, শতশত তীর্থ-পরিভ্রমণ, নিথিলবেদশাস্ত্রবিচার প্রভৃতি করিয়াও গৌরপ্রিয়জনের পাদপদ্মদেবা-ব্যতীত কেহই বেদাদির হল্প পদ (শ্রীরাধাগোবিন্দের চিদ্বিলাসক্ষেত্র শ্রীধাম-বুন্দাবনের সন্ধান) জানিতে পারেন না॥ ২২॥

গৌর-পাদনথশোভাক্ক ভক্তের নিকট জগতের যাবতীয় শ্রেষ্ঠ-

বস্তু, শ্রেষ্ঠ-ধর্ম্ম সমস্তই তুচ্ছ—

অপারাবারঞ্চেম্যভময়পাথোধিমধিকং বিমথ্য প্রাপ্তং স্থাৎ কিমপি পরমং সারমতুলম্। তথাপি শ্রীগোরাকৃতিমদনগোপালচরণ-

চ্ছটাস্পৃষ্টানাং তদ্বহতি বিকটামেব কটুতাম্॥২৩॥ ত্যস্ত্রহা। [ যভগি—বদিও ] অপারাবারং ( পারাবার—উভয়তীর ; যাহার গারাবার নাই অর্থাৎ উভয়-তীর-রহিত—অপার) অমৃতময়- পাথোধিং (পাথোধি—অর্থাৎ জলধি বা সমুদ্র, অমৃতই যাহার জলস্বরূপ
— এইরূপ যে সমুদ্র ) অধিকং (বিপুলরূপে) বিমথা (বিশেষরূপে মন্থন
করিরা) ইদং কিমপি (কোনও অনির্কাচনীয়) অতুলং (তুলনা রহিত—
নিরূপম) পরমং সারং (সর্ব্বোৎকৃষ্ট সারবস্ত্র) প্রাপ্তং স্থাৎ (পাওরা
যায়,) তথাপি তৎ বস্তু (তথাপি সেই বস্তু) প্রীগোরাকৃতিমদনগোপালচরণচ্ছটাস্পৃষ্টানাং (প্রী'—সর্ব্বলক্ষী-স্কর্মপিণী প্রীরাধিকা, তাঁহার কান্তিদ্বারা গোরবর্ণ যে মদনগোপাল প্রীকৃষ্ণ অর্থাৎ প্রীরাধা-ভাবহ্যতি-স্থবলিত
প্রীকৃষ্ণস্বরূপ প্রীগোরস্থন্দর—তাঁহার চরণযুগলের ছটা অর্থাৎ শোভাতে
আরুষ্ট জনগণের নিকট) বিকটামের কটুতাং (বিকট তিক্ত বলিয়াই)
বহতি (বোধ হয়) ॥ ২৩॥

তাকুবাদে। উভয়কূলহীন অমৃতময় সমৃদ্র যদি অত্যন্ত অধিকরূপে মহুন করিয়া কোনও অনির্বাচনীয় পরমোৎকৃষ্ট সারবান্ নিরুপমবস্তুও উথিত হয়, তথাপি তাহা রাধাভাবদ্যতিস্থবলিত রুঞ্সরূপ মদনগোপালের অর্থাৎ শ্রীগোরস্থনরের চরণ-কির্ণস্পৃষ্ট-জনগণের নিকট অত্যন্ত কটু বলিয়াই বোধ হইয়া থাকে॥ ২৩॥

কায়িক, বাচিক, মানসিক, বুদ্ধিজ সদ্গুণাবলী গৌরভক্তের
স্থায় অগ্যত্র নাই—

তৃণাদপি চ নীচতা সহজসৌম্যমুগ্ধাকৃতিঃ
স্থামধুরতাষিতা বিষয়গন্ধথূথূৎকৃতিঃ।
হরিপ্রণায়বিহ্বলা কিমপি ধীরনালম্বিতা
তবন্তি কিল সদ্গুণা জগতি গৌরভাজামমী॥ ২৪॥

আহ্ব । তৃণাদপি চ নীচতা (তৃণ হইতেও স্থনীচতা অর্থাৎ প্রাক্ত-অভিমানশূক্তা,) সহজ্ঞােম্যুম্মাকৃতিঃ (স্বাভাবিকী মনােহরা স্থিম্টি,) স্থামধুরভাবিতা (অমৃতের স্থায় মধুরভাবিতা,) বিষয়গন্ধ-

থুথুৎকৃতিঃ (কুঞ্চৈতেন্সমন্ধরহিত বিষয়ের গন্ধে থুৎকারিতা,) বীঃ হরিপ্রণয়বিহ্বলা [দতী] কিমপি অনালম্বিতা (হরিপ্রেমে বিহ্বল হইয়া একেবারে বাহজ্ঞানশ্রতা,) অমী দদ্গুণাঃ (এই দকল দদ্গুণ) জগতি (জগতে) কিল গোরভাজাম্ [এব] ভবস্তি (একমাত্র গোরভক্তগণেরই হইয়া থাকে)॥ ২৪॥

আনুবাদ। তৃণ অপেকাও স্থনীচতা অর্থাৎ প্রাক্ত-অভিমানশৃখতা, স্বাভাবিকী-ম্মিন্ত্র-কমনীয়-মৃত্তি, অমৃতের ভাষ মধুরভাষিতা,
কৃষ্ণতৈতভাসম্বর্ধ হিত-বিষয়গন্ধে থৃৎকারিতা, হরিপ্রেমে বিহরণ হইরা
একেবারে বাহজ্ঞানশৃখতা— এই সকল সদ্গুণ জগতে একমাত্র গোরভক্তগণেরই হইরা থাকে॥ ২৪॥

শ্রীগোরভক্তগণ সন্থ যে নিগৃঢ়প্রেম লাভ করেন, কোটী কোটী
প্রসিদ্ধ কর্ম্মি-জ্ঞানি-যোগি-গুরুদেবক বা কোটী কোটী
শ্রুতি-স্মৃতি-পাঠকের তাহা অসম্ভব—

উপাসভাং বা গুরুবর্য্যকোটী-রধীয়তাং বা শ্রুতিশাস্ত্রকোটীঃ। চৈতন্যকারুণ্যকটাক্ষভাজাং সন্তঃ পরং স্থাদ্ধি রহস্থলাভঃ॥২৫॥

আন্ত্র। গুরুবর্গকোটীঃ (কোটিদংখ্যক শ্রেপ্তঞ্জ ) উপাসতাং (আগ্রম করুক্,) বা (কিংবা) শ্রুতিশাস্ত্রকোটীঃ (কোটা শ্রুতিশাস্ত্র) অধীয়তাং (অধ্যয়ন করুক্,) [ পরস্কু—কিন্তু ] চৈতগ্রকারুণ্যকটাক্ষভাজাং (চৈতগ্র-কারুণ্য কটাক্ষলব্রয় জিগণের) হি (নিশ্চম্ট) সন্তঃ (তৎক্ষণাৎ) পরং রহস্তলাভঃ (নিগৃচ্প্রেমপ্রাপ্তি) স্থাৎ (হইনা থাকে) ॥ ২৫॥

অনুবাদ। (গৌরপাদপদ্ম-অনাশ্রিত) কোটিসংখ্যক শ্রেষ্ঠ-গুরুর আশ্রয়-গ্রহণই করুক্ অর্থাৎ তাঁহাদের নিকট যত কিছুই না ভগবদ্- ভজনমার্গ শিক্ষা করুক্, অথবা (আগমনিগমাদি) কোটি-কোটি শ্রুতি-শাস্ত্রই অধ্যয়ন করুক্ (তাহাতে নিগূত্ প্রেমলাভের সম্ভাবনা নাই); কিন্তু শ্রীচৈত্রসদেবের কুপাকটাক্ষলনব্যক্তিগণের নিশ্চয়ই সম্ম (সেই) নিগূত্-প্রেমপ্রাপ্তি হইয় থাকে॥ ২৫॥

> গৌরভক্তের স্বভাবসিদ্ধ-গুণগ্রামের কোট্যংশের লেশও অপরে নাই—

আন্তাং বৈরাগ্যকোটির্ভবতু শমদমক্ষান্তিমৈত্রাদিকোটি-স্তন্ত্বানুধ্যানকোটির্ভবতু ভবতু বা বৈষ্ণবী-ভক্তিকোটিঃ। কোট্যংশোহপ্যশু ন স্থান্তদপি গুণগণো যঃ স্বতঃসিদ্ধ আস্তে শ্রীমটেচতন্ত্রচন্দ্র-প্রিয়চরণনখ-জ্যোতিরামোদভাজাম্॥ ২৬॥

ত্রহা। বৈরাগ্যকোটীঃ (প্রবল বৈরাগ্য অথবা নানাপ্রকার বৈরাগ্য; বৈরাগ্য ছই প্রকার 'ফল্প' ও 'যুক্ত', হরিমম্বন্ধিবস্তবে প্রাপঞ্জিকজ্ঞানে পরিত্যাগের নাম 'ফল্প-বৈরাগ্য', রক্ষসম্বন্ধি-অমুকূল-বস্তু যথাযোগ্য স্বীকারের নাম 'যুক্ত-বৈরাগ্য') আন্তাং (থাকুক্), শমদম-ক্ষান্তিনৈত্রাদিকোটিঃ বা (অথবা, শম —ভগবরিষ্ঠা, দম—ইন্দ্রিয়নিগ্রহ, ক্ষান্তি—সহিষ্কৃতা, ক্ষোভের কারণ উপস্থিত হইলেও চিত্তের অক্ষুন্ধাবস্থা; মৈত্রাদি—শুচিম্বাদি এই সকল অসংখ্য গুণই) ভবতু (থাকুক্,) তল্পান্থানকোটিঃ ('তল্পাদি' অর্থাৎ জীবব্রন্ধের ঐক্যবিষয়ক ধ্যানকোটি) ভবতু (হউক্,) বৈষ্ণবী-ভক্তিকোটীঃ বা (বিষ্ণুসম্বন্ধিনী ভক্তিকোটিই) ভবতু (থাকুক্,) তদিপ (তাহা হইলেও) প্রীমন্টিতভাচন্দ্রপ্রিয়চরণনখ-জ্যোতিরামোদভালাং (সর্বাশক্তিমভন্থ চৈতভাচন্দ্রের প্রিয়ভক্ত-চরণ-নখ-জ্যোতিরামোদভালাং (সর্বাশক্তিমভন্থ চৈতভাচন্দ্রের প্রিয়ভক্ত-চরণ-নখ-জ্যোতিরামোদভালাং (বর্ত্তমান থাকে,) অস্তু (ইহার) কোট্যংশোহপি গুণগণঃ (গুণসমূহ) আস্তে (বর্ত্তমান থাকে,) অস্তু (ইহার) কোট্যংশোহপি (কোটী অংশেরও এক অংশ) [অক্সত্র] ন স্ত্রাং (নাই) ॥ ২৬॥

অনুবাদ। প্রবল বৈরাগ্যই হউক্, শম-দম-ক্ষান্তি-মৈত্রাদি
অসংখ্যগুণই থাকুক্, নিরন্তর ব্রহ্ম ও জীবাত্মার ঐক্যবিষয়িনী চিস্তাকোটিই বা সদয় অধিকার কর্ত্বক্, অথবা বিষ্ণুসম্বন্ধিনী কোটী-ভক্তিই
বর্ত্তমান থাকুক, শ্রীচৈত্যচক্রপ্রিয়-ভক্তগণের পদনপজ্যোতিঃ-প্রমোদিত
জনসমূহে যে স্বভাবসিদ্ধ গুণাবলী দদা বর্ত্তমান, তাহার কোটি-অংশের
এক সংশ্ব অন্তর অসন্তর ॥ ২৬ ॥

নত্যাৎসবে গৌরভক্তর্নের প্রেয়োনাদ অতুশনীয়— কেচিৎ সাগরভূধরানপি পরাক্রামন্তি নৃত্যন্তি বৈ কেচিদ্দেবপুরন্দরাদিয়ু মহাক্ষেপং ক্ষিপন্তো মূহঃ। আনন্দোভটজালবিহ্বলতয়া তেহছৈতচন্দ্রাঃ কে কে নোদ্ধতবন্ত ঈদুশি পুনক্ষিতন্ত্রনুভ্রোৎসবে ॥২৭॥

ত্যব্র । আনন্দেছেট লাল বিহন গতয়া (প্রেমামৃতাস্থাদজনিত অসীম আনন্দ বিহনলতা-হেতু) কেচিং (মুরারিগুপু প্রভৃতি ভক্তগণের মধ্যে কেহ) সাগরভূধরান্ অপি (সমুদ্র ও পর্বতসমূহকেও) পরাক্রামন্তি (উরজ্ঞান করিতেছেন,) কেচিং (প্রীবাস প্রভৃতি ভক্তগণের মধ্যে কেহ) দেব-পুরন্দরাদিষু (ইক্রাদিদেবগণের প্রতি) মূহঃ (বারম্বার) মহাক্ষেপং (মহাধিক্রার) ক্রিপতঃ (ক্ষেপণ করিতে করিতে) বৈ নৃত্যন্তি (নৃত্যুক্রিতেছেন,) ঈদৃশি (এই প্রকার) চৈতত্তনুত্যোৎসবে (প্রীগৌরাঙ্গের নৃত্যোৎসবে) তে অবৈতেছলাদয়ঃ (সেই শ্রীঅবৈহ্তাচার্য্যপ্রমৃথ) কে কে (কোন্কোন্পুরুষ) পুরুষ ন উদ্ধৃতবস্থঃ (উন্ধৃত হয়েন নাই!) ॥ ২৭॥

গৌরচন্দ্রের প্রেমান্থ্রিবিদ্ধিনী ও কল্মবনাশিনী অঙ্গকান্তি— অন্তথ্য নিত্ত সং সমস্তজগতামুম্ম লয়ন্তী হঠাৎ প্রেমানন্দরসান্ধৃথিং নিরবধি প্রোন্ধেলয়ন্তী বলাং। বিশ্বং শীতলয়ন্ত্যতীব বিকলং তাপত্রেয়েণানিশং সাম্মাকং হৃদয়ে চকাস্ত চকিতং চৈতন্যচন্দ্রচ্টা ॥ ৭৫॥

আহ্বা। [যা] সমস্তজগতাং (সমগ্র জগতের) অন্তংব ন্তিচরং (অন্তংব ন্তি-স্ন্পৃত অন্ধনার, চয়—রাশি অর্থাৎ অজ্ঞানারকারনিচর) হঠাৎ উন্মূলয়ন্তী (অকস্মাৎ সমূলে বিনাশ করিতে করিতে) বলাৎ প্রেমাননন্রসামূধিং (প্রেমানন্রস-সমূদ্রকে বলপূর্ব্বক) নির্বধি প্রোদ্রেলয়ন্তী (নিরন্তর উচ্ছলিত করিতে করিতে) তাপত্রয়েণ বিকলং (আধ্যাত্মিকাদি তাপত্রয়ে অভিভূত) বিশ্বং (বিশ্বকে) অনিশং অতীব শীতলয়ন্তী (সর্ব্বদা স্বশীতল করিতে করিতে) সা চৈতভাচন্দ্রন্তটা (সেই চৈতভাচন্দ্রন্তটা) অস্মাকং (আমাদিগের) হৃদয়ে চকিতং চকাস্ত (হৃদয়ে ক্ষণকালও দীপ্তিলভ করুন্)॥ ৭৫॥

প্রবাদ। যে চৈতন্ত-চক্র-চক্রিকা জীবহৃদরের অজ্ঞানাদ্ধকার-রাশি অকম্মাং সমূলে বিনাশ করিতেছেন, প্রেমানন্দরস-সমূদ্রকে নিরন্তর বলপূর্ব্বক উচ্ছলিত করিতেছেন এবং আধ্যাত্মিকাদি তাপত্রর-তপ্ত বিশ্বকে অমুক্ষণ স্থাসিক্ষ করিতেছেন, সেই চৈতন্ত-চক্রছেটা আমাদিগের স্থানত ক্ষণকালও দীপ্রিলাভ করন্। ৭৫॥

বিভাব, অমুভাবাদি ভাবশাবল্যবৃক্ত শ্রীগোরহরি—
ক্ষণং ক্ষীণঃ পীনঃ ক্ষণমহহ সাক্রঃ ক্ষণমথ
ক্ষণং স্মেরঃ শীতঃ ক্ষণমনলতপ্তঃ ক্ষণমপি।
ক্ষণং ধাবন্ স্তরঃ ক্ষণমধিকজন্ত্বন্ ক্ষণমহো
ক্ষণং মূকো গৌরঃ ক্ষুর্তু মম দেহে। ভগবতঃ ॥ ৭৬॥

অব্রহ্ম। ক্ষণং ক্ষীণঃ ( স্থদীর্ষ বিপ্রবস্তভাবে অর্থাৎ মাথুরবিরহে প্রীমতী রাধিকার যে দশা হইরাছিল, গৌরহরি সেইভাবে মগ্ন হইরা ক্লম্ববিরহে ক্ষণকাল কৃশ), ক্ষণং [চ] পীনঃ ( আবার বিপ্রলন্তে ক্লম্ব-ফ্রি-জন্ম ক্ষণকাল স্থুল), অহহ (অহো), ক্ষণং সাঞাঃ (ক্ষণকাল আনন্দাশ্পূর্ণ ), অথ ( অনন্তর ) কণং শীতঃ ( রুঞ্চ-বিরহানলে তপ্ত হইয়া পুনরায় ক্ষক্ত্রিজন্ত কণকাল শীতলতাপ্রাপ্ত), কণং স্বেরঃ ( ক্ষ-ফ্রতিতে তাঁহার স্থিত হাশ্ত-পরিহাস্জন্ত কণকাল ঈষ্ণ হাশ্তমুখ ক্ষণসূপি অনলতপ্তঃ (প্রেমবৈচিত্তা অর্থাৎ কুঞ্চননিধানে থাকিয়াও তাঁহার ভাবি-বিরহানলে পুনরায় ক্ষণকাল পরিতপ্ত), ক্ষণং ধাবন্ ( ক্লম্ভ চলিয়া বাইতেছেন—এইভাবে বিভোর হইয়া তৎপশ্চাৎ ক্ষণকাল ধাৰমান্), ক্ষণং স্তরঃ (পুনরায় স্থানান্তরে গিয়া ক্লঞাঙ্গস্পর্শে ক্ষণকাল স্তন্তিত, স্তম্ভ-অষ্ট্রদাত্ত্বিকভাবের অন্তত্তম ), অহো ক্ষণং অধিক জল্পন ( অহে চে লম্পট, হে সতীত্রতবিনাশিন্, তুমি আমাকে স্পর্শ করিও না, ক্রণকাল এইরূপ প্রজন্পরী) ক্ষণং [চ] মূকঃ ( কিয়ৎকাল মানভরে মৌনাবলম্বী), [ঈদৃক্] ভগবতঃ দেহঃ ( এতাদৃশ ভগবিছগ্রহ ), গৌরঃ ( গৌরস্থন্দর ) মম [হাদরে] ক্লুরতু ( আমার হাদরে ক্রি লাভ করুন্) ॥ ৭৬ ॥

তাৰুবাদে। ক্ষণে ক্ষণ, ক্ষণে সুল, ক্ষণে প্রেমাননাজ-পূর্ণলোচন, ক্ষণে হাস্তবদন, ক্ষণে শীতন, ক্ষণে পরিতপ্ত, ক্ষণে ধারমান, ক্ষণে স্তস্তিত, ৭৫-৭৭ সংখ্যা ]

50

ক্ষণে বহুভাষী এবং ক্ষণে মৌনী এতাদৃশ ক্ষেত্র গৌর-ক্লেবর আমার হৃদয়ে স্ফুর্তিলাভ করুন ॥ ৭৬ ॥

## দেশ-কাল ও পাত্রাদির বিচার-রহিত, নিরপেকভাবে প্রেমপ্রদাতা শ্রীগোরহরি-

পাত্রাপাত্রবিচারণাং ন কুরুতে ন স্বং পরং বীক্ষ্যতে দেয়াদেয়বিমর্শকো ন হি ন বা কালপ্রতীক্ষঃ প্রভঃ। সত্যো যঃ শ্রবণেক্ষণ-প্রণমন-ধ্যানাদিনা তুল্ল ভং দত্তে ভক্তিরসং স এব ভগবান গোরঃ পরংমে গতিঃ॥৭৭॥

আন্তর্য। যঃ প্রভু: (যে প্রভু; প্রভু-স্বতন্ত্র দ্বর ) পাতাপাত-বিচারণাং ( পাত্রাপাতের বিচার ), ন কুরুতে ( করেন না ), ন স্বং পরং वीकारण ( आजाशत नर्मन करतन ना ), न हि तित्रार्त्वतमर्मकः (तित्रार्तित्र-পরামর্শ বা বিচার করেন না ), ন বা কালপ্রতীক্ষঃ (অথবা কালাকালেরও প্রতীক্ষা করেন না), শ্রবণেক্ষণপ্রণমনধ্যানাদিনা ( শ্রবণ, দর্শন, প্রণাম ও ধ্যানাদি দারা) হর্লভং ভক্তিরসং ( স্বহর্লভ ভক্তিরস) সন্তঃ দত্তে (তৎক্ষণাৎ প্রদান করেন), নঃ ভগবান গৌরঃ এব (সেই ভগবান গৌরস্থন্দরই ), মে পরং গতিঃ ( আমার একমাত্র গতি )।। ৭৭।।

অনুবাদ। যে প্রভু (স্বতন্ত্র দ্বার) পাত্রাপাত্রের বিচার. আত্মপরদর্শন, দেয়াদেয়-বিচার অথবা কালাকাল-প্রতীক্ষা করেন না. শ্রবণ, দর্শন, প্রণাম ও ধ্যানাদি দারা স্বত্রন্ত ভক্তিরস তৎক্ষণাৎ প্রদান করেন, সেই ভগবান্ গৌরস্থনরই আমার একমাত গতি॥ ११॥

### পূর্ব্বোক্ত বাক্যের দৃষ্টান্ত—

পাপীয়ানপি হীনজাতিরপি তুঃশীলোহপি তুক্ষর্মাণাং দীমাপি শ্বপচাধমোহপি সভতং তুর্ব্বাসনাচ্যোহপি চ। তুর্দ্দেশপ্রভবোহপি তত্র বিহিতাবাসোহপি তুঃসঙ্গতো নষ্টোহপুদ্ধৃত এব যেন ক্রপয়া তং গৌরমেবাশ্রয়ে ॥৭৮॥

তাল্য পাপী ব্যক্তিও ) হীনজাতিঃ অপি (দেজী-ব্যন প্রভৃতি কুষ্ঠরোগগ্রস্থ অতিশয় পাপী ব্যক্তিও ) হীনজাতিঃ অপি (দিজী-ব্যন প্রভৃতি নীচ জাতিও) হংশীলঃ অপি (কুস্বভাববিশিষ্ট ব্যক্তিও ) গুস্ক্র্মাণাং দীমা অপি (প্রদারহরণ, স্থরাপান-প্রভৃতি অতিশয় গুস্ক্র্মের চরমদীমায় উপনীত জগাই-মাধাইপ্রমৃথ ব্যক্তিও ) শ্বপচাধমঃ অপি (চণ্ডাল অপেকা অধমব্যক্তিও) সততং গুর্ক্মাদনায়ঃ অপি (সতত গুর্কাদনারত ব্যক্তিও) গুদ্দেশপ্রভবঃ অপি চ (বে স্থানে গঙ্গা নাই অথবা বে স্থানে পাওবগণ গমন করেন নাই, সেই সকল গঙ্গা ও পাওব্যক্তিত গুদ্দেশে জাত ব্যক্তিও) তত্র বিহিতাবাদঃ অপি (গুস্কৃতিফলে দেই সকল গুজিও) বেন ক্রপয় এব উদ্ধৃতঃ (গাহারই ক্রপায় উদ্ধারলাভ করিয়াছেন), তং গৌরং এব (সেই গৌরস্ক্রন্কেই) আশ্রমে (আশ্রম করি)॥ ৭৮॥

অৰুবাদ। গোপাল-চাপাল-প্রভৃতি অতি-পাতকী, নজ্জী-যবন প্রভৃতি নীচজাতি, কদর্যস্থভাব-বিশিষ্ট ব্যক্তি, ছহুর্মের চরমসীমার উপনীত জগাই-মাধাইপ্রমুখ অকর্ম ও বিকর্মপরারণ ব্যক্তি, কুকুরভোজী চণ্ডাল অপেক্ষা অধম জীব, সর্বানা ত্র্বাসনারত, গঙ্গা ও পাণ্ডববর্জিত তুর্দ্দেশজাত ও তুর্দ্দেশে বসবাসকারী এবং অসৎসঙ্গে নষ্টব্যক্তিও বাঁহার ক্লপায় উদ্ধার লাভ করিরাছেন, সেই গোরস্থনরকেই আমি একমাত্র আশ্রয় করি॥ ৭৮॥ স্বয়ং ভগবানু ব্রজেক্রনন্দনই রাধাভাব-ছ্যতি-স্থবলিত গৌরস্থন্তর—

কলিন্দতনরাতটে ক্ষুরদমন্দরন্দাবনং বিহায় লবণান্ধুধেঃ পুলিনপুষ্পবাদীং গতঃ। ধুতারুণপটঃ পরীহৃতস্থপীতবাসা হরি-স্তিরোহিতনিজচ্ছবিঃ প্রকটগৌরিমা মে গতিঃ॥ ৭৯॥

ত্রহা। কলিলতনয়াতটে (কলিল—কলিলপর্বাত, তাঁহার তনয়া—কলা যমুনা, তটে—তীরে, অথবা কলিল অর্থে স্থা, তাঁহার তনয়া—কন্যা যমুনা, তাহার তটে—তীরে, অর্থাং বমুনাতটে ) ক্রদমল-রন্দাবনং (প্রকাশমান স্থরম্য-রন্দাবন) বিহায় (পরিত্যাগ করিয়া), লবণান্থ্রেং (লবণ-সমুদ্রের), পুলিনপুপাবাটাং (উপকূলস্থ পুপোলানে), গতঃ (যিনি গমন করিয়াছেন,) পরীয়তস্থপীতবাদা (যিনি পরমশোভাময় পীতবদন পরিত্যাগ করিয়া) ধৃতারুণপটঃ (অরুণবর্ণ বদন ধারণ করিয়াছেন), তিরোহিতনিজ্জাবিঃ (যিনি ইল্রনীলমণি-সদৃশ নিজ রুক্বর্ণ আচ্চাদিত করিয়া), প্রকটগোরিমা (গোরকান্তি প্রকট করিয়াছেন), হরিঃ (সেই প্রীছরি), মে গতিঃ (স্বামার গতি) ॥ ৭৯ ॥

আন্দ্রাদে। যিনি কলিন্দ-নন্দিনী-তটে প্রকাশমান স্থরম্য বুলাবন পরিত্যাগ করিয়া লবণ-বারিধির-উপকৃলস্থ প্রশোভানে গমন করিয়াছেন, যিনি পরমশোভামর পীতবসন পরিত্যাগ করিয়া অরুণ-বসন ধারণ করিয়াছেন, যিনি নিজবর্ণ তর্থাৎ রুঞ্চবর্ণ (আপনার প্রিয়ত্মা কান্তা শ্রীমতী রাধিকার ভাব ও কান্তি দ্বারা) আচ্ছাদিত করিয়া গৌরকান্তি প্রকট করিয়াছেন, দেই শ্রীহরিই আমার একমাত্র গতি॥ ৭৯॥

# অষ্ট্ৰম বিভাগ

### লোক-শ্লিক্ষা

( との-ある (割) す)

স্থরেশ্বরগণেরও ছর্ল্লভ, বেদগুছ মহাপ্রেমলাভের নিমিত্ত গৌরহরির চরণাশ্রয়ের কর্ত্তব্যতা—

অরে মূঢ়া গূঢ়াং বিচিত্মত হরের্ভক্তিপদবীং দবীয়স্তা দৃষ্ট্যাপ্যপরিচিতপূর্কাং মুনিবরৈঃ। ন বিশ্রম্ভশ্চিত্তে যদি যদি চ দৌর্লভ্যমিব তৎ পরিত্যজ্যাশেষং ব্রজত শরণং গৌরচরণম্॥ ৮০॥

তাল্লহা। অরে মৃঢ়াং ( অরে মৃঢ়দকল ), মুনিবরৈঃ দবীষপ্তা দৃষ্টা। আপি অপরিচিত্তপূর্বাং (মুনিগণ দূরদৃষ্টি ৰারাও পূর্বে বাঁহার পরিচয় লাভ করিতে পারেন নাই, দেই ), গূঢ়াং ( নিগূঢ়া ) হরেঃ ভক্তিপদবীং (প্রীহরির ভক্তিপদবী) বিচিত্রত ( অনুসন্ধান কর ), যদি চিত্তে ন বিশ্রম্ভঃ ( যদি ভক্তিপদবীকে অত্যন্ত গূঢ় বলিয়া চিত্তে বিশ্বাদ না হয়), যদি চ দোল ভাম্ ইব ( আরে যদি উহা তুর্ল্লভ বলিয়াই মনে হয় ), তৎ [ দর্বং ] অশেষং পরিত্যজ্য ( দেই দকল দর্বতোভাবে পরিত্যাগ করিয়া ) গোরচরণং শরণং ব্রজ্ঞত ( গোরহরির শ্রীচরণে শরণাগত হও ) ॥ ৮০ ॥

তাবাদ। অরে মৃত্রগণ, মুনিগণ দ্রদৃষ্টি ( ক্ষুদৃষ্টি ) দারাও পূর্ব্বে বাঁহার পরিচয় লাভ করিতে পারেন নাই, সেই নিগৃঢ়া হরিভক্তিপদবী অন্ধুদরান কর। যদি চিত্তে বিশ্বাস না হয়, আর যদি উহা ছর্ল্লভ বলিয়াই মনে হয়, দেই সকল ( মনোধর্ম্ম ) সর্ব্বেভাবে পরিভাগে করিয়া গোরহরির প্রীচরণে শরণ গ্রহণ কর॥ ৮০॥ জগন্নাথদর্শনে অশ্রুসিক্ত গৌরহরির প্রণাম—

দধন্ম দ্বিন্য দ্বিং মুকুলিতকরাস্তোজযুগলং গলন্ধেত্রান্ডোভিঃ স্পতিমৃত্বগগুন্থলযুগম্। তুকুলেনাবীতং নবকমলকিঞ্জক্ষভিনা প্রংজ্যোতির্বোরং কনকক্ষচিটোরং প্রণমত ॥৮১॥

ত্যব্রহা। মুকুলিতকরাস্ভোজযুগলং (অঞ্জলিবদ্ধ করপদাযুগল)
মৃদ্ধি (শিরোপরি) উর্দ্ধং (উর্দ্ধভাবে) দধং (স্থাপন করিয়া) গলন্ধেতাস্তোভিঃ (বিগলিত নেত্রজলের দারা) স্পতিমৃত্গগুস্থলযুগং (বাঁহার
স্থাকোমল গণুস্থলযুগল স্নাত হইতেছে) নবকমলকিঞ্জল্পছিনা (নবকমলকেশরের ন্থার কান্তিযুক্ত) তুকুলেন (বস্তদারা) আবীতং (স্থানোভিত)
কনকক্রিচোরং (কনক অর্থাৎ স্থবর্ণ তাহার, ক্রচি অর্থাৎ কান্তি তাহার
চৌর অর্থাৎ অপহরণকারী—অর্থাৎ কনককান্তি গ্রহণ করিয়াছেন যিনি,
সেই) পরং-জ্যোতিঃ (পর্মত্রন্ধ) গৌরং (গৌরস্থানরকে) প্রণমত
(প্রণাম কর) ॥৮১॥

ত্মকুবাদে। যিনি অঞ্জলিবদ্ধ করপদ্মগুগল শিরোপরি উৰ্দ্ধ-ভাবে স্থাপন করিয়া বিগলিত নেত্রজলে স্থকোমল গণ্ডস্থল প্লাবিত করিতেছেন, যিনি নবকমলকেশরের ন্তায় কান্তিযুক্ত বস্ত্রে স্থশোভিত, সেই তপ্তকাঞ্চনছাতি-সম্বলিত প্রমত্রন্ধ গৌরস্থল্বকে তোমরা প্রণাম কর ॥৮১॥

মহাপ্রভুর ক্লপা-ব্যতীত উন্নতোজ্ঞানরসপ্রাপ্তি অসম্ভব— ভাতঃ কীর্ত্তর নাম গোকুলপতেরুদ্দামনামাবলীং যদ্ম ভাবর তম্ম দিব্যমধুরং রূপং জগন্মঞ্চলম্। হন্ত প্রেমমহারসোজ্জলপদে নাশাপি তে সম্ভবেৎ শ্রীচৈতন্তুমহাপ্রভোর্যদি কুপাদৃষ্টিঃ পতেন্ন হয়ি॥ ৮২॥

অব্রয়। [ অয়ে—হে ] ভ্রাতঃ, গোকুলপতেঃ ( ব্রজ্বাজ-নন্দনের ) উদ্ধামনামাবলীং ( পরমপ্রভাববতী নামশ্রেণী ) নাম ( বাক্যা-লঙ্কার-স্বীকার বা নিশ্চয়ার্থে ) কীর্ত্তর (কীর্ত্তন কর), যদ্বা (অথবা) তস্ত্র ( তাঁহার ) দিব্যমধুরং (দেদীপ্যমান মাধুর্য্যময় ) জগন্মঙ্গলং ( ভুবন-মঙ্গল) রূপং ভাবর ( প্রীমূর্ত্তি চিন্তাই কর), যদি প্রীচৈতক্তমহাপ্রভাঃ ( শ্রীচৈতন্তমহাপ্রভুর ) রূপাদৃষ্টিঃ ( কুগাকটাক্ষ ) স্বয়ি ( তোমাতে ) ন পতেৎ (পতিত না হয়), হস্ত ( হায়, ) [তদা—তাহা হইলে] প্রেমমহা-রুসোজ্জলপদে (প্রেমবশতঃ মহানু অর্থাৎ সর্ক্রোৎকৃষ্ট রস আছে যে উজ্জলে অর্থাৎ শৃঙ্গারে, তাহার পদে অর্থাৎ বিষয়ে,—শৃঙ্গাররসকেই উজ্জন রস বলে ) তে (তোমার ) আশা অপি ন সম্ভবেৎ (আশাও সম্ভব হুইতে পারে না ) ॥ ৮२॥

অনুবাদ। হে ভাতঃ, তুমি গোকুলনাথ প্রীক্ষের মহা-শক্তিমতী নামাবলীই উচ্চৈঃম্বরে কীর্ত্তন কর, অথবা তাঁহার জগন্মঙ্গল দিব্যমধুররূপই ধ্যান কর,—যদি তোমার প্রতি শ্রীচৈতগ্রমহাপ্রভুর কপাদৃষ্টি পতিত না হয়, তবে তোমার দেই প্রমোৎকৃষ্ট উন্নতোজ্জ্ব-প্রেমর্দ-বিষয়ে আশাও সম্ভব হইতে পারে না॥ ৮২॥

> সর্ব্বসিদ্ধির আকর গৌরচরণে আশ্রয়োপদেশ— অয়ে ন কুরু সাহসং তব হসন্তি সর্কোত্তমং জনাঃ পরিত উম্মদা হরিরসামৃতাসাদিনঃ। ইদস্ত নিভৃতং শৃণু প্রণয়বস্ত প্রস্তুয়তে যদেব নিগমেষু তৎ পতিরয়ং হি গৌরঃ পরম্॥৮৩॥

আহ্বা! অয়ে ব্রাতঃ চৈত্রগাদাশ্রয়ং বিনা অন্ত সাধনের—হে ভ্রাতঃ, প্রীচৈতম্পদাশ্রয় ব্যতীত অপর সাধনসমূহে ] সাহসং ন কুরু (সাহস করিও না অর্থাৎ সেই সকলে সহস। প্রবৃত্ত হইও না) [ যতঃ—
যেহেতু ] হরিরসামৃতাস্বাদিনঃ ( চিত্তবিত্তহরণশীল হরির অর্থাৎ প্রীক্ষের
ভক্তিরসামৃত-আস্বাদননিপুণ ) [ অতএব ] পরিতঃ উন্মদাঃ ( সর্বতোভাবে
উদ্দাত হইরাছে মদ অর্থাৎ প্রেমানন্দ গাঁহাদের, সেইসকল গৌরভক্তগণ )
তব (তোমার ) সর্ব্বোদ্যমং ( সর্ব্বপ্রকার উপ্তমের প্রতি ) হসন্তি ( হাস্ত করেন ) ইদং তু নিভ্তং শৃণু (এইগুহুকথাটী প্রবণ কর) নিগমেষু ( বেদাদি শাস্ত্রে ) যদেব প্রণয়বস্তু প্রস্তু য়তে ( গাঁহাকে প্রেমপদার্থ বিদিয়া প্রস্তাবিত হয় ) তৎপতিঃ (তাঁহার পতি অর্থাৎ বিষয়) অরং হি ( নিশ্চরার্থে ) পরং ( কেবল ) গৌরঃ ॥ ৮৩ ॥

তানু বাদে। ওহে, তুমি শ্রীচৈতগ্রচরণাশ্রয়-ব্যতীত অপর কোনও সাধনে দহদা প্রবৃত্ত হইও ন।; ক্লঞ্চ-প্রেম-পীযুষ-রমপানে একান্ত উন্মাদ গৌরজনসমূহ তোমার ঐরূপ সর্ক্ষবিধ উত্তমকে উপহাস করেন। এখন অতি গোপনীয় একটা কথা শ্রবণ কর,—নিথিল-বেদাদি শাস্ত্রে প্রণয়-বস্তু বলিয়া যাহা প্রস্তাবিত হইয়াছে, নিশ্চয় জানিও, এই শ্রীগৌরাঙ্গই তাহার একমাত্র বিষয়॥৮৩॥

শুদ্ধভক্তিরহিত অচিদু দ্বিবিশিষ্ট ব্যক্তিরও আরাধ্য শ্রীগোরহরি—
জ্ঞানাদিবত্ম বিরুচিং ব্রজনাথভক্তিরীতিং ন বেদ্মিন চ সদগুরবো মিলক্তি।
হা হন্ত হন্ত মম কঃ শরণং বিমূচ
গৌরো হরিস্তব ন কর্ণপথং গভোহস্তি॥ ৮৪॥

আহা। জ্ঞানাদিবন্ধ বিকৃচিং (জ্ঞান—নির্ভেদ-ব্রহ্মজ্ঞান, আদি— নিত্যনৈমিত্তিক ধর্মা, অধ্যাত্মযোগ, শুক্ষবৈরাগ্যাদি, সেইসকল মার্গে বিকৃচি-প্রদানকারিণী ) ব্রন্ধনাথভক্তিরীতিং ( ত্রীকৃষ্ণের ভঙ্গনপরিপাটী ) ন বেদ্মি (জানি না) ন চ [ মম ] সদ্গুরবঃ মিগন্তি ( অথবা আমার সদ্গুরুও লাভ হইতেছে না) মম কঃ শরণং [ ভবিতা ] (আমার উপায় কি) হা হস্ক হস্ত ( হায় হায় !) [অরে] বিমৃত্ ! ( অহে তুমি একজন বিশিষ্ট মূর্য !) গৌরঃ হরিঃ (গৌরহরি) তব কর্ণপথং ন গতোহস্তি ( কি তোমার কর্ণপথে গমন করেন নাই ? অর্থাৎ শীঘ্র গৌরহরির উপাসনাকে তোমার কর্ণপথে আনয়ন কর, আর বিলম্ব করিও না) ॥ ৮৪॥

তাৰুবাদে। নির্ভেদ ব্রহ্মজানাদি-পথে বিভ্ঞা-উৎপাদনকারিণী যে প্রীক্ষের ভজন-প্রণালী, তাহা ত' আমি জানি না! সদ্পুক্রণণের সহিতও ত' আমার সাক্ষাৎকার হইতেছে না! (আমার এখন উপায় কি ?) আমি কাহার শরণ গ্রহণ করিব ? হার, হার, আত মূর্থ তুমি। ( এখনও তোমার শরণা কে, তাহাই স্থির করিতে পারিতেছ না?) গৌরহরির নামটীও কি ভোমার কর্ণপথে প্রবেশ করে নাই ? ৮৪ ঃ

সর্বধর্ম পরিত্যাগপূর্বক সর্বার্থসাধিকা গোরক্ষপাই প্রার্থনীয়—
বৃথাবেশং কর্মস্থানয়ত বার্ত্তামপি মলাক্
ন কর্নাভ্যবেহিপি কচন নয়তাধ্যাত্মসরণেঃ।
ন মোহং দেহাদে ভজত পরমাশ্চর্য্যমধুরঃ
পুমর্থানাং মৌলির্মিলতি ভবতাং গৌরক্ষপ্যা ॥ ৮৫॥

আইয়। কর্মন্ত (নিভানৈমিত্তিকাদি কর্মো) বৃথাবেশং (বৃথা, আভিনিবেশ) অপনয়ত (দূরে পরিত্যাগ কর), অধ্যাত্মনরণেঃ (অধ্যাত্ম— আরোহবাদীর 'নেতি' 'নেতি' বিচার, তাহার সরণি অর্থাৎ মার্গ, তাহার) মনাক্ বার্ত্তামপি (অল্পমাত্র বার্ত্তাও) কচন (কোন সময়ে) কর্ণাভ্যর্ণেহিপি (কর্ণের অভ্যর্ণে অর্থাৎ সমীপেও) ন নয়ত (আনম্যনকরিও না) দেহাদৌ (দেহাদিতে; 'আদি' শব্দে তৎসম্বন্ধী স্ত্রীপুত্র দেশ-

সমাজ প্রভৃতি যাবতীয় বস্ততে ) মোহং ন ভজত (মোহ করিও না), তিদা —তাহা হইলে ] পরমান্চর্যামধুরঃ ( সর্ব্বোৎকুট্ট চমৎকারকারী মাধুর্যা-বৈশিষ্ট্যে আস্বান্ত ) পুমর্থানাং মৌলিঃ ( পুরুষার্থশিরোমণি—পঞ্চমপুরুষার্থ প্রেমা) ভবতাং (তোমাদের) গৌরক্ষপয়া (গৌরস্থন্দরের রূপায়) মিলতি (মিলিবে—বর্ত্তমানদামীপ্যে লট্) ॥ ৮৫॥

অৰুবাদ। নিত্যনৈমিত্তিকাদি কর্মে রুণা অভিনিবেশ—দূরে পরিহার কর; আরোহ-বিচারপথের অতি অল্পমাত্র কথাও কদাচ তোমার কর্ণনারের নিকটেও আসিতে দিও না এবং দেহ ও তৎ-সম্পর্কীয় যাবতীয় বিষয়ে কথনও মোহপ্রাপ্ত হইওনা; তাহা হইলেই প্রীগৌরস্কন্দরের রূপায় তোমাদের পুরুষার্থশিরোমণি পরমাশ্চর্য্য-মাধুর্য্য-ময় কুষ্ণ-প্রেম। লাভ হইবে॥ ৮৫॥

> স্ত্রীসম্ভাষণ, স্বর্গাভিলাষ, শাস্ত্রাভ্যাস প্রভৃতির ভুচ্ছত্ব ও একমাত্র গৌরপদাশ্রয়ের শ্রেষ্ঠত্ব—

ञलः भाखाच्यादेमतलगरूर जीर्थावेनिकशा সদা বোষিদ্যান্ত্রাক্তসত বিতথাং থুৎকুরু দিবম্। তৃণদ্মস্যা ধন্যাঃ শ্রেয়ত কিল সন্ন্যাসিকপটং নটন্তং গৌরাঙ্গং নিজরসমদাদমুধিতটে ॥ ৮৬॥

আহ্বত্র। অহহ সদা যোষিদ্-ব্যাঘ্রাঃ ত্রদত ( সর্বদা স্ত্রীরূপা ব্যাঘ্রীর নিকট হইতে সাবধান হও; বদি প্রশ্ন হয়, 'যোষিংকে ব্যান্ত্রীর সহিত তুলনা করায় 'স্ত্রীসন্তাষণ' নিষিদ্ধ হইল, তাহা ২ইলে সন্ত্রীক-কুত-যাগাদি-ধর্মাচরণ-ব্যতীত কিরূপেই বা স্বর্গপদবী লাভ হইবে ৭—এই প্রশ্নাশস্কায়ই বলিতেছেন—) বিতথাং (মিথ্যাভূতা অর্থাৎ নশ্বর) দিবং (স্বর্গকে) তৃণস্মস্তাঃ (তৃণপ্রায় তুচ্ছ মনে করিয়া) থুৎকুরু (তৎপ্রতি থুৎকার)

নিক্ষেপ কর ) আচ্ছা, স্বর্গস্থথ না হয় নশ্বর হইল, আমরা যোগশাস্তাভ্যাস করিয়া যোগাদি সাধন করিব, তাহাতে ত' সর্ব্বার্থনিদ্ধি হইতে পারে —এই প্রশ্নাশঙ্কার বলিতেছেন ] শাস্তাভ্যাদৈঃ অলম্ ( শাস্তাভ্যাস রুথা ) িকারণ শাস্ত্রাভ্যাস করিয়া যোগাভ্যাসকারিগণের সিদ্ধি ত' দূরের কথা, শ্রেষ্ঠ যোগারাত ব্যক্তিগণের পর্যান্ত পতনের কথা শ্রুত হয়—যাহার সিদ্ধি বিষয়ে এইরূপ অনিশ্চয়তা এবং যাহার অভ্যাসও অত্যন্ত তুঃখজনক, সেইরূপ কার্য্যে প্রয়োজন কি ? ] যিদি তাহাই হয়, তাহা হইলে তীর্থ-নিষেবন ত' অধিক স্থথকর ? আমরা তীর্থদেবা করিয়া জ্ঞানাদি লাভ করিব এবং তং-ফলে মোক্ষের অধিকারী হইতে পারিব—এই প্রশ্নাশন্ধায় বলিতেছেন ] তীর্থাটনিকয়া [চ] অলং ( তীর্থপর্যাটনে প্রয়োজন কি ? ) [কারণ প্রথমতঃ তীর্থপর্যাটনে পরিশ্রম, দিতীয়তঃ প্রাকৃতবৃদ্ধিদম্পন কর্মী ও জ্ঞানীর-ধামাপরাধ বর্ত্তমান থাকায় তাহাদিপের তীর্থভ্রমণ ইব্রিয়তপূণো্খ রুধা-চেষ্টা মাত্র—তাহা হইলে কি কর্ত্তন্য, তাহাই এখন দিদ্ধান্ত করিতেছেন ] ধক্তাঃ, (হে প্রেমধনপ্রাপ্তিযোগ্য পুরুষগণ, ) [ যুরং—তোমরা ] নিজরস-মদাৎ অমুধিতটে (স্বীয় ক্লঞ্চস্করপের প্রেমরসোখ-আনন্দে নীলাচলে সাগর-কলে) নটন্তং ( নৃত্যশীল ) সন্ত্রাসিকপটং ( সন্ত্রাসলীলাভিনয়কারী ) কিল ( নিশ্চয়ার্থে ) গোরাঙ্গং শ্রমত ( গোরাঙ্গকেই আশ্রম কর ) ॥ ৮৬॥

তানুবাদে। বাঘিনী কামিনী-সঙ্গ হইতে সর্বাদা সাবধান হও;
তৃণতুচ্ছ জ্ঞান করিয়া (কালবিপ্লুত) স্বর্গপদে থ্ৎকার প্রদান কর; রাশি
রাশি শাস্তানুশীলনে কি প্রয়োজন ?—তাহাও ত্যাগ কর; আর তীর্থপর্যাটনেই বা কি লাভ ?—তাহা হইতেও বিরত হও। (ঐ দেখ)
সন্ন্যাস-লীলাভিনয়কারী শ্রীগৌরাঙ্গ নীলাচল-নীলামুধিতটে নিজ ক্ষ্যস্বরূপের প্রেমানন্দে নৃত্য করিতেছেন!—হে ভাগ্যবান্ ভক্তমগুলি,
(যাও, যাও) তোমরা তাঁহারই চরণে আশ্রয় গ্রহণ কর॥ ৮৬॥

কষ্টসাধ্য যোগাদিমার্গে বিফল-চেষ্টা-পরিত্যাগপূর্ব্বক
পোরামুরভিই উপদেশসার—

কিং তাবদ্বত তুর্গমেষু বিফলং যোগাদিমার্গেদ্বহো ভক্তিং কৃষ্ণপদান্ত্রজ বিদধতঃ সর্বার্থমালুঠত। আশা প্রেমমহোৎসবে যদি শিবব্রদ্ধাত্তলভ্যুত্তত গৌরে ধামনি তুর্বিগাহমহিমোদারে তদা রজ্যতাম ॥৮৭

ত্যস্থা। বত (থেদে) অহা (সংধাধনে) [অহা প্রাতরঃ—হে প্রাতৃণ্ণ, ] হুর্গমেষু বোগাদিমার্গেষু ( রুচ্ছুসাধ্য অষ্টাঙ্গ-যোগাদি পন্থায় ) কিং তাবং বিফলং [ অনুসন্ধানং ক্রিয়তে!] ( রুথা ঘ্রিয়া কি লাভ!) রুষ্ণণাধুজে ভক্তিং বিদধতঃ ( রুষ্ণপাদপদ্মে ভক্তিবিধানকারীর ) সর্বার্থং ( সর্বার্থশিরোমণি প্রেম অথবা সর্ব্ধ-পদার্থের মধ্যে বাহা একমাত্র অর্থ অর্থাৎ প্রয়োজন যে প্রেমধন, তাহা ) আলুঠত ( বলপূর্ব্বক গ্রহণ কর ; সম্যক্রণে লুটিয় লও ) শিবব্রহ্মাছলভ্যে (শিব-ব্রহ্মাদির হুপ্রাপ্য ) অছুতে প্রেমমহোৎসবে যদি আশা [বর্ত্ততে] (আশা থাকিয়া থাকে), তদা ( তাহা হইলে ) হুর্বিগাহ মহিমোলারে গৌরে ধামনি ( হুজ্রের মহিমা বাহার এবং যিনি উদার অর্থাৎ মহাবদান্ত, সেইরূপ গৌরস্কুন্দরে ) রুজ্যতাম ( অনুরক্ত হও ) ॥ ৮৭ ॥

তাকুবাদে। অহে প্রাত্রন, রুচ্ছু নাধ্য অষ্টাঙ্গ-বোগাদি-পন্থার র্থা অন্থদন্ধান করিয়া কি কল! রুঞ্চ-পাদপত্মে ভক্তি-বিধান-কারীর সর্বার্থ প্রেমধন লুঠন কর। শিব-ব্রহ্মাদিরও তুম্প্রাণ্য পরমাশ্চর্য প্রেমানন্দোৎসবে যদি তোমার আশা থাকে, তাহা হইলে মহাবদান্ত তুর্জের-মহিম গৌরহরিতে অন্থরক্ত হও॥৮৭॥

গৌরভক্তির ফলই রাধাদাশ্র—

যথা যথা গৌরপদারবিন্দে বিন্দেত ভক্তিং কৃতপুণ্যরাশিঃ। তথাতথোৎসর্পতি হৃত্তকস্মাৎ রাধাপদাস্তোজস্ত্রধান্মুরাশিঃ॥ আহার। রুতপুণ্যরাশিঃ (পুঞ্জ পুঞ্জ স্কৃতিসম্পন্ন পুরুষ) গোর-পদারবিন্দে (প্রীগোরস্থনরের পাদপদ্মে) যথা যথা (বেরূপ যেরূপ) ভক্তিং বিন্দেত (ভক্তিলাভ করেন), অকস্মাৎ [তস্তা—তাঁহার] হৃদি (হৃদরে) তথা তথা (সেইরূপ সেইরূপ) রাধাপদাস্তোজ-স্থামূরাশিঃ (প্রীরাধার পদরূপ অন্তোজ—পুদ্ম, তাহার স্থারূপ অন্তরাশি—সমুদ্র অর্থাৎ শ্রীরাধা-পাদপদ্মধ্যাসমুদ্র উৎসর্পতি (উদ্লাত হইয়া থাকে)॥ ৮৮॥

তাৰুবাদে। পুঞ্জ পুঞ্জ স্কৃতিসম্পন পুৰুষ শ্ৰীগোরপদকমলে বাদৃশী ভক্তিলাভ করেন, অকস্মাৎ তাঁহার হৃদয়ে শ্ৰীশীরাধাপাদপদ্মের প্রেমস্থা-সমূদ্রও তাদৃশভাবেই উদ্গত হইয়া থাকে ॥ ৮৮ ॥

গৌরচরণাশ্ররের উৎকর্ষতা—

অপারস্থ প্রেমোজ্জল-রসরহস্তামৃতনিধে-র্নিধানং ত্রজোশার্চিত ইহ হি চৈতন্যচরগঃ। অতস্তং ধ্যায়ন্তঃ প্রণয়ভরতো যান্তু শরণং

তমেব প্রোন্মত্তাস্তমিহ কিল গায়স্ত কৃতিনঃ॥৮৯॥

ত্রহা। চৈত্যুচরণঃ (চৈত্যুচরণ) হি (বেহেতু) ব্রহ্মেশার্চিতঃ (শিববিরিঞ্চিরও আরাধ্য), অপারস্থ (অপার) প্রেমোজ্জনরসরঃস্থায়ত-নিধেঃ (উজ্জন প্রেমররহস্তরপ অয়ত সাণ্রের) নিধানং (আধার), অতঃ (অতএব) ক্রতিনঃ (স্কুর্তিমান্ অর্থাং সারগ্রাহি-পুক্ষর্পণ) ইহ (এই কলিকালে) প্রণয়ভরতঃ (প্রণয়ভরে) তং (সেই চৈত্যুচরণ) ধ্যায়স্তঃ (ধ্যান করিতে করিতে) তমেব (সেই চৈত্যুচরণেরই) শরণং বাস্তু (শরণাগত হউন্), প্রোমন্তাঃ [সস্তঃ] (অতিশয় হর্ষান্বিত হইয়া) তং (চরণামূজ-মহিমা) কিল (নিশ্চিত) ইহ (এইকানেই) গায়স্তু (গানংকরন্) ॥৮৯॥

তাৰুবাদে। ঐচৈতেন্সচরণ শিব-বিরিঞ্চিরও আরাধ্য, অপার-উন্নত-উজ্জন্রস-রহস্থামৃত-সাগরের আধার। অতএব এই কলিকালে সারগ্রাহী স্কৃতিমান্ পুরুষগণ প্রণয়ভরে সেই চৈত্রচরণ ধ্যান করিতে করিতে তাঁহারই শরণাগত হউন্ এবং এইকালেই প্রেমে উন্মন্ত হইয়া তাহাই ( চৈত্রচরণ-মহিমাই ) কীর্ত্তন করুন ॥ ৮৯ ॥

ত্রিদণ্ডি-গোস্বামীর গৌরভক্তি-প্রচার-প্রণালী; সর্বধর্ম পরিত্যাগপূর্বক গৌরচরণান্মরক্তিই একমাত্র কর্ত্তব্য—
দত্তে নিধায় ভূণকং পদয়োর্নিপ্রত্য
কর্মা চ কাক শভ্রেভেদ্বহং বেবীমি।

কৃষা চ কাকুশতমেতদহং ব্রবীমি। হে সাধবঃ সকলমেব বিহায় দূরাদ্-গৌরাঙ্গচন্দ্রদেরণে কুরুতান্তরাগম্॥ ৯০॥

আহ্ব। দত্তে তৃণকং নিধায় ( দত্তে অতি কুদ্র তৃণী ধারণ-পূর্বাক; ইহার দারা কীর্ত্তনপ্রচারক ত্রিদণ্ডি-গোস্বামীর 'তৃণাদপি স্থনীচতা' স্টিত হইতেছে, কারণ যে তৃণকে জগতের লোক পদদলিত করিয়া চলিয়া যায়, সেই তৃণগণের মধ্যে অতি ক্ষুদ্র তৃণটী তিনি তাঁহার দত্তে ধারণ করিয়াছেন অর্থাৎ উহাকেও শ্রেষ্ঠ সম্মান প্রদর্শন করিতে-্ছেন ) পদ্যো: নিপতা (পদ্যুগলে পতিত হইয়া; ইহা দ্বারা গৌরকথা-প্রচারক ত্রিদণ্ডি-গোসামীর 'অমানী'-ধর্ম স্থচিত হইতেছে—ত্রহ্মসন্ন্যাসীর স্থায় তিনি অভিমানে মত্ত হইয়া নিজকে 'নারায়ণ' জ্ঞান করেন না অথবা কর্মাজভ স্মার্ভকুলের বিচারের ক্লায় তিনি জগতের সর্বাজীবের স্বরূপদর্শন হইতে বঞ্চিত থাকিয়া বাহ্মণ-চণ্ডাল, জ্যেষ্ঠ-কনিষ্ঠাদি সুললিঙ্গদেহের প্রাক্ত-বিচারে আবদ্ধ নহেন, তাই তিনি নকলের নিকটই 'অমানী' হইয়া সত্যকথা কীর্ত্তন করিতে উত্তত হইয়াছেন) কাকুশতং ক্লম্বা চ (শত শত কাকুবাদ সহকারে; ইহা দারা কীর্ত্তনপ্রচারক ত্রিদণ্ডি-গোস্বামীর 'তকর আয় সহিষ্তা' স্চিত হইতেছে; জগতের বহির্মাণ জনগণ কিছুতেই সত্যকথা শুনিবেন না, কিন্তু তাঁহাদিগকেও ত্রিদণ্ডি-গোস্বামিগণ

৭৮ <u>শ্রীটিচত গুচন্দ্রামৃতম্</u> [৮ম বিভাগ, কাকুতি মিনতি করিয়া হরিকথা শ্রবণ করাইতে উৎস্থক) এতৎ অহং

ব্রবীমি ( আমি ইহা বলিতেছি ) হে সাধবঃ ( হে সাধুগণ, ইহা দ্বারা কীর্ত্তন-প্রচারক ত্রিদণ্ডি-গোস্বামীর 'মানদ'-ধর্ম স্টতিত হইতেছে ) সকল-মেব বিহার দ্রাৎ ( সকলই দূর হইতে পরিত্যাগ করিয়া; আপনারা সাধু বটে, কিন্তু বে সকল বস্তু লইয়া আপনাদের অন্তরে 'সাধু'-অভিমান বা জগতের নিকট সাধু বলিয়া পরিচয়, সেই সকল কর্মা, জ্ঞান, সাংখ্য-

যোগ, ফল্পনৈরাগ্য, চতুর্ন্ধর্ম, ধর্মাধর্ম-সাধন এবং বাবতীয় সৎ ও অসৎ ক্ষেণ্ডের-তর্পণের প্রতিকূল-চেষ্ঠা বা বাসনা দূর হইতে পরিত্যাগ করিয়া ) চৈতন্মচন্দ্রনে ( শ্রীচৈতন্মচন্দ্রের পাদপদ্মে ) অনুরাগং কুরুত ( অনুরাগ করুন্ ) ॥ ১০ ॥

অনুবাদে । হে সাধুগণ, আমি ( তিদণ্ডিভিক্ ) দত্তে তুণ

ধারণ-পূর্বক আপনাদের পদ্যুগলে নিপতিত হইয়া শত শত কাকুতি-

সহকারে এইমাত বলিতেছি (ভিক্ষা চাহিতেছি), আপনারা সমস্তই (আপনাদের মনঃকল্পিত সকল সাধুত্ব বা ধর্মকেই) দূর হইতেই পরিত্যাগ-পূর্বক (ছঃসঙ্গুজানে বর্জন-পূর্বক) শ্রীচৈতগুচন্দের চরণে অনুরাগবিশিপ্ট হউন্॥ ৯০॥
পর্ম-নিগূচ প্রেমামৃতাস্বাদর্শপা গৌরক্বপা বৈকুঠেও ছল্ল ভ——

পরম-। নগুড় প্রেমাণ্ডাখাণর পা সোরস্কা বিকুষ্টেভ ইন্ন ড—
আহোন তুল্ল ভা মুক্তি ন চি শুক্তিঃ স্তৃত্ন ভা ।
গৌরচন্দ্র-প্রসাদস্ত বৈকুঠেইপি স্তৃত্ন ভিঃ ॥ ১১ ॥ ১
অহুহা । যিদি প্রাণ্ড হয়—মুক্তি, ভক্তি ( ঐশ্ব্যামনী বৈধী-ভক্তি )

প্রভৃতি সকল ত্যাগ করিয়া কি জন্তই বা গৌরপাদপদ্মে অমুরাগবিশিষ্ট হইব ?—এই প্রশাশস্কায় বলিতেছেন] অহো, মুক্তিঃ ন ছর্লভা ( ওহে, সালোক্যাদি মুক্তিচতুষ্টয় ছর্লভ বস্তু নহে, কারণ উহা জ্ঞানমিশ্রা বৈধী-

ভক্তি শ্বারাই স্থলভ ), ভক্তিশ্চ ন স্থল্ল ভা (ভক্তিও অত্যন্ত গ্রভি নহে;

কারণ বৈধনাধন দারা বৈকুঠে নারায়ণ-সেবা লাভ হয়) গৌরচন্দ্র প্রানাম্ব (কিন্তু গৌরচন্দ্রের প্রসন্নতা অর্থাৎ গৌরপ্রসাদ হইতে প্রকটী-ভূত পর্ম নিগূচ প্রেমামৃতাস্বাদ) বৈকুঠেইপি স্বন্ধ ভিঃ (বৈকুঠেও: স্কুল্ল ভি) ॥ ১১॥

তানুবাদে। শুক্জানসাধ্য ব্রহ্মগাযুজ্য অথবা জ্ঞানমিশ্রা বৈধীভিক্তিসাধ্য সালোক্যাদি মুক্তিচতৃষ্ট্র হল্ল'ভ নহে। বৈধভক্তিসাধ্য
নারায়ণ-দেবা স্বহল্লভাও নহে। কিন্তু গৌরক্লপা (গৌরক্লপা ত্রিবিধা
—(১) অনর্থনিবৃত্তিরূপা নির্ম্মলা, (২) ভক্তিসিদ্ধান্তরসপ্রাপ্তিরূপা
রসদা, (৩) মাধুর্য্য-মর্য্যাদা-প্রাপ্তিরূপা সমদা) বৈকুঠেও স্বহল্লভা।
কেন না, বৈকুঠন্থ নারায়ণ-পার্বদগণও গৌরক্লপা প্রার্থনা করিয়া
থাকেন॥ ১১॥

চৈতন্তভক্তেরই মধুর স্বভাব, জগৎ-পূল্যম্ব, কারুণ্য ও সহিষ্ণুতাদি জগদাকর্ষক-গুণাবলী সম্ভব—

ভজস্ত চৈতন্যপদারবিন্দং ভবস্ত সম্ভক্তিরসেন পূর্ণাঃ। আনন্দয়ন্ত ত্রিজগদিচিত্রং মাধুর্য্য-সৌভাগ্য-দয়া-ক্ষমাল্ডৈঃ॥৯২

তাপ্রহা। চৈত্রপদারবিনাং ভজন্ত (শ্রীচৈত্রসদেবের পাদপদ্ম আশ্রয় করুন্) সভ্জিরসেন চ পূর্ণাঃ ভবন্ত (সর্ব্বোৎকৃষ্ট ভজিরসে অর্থাৎ অনর্পিত্বর উন্নত-উজ্জ্ব-রসে আগ্লুত হউন্— চৈত্রসপাদপদ্ম আশ্রয়েই একমাত্র তাহা সন্তব ) মাধুর্ব্যসোভাগ্যদরাক্ষমাল্যঃ (মাধুর্ব্য অর্থাৎ মধুর-স্বভাব, সৌভাগ্য অর্থাৎ সর্ব্বোৎকৃষ্ট প্রেমাস্বাদন, দরা অর্থাৎ জীবমাত্রেই সেই প্রেমবিত্রণ, ক্ষমাল্যঃ তৃণাদপি স্থনীচতা প্রভৃতি বৈষ্ণবঞ্জণ দারা) তিজ্ঞগৎ (ত্রিলোককে) বিচিত্রং (বিচিত্র প্রকারে) আনন্দর্যন্ত (আন-দিত্ত করুন্) ॥ ৯২ ॥

[ ৮ম বিভাগ,

আৰুবাদে। আপনারা চৈতস্তচন্দ্রের পাদপদ্ম আশ্রয় করুন্,
দর্বোংক্ষ্ট অর্থাং অনপিতচর উন্নত-উজ্জ্ল-রসে আগ্রুত হউন এবং মাধুর্যা
। (মধুর স্বভাব), সৌভাগ্য ( সর্বোংক্ষ্ট প্রেমাস্বাদন), কারুণ্য ( বহিন্ম্থজীবকে ক্লেখেন্ম্থী-করণ বা নাম-প্রচার), ক্ষমা ( তরুর স্থায় সহিষ্কৃতা)
প্রভৃতি সদ্গুণ দ্বারা ত্রিভ্বনকে আনন্দ-বৈচিত্র্য দান করুন্। ৯২ ॥
একমাত্র গৌরপদাশ্রয় ব্যতীত সংসারোত্তরণ, সন্ধীর্ত্তন-রসাস্বাদন ও
প্রেম্মসপ্তিলাভ অসন্তব——

সংসারসিম্বৃতরণে হৃদয়ং যদি স্থাৎ
সঙ্কীর্ত্তনামৃতরসে রমতে মনকেৎ।
প্রেমান্ত্র্যের বিহরণে যদি চিত্তর্ত্তিকৈচভন্মচন্দ্রচরণে শরণং প্রযাতু॥ ১৩॥

ত্বাহা। যদি সংসারসিক্তরণে হাদয়ং স্থাৎ (যদি কাহারও সংসার-সাগর উত্তীর্ণ হইবার ইচ্ছা থাকে অর্থাৎ 'সংসারের পার হইয়: ভক্তির সাগরে' ভূবিবার অভিলাষ থাকে ) মনশ্চেৎ সঙ্কীর্ত্তনামৃতরসে রমতে (সঙ্কীর্ত্তনামৃত-রসমাধুরীতে যদি মন রমণ করিতে ইচ্ছা করে ) যদি প্রেমাকুথৌ বিহরণে চিত্তরুত্তিঃ স্থাৎ (যদি প্রেমারসমাগরে বিহারার্থ চিত্তরুত্তি হইয়া থাকে ) [তদা—তাহা হইলে ] চৈত্ত্যচক্রচরণে শরণং প্রমাতু (শরণ গ্রহণ কর )॥১০॥

তাবুবাদ। যদি সংসার-সাগর উত্তীর্ণ হটবার বাসনা থাকে, যদি সঙ্কীর্ত্তনামৃত-রস-মাধুরীতে রমণ করিতে মন হয়, যদি প্রেম-সমুদ্রে বিহার করিবার অভিশাষ হইয়া থাকে, তাহা হইলে প্রীচৈতন্মচক্র-চরণে শরণাগত হও॥ ৯০॥

সর্বোৎকৃষ্ট দিদ্ধান্ত, প্রেমভক্তি ও বৈরাগ্য গৌরভক্তগণেই আবদ্ধ— জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদি সাধয়স্ত যথা তথা। চৈতন্মচরণাস্তোজভক্তিলভ্যসমং কুডঃ॥ ৯৪॥

**অন্তর্যা**। জ্ঞানবৈরাগ্যভক্ত্যাদি (জ্ঞানবৈরাগ্যভক্তি প্রভৃতি) যথাতথা ( যে কোন প্রকারে ) সাধয়ন্ত (সাধন বা উৎপাদন করুক), [কিন্তু] হৈতভাতক্ররণাস্তোজভক্তিশভাসমং ( চৈতভাতক্রের পাদপদ্ম-দেবা দ্বারা যে বিশেষ জ্ঞান, বৈরাগ্য ও ভক্তি লভা হয় তাদুশ অর্থাৎ চৈতন্মচন্দ্রচরণাশ্রিত ভক্তগণের স্থায় স্বায়ং ভগবান শ্রীক্লফের দর্কোৎকৃষ্ট মাধ্র্য্যতত্ত্বজ্ঞান, তংফলে অক্তত বিরাগ এবং উন্নত-উজ্জ্ঞল-ভক্তিরস্) কুতঃ (আর কোথায় ১ অর্থাৎ আর কুত্রাপি লক্ষিত হয় না ) ॥ ১৪ ॥

অনুবাদ। (শাকে) জ্ঞান, বৈরাগ্য, ভক্তি প্রভৃতি যে কোন প্রকারেই উৎপন্ন করুক্ না কেন. চৈতগুচন্দ্রের পাদপাল-দেবা দারা বে বিশেষ জ্ঞান, বৈরাগ্য ও ভক্তি লাভ হয়, সেরূপ আর কোথায় ? জ্বংহি সেরপ আর কুতাপি দেখা যায় না॥ ১৪॥

> হৈতত্যাভক্তের সংসারে গতাগতিমাত্রই লাভ— व्यदेह ज्लासिन् विश्वः यमि देह ज्लाभीश्वतस्। ন ভজেৎ সর্বভোমৃত্যুরুপাস্তাম্যরোত্তমেঃ॥ ৯৫॥

অব্ভ্রহা। ইদং (এই পরিদুখ্যান) অচৈত্যুং (চেতনতা-রহিত অর্থাৎ স্বরূপামুভূতিরহিত বা বিভূচৈতন্ত শ্রীক্লঞে ভক্তিহীন) বিশ্বং (সমগ্র জগৎ) অমরোত্তমৈঃ (শ্রেষ্ঠ দেবতাগণ দারা) উপাশ্তং (উপাস্তা) চৈতন্তং ঈশ্বরং ( চৈতন্ত ঈশ্বরকে অর্থাৎ সর্বানিয়ন্তা চৈতন্তকে ) যদি ন ভজেৎ (ভজনা না করে), [তদা—তাহা হইলে ] সর্বতঃ মৃত্যুঃ ( সর্ব্বপ্রকারে মৃত্যু ) [ ভবতি—লাভ হইয়া থাকে ] ॥ ৯৫ ॥

: আৰু বাদে। এই রুঞ্ভক্তিহীন বহির্মুণ্ড গণ বদি শিব-বিরিঞ্চি প্রভৃতি দেবোত্তমগণেরও উপাস্তা সর্বনিয়ন্তা স্বরং ভগবান্ প্রীকুঞ্চৈতন্তক

ভজনানা করে, তাহা হইলে সর্বপ্রকারে মরণমাত্রই লাভ হইরা থাকে অর্থাৎ তাহারা জন্ম-মরণের বশীভূত হইয়া স্থ-ছঃখাদি কর্মফলভোগই কবিতে পাকে॥ ৯৫॥

> তৈতভাচন্দে অতাল্পভক্তিমান পুরুষও ইন্তাদি দেবগণকে দাসত্বে নিযুক্ত করিতে সমর্থ-

আশা যন্ত্ৰ পদদক্ষে চৈত্ৰস্ত মহাপ্ৰতোঃ। তত্যেকো দাসবদ্ধতি কা কথা নৃপকীটকে॥ ৯৬॥

অব্রয়। চৈত্যন্ত মহাপ্রভা: ( এক্সফটেত্য মহাপ্রভুর ) পদ-ছন্দে (চর্ণযুগলে ) যস্ত আশা ( গাঁহার আশা ), তস্ত ( তাঁহার নিকট ) ইক্রঃ [অপি] দাসবং ভাতি (ইক্রও দাসের ভার প্রকাশিত হন) [অন্যে—অন্য ] নুপকীটকে (ক্ষুদ্র কীটতুল্য নুপতি-সম্বন্ধে) কা কথা ( कि क्यां )। २५॥

অনুবাদ। এটিচতত মহাপ্রভ্র শ্রীচরণযুগলে গাঁহার আশা বর্ত্তমান, তাঁহার নিকট স্থরপতিও দাসের ভাগ প্রতিভাত হন, অভ কুদ্র কীটতুল্য নূপতির কথা কি ? ৯৬॥

্গোরভজন-চিন্তামণির মহাজনগণ নিজভরণপোষণচিন্তাশূল্ঞ— যস্তাশা কৃষ্ণচৈতত্তে লুপদারি কিমর্থিনঃ। চিন্তামণিময়ং প্রাপ্য কো মূঢ়ো রজতং ব্রজেৎ॥ ৯৭॥

অব্হয়। যন্ত অর্থিনঃ (যে যাচকের) ক্লুক্টেডতে আশা [বর্ত্ততে] (প্রীক্ষটেতত্ত্ত-লাভের আশা আছে) [তম্ত-তাহার] নুগদারি (রাজদারে) কিং ( প্রয়োজন কি ? ) চিন্তামণিং প্রাপ্য ( চিন্তামণি লাভ করিরা ) মূঢ়ঃ অরংকঃ (এমন মূচ কে ?) রজতং ব্রজেৎ (রজতের নিমিত্ত গমন करत्) १ २१ ॥

অনুবাদ। যে বাচকের শ্রীক্লুটেত ন্যচরণ-ধনে অভিলাষ রহিয়াছে, রাজদ্বারে তাঁহার প্রয়োজন কি ? চিস্তামণি লাভ করিয়াও রজতের নিমিত্ত (দূর দেশে) গমন করিয়া থাকে, এমন মুর্থ কে আছে ?৯৭॥

জগতে গোরভক্তব্যতীত প্রেমোন্মতপুরুষ আর কেই নাই—

ধ্যায়ত্তো গিরিকন্দরেষু বহবো ব্রহ্মানুভ্য়াসতে যোগাভ্যাসপরাশ্চ সন্তি বহবঃ সিদ্ধা মহীমণ্ডলে। বিজ্ঞানোর্য্যধনাদিভিশ্চ বহবে৷ জল্পতি মিথ্যোদ্ধতাঃ কো বা গৌরকুপাং বিনাম্ম জগতি প্রেমোন্ধদো নৃত্যতি॥

ত্রহা। গিরিকন্দরেষু (পর্বত-গুহায়) বহরঃ (বহু ব্যক্তি) ধ্যায়ন্তঃ (নির্বিশেষ-ব্রহ্মধ্যান করিতে করিতে) ব্রহ্ম অনুভূয় (ব্রহ্মানন্দ অনুভব করিয়া) আসতে ( অবস্থান করিতেছেন ) চ ( এবং ) সহীমগুলে ( প্রথিবীমণ্ডলে ) যোগাভ্যাসপরাঃ ( অষ্টাঙ্গ-যোগাভ্যাসরত ) বহবঃ সিদ্ধাঃ ( অণিমাদি সিদ্ধিলব্ধ বছব্যক্তি ) সন্তি ( বর্ত্তমান আছেন ) বিভাগোর্য্য-ধনাদিভিঃ চ ( এবং বিছা-বল-ধনাদিদ্বারা ) মিথ্যোদ্ধতাঃ ( মিথ্যা বিষয়ে প্রমন্ত ) বংবঃ (বহুব্যক্তি) জল্লব্ডি ( বুথাজল্পনে প্রবৃত্ত আছেন ), [ কিন্তু ] গৌরকপাং বিনা (পৌরক্ষপা ব্যতীত) জগতি (জগতে) কঃ বা (কেই বা) অভ (আজ) প্রেমোন্সদঃ (প্রেমোন্সন্ত) [ সন-হইয়া ] নুত্যতি ( নৃত্য করিতেছেন ) १ ৯৮॥

অনুবাদ। গিরিকন্তরে নির্ভেদ-বন্ধান্তসন্ধান-রত বহু ধ্যান-তৎপর জ্ঞানযোগী প্রশোপল্রি করিয়া অবস্থান করিতেছেন এবং পৃথিবী-মণ্ডলে অষ্টাঙ্গবোগাভ্যামপরায়ণ অণিমাদিসিদ্ধিলন্ধ বহুপুক্ষ বর্তমান আছেন, আঁরও বছব্যক্তি প্রাকৃত বিখ্যা-বল-ধনাদি অসত্য-বিষয়েপ্রমত হইয়া বুথাপ্রজন্মে প্রবৃত আছেন; কিন্তু গৌরহরির রুণা ব্যতীত জগতে আজ কোন ব্যক্তিই বা প্রেমোনাদে নৃত্য করিতেছেন ? ৯৮॥

গৌরভক্ত কাশীবাস-গয়াশ্রাদ্ধাদি তুচ্ছ-অভিলাষশূঞ—

কাশীবাসীনপি ন গণয়ে কিং গরাং মার্গরামো মুক্তিঃ শুক্তীভবতি যদি মে কঃ পরার্থপ্রসঙ্গঃ। ত্রাসাভাসঃ ক্ষুরতি ন মহারোরবেহপি ক ভীতিঃ স্ত্রীপুত্রাদে যদি কৃপরতে দেবদেবঃ স গোরঃ॥ ১১॥

ত্রহা। যদি দেবদেবং (যদি দেবতাগণেরও উপান্ত) সং গৌংই (সেই গৌরস্কলর) কপরতে (ক্রপা করেন), [তদা—তাহা হইলে] কাশীবাসীন্ অপি (কাশীবাসিগণকে অর্থাৎ বাহার। নির্ভেদমুক্তি লাভের জন্ত কাশীবাস অঙ্গাকার করিয়াছেন, তাঁহাদিগকেও) ন গণরে (গণনা করি না), কিং গরাং মার্গয়াম (গরাধামই বা কি নিমিত্ত অরেরণ করিব? অর্থাৎ কলকামী কর্মীর ন্তার পিতৃপুক্ষরের উদ্দেশে পিণ্ডাদি প্রদান করিবার জন্ত গৌরভক্ত গয়া-শ্রানাদির জন্ত ব্যস্ত নহেন) বদি মে মুক্তিং (বদি আমার সম্বন্ধে মুক্তিই) শুক্তী-ভবতি (শুক্তি-তুলা হয়) [তহি—তাহা হইলে] কং পরার্থপ্রসঙ্গং (অন্ত ত্রিবর্ণাদিকলের আর কথা কি!) মহারোরবে অপি (আর মহারোরবেও) [বদি] ত্রাসাভাসং ন ক্রেতি (লেশমাত্রও ভ্র না হয়), [তদা—তাহা হইলে] স্ত্রীপুত্রাদেট (শ্রীপুত্রাদি বিষয়ে) ক ভীতিং (ভ্র কোথায়) ? ১৯ ॥

ত্রাদে। ব্রশনিবাদি দেবতাগণেরও প্রভূ দেই প্রীগোরস্কর যদি ক্রপা করেন, তাহা হইলে কানীবাসীদিগকেও গণনা করি না, গয়াখাম অরেষণই বা কি জন্ম করিব? যদি মুক্তিই আমার নিকট গুক্তিতুল্য প্রতিভাত হয়, তাহা হইলে ধর্মার্থ-কাম এই ত্রিবর্গের কথা আর কি ? আর মহারৌরবেও যদি লেশমাত্র ভয় উপস্থিত না হয়, তাহা হইলে স্ক্রীপুল্রাদি বিষয়েই বা ভীতি কোথায় ? ১১॥

## নবম বিভাগ

# প্রীচৈতগ্যোৎকর্মতা

( 200—202 (新本 )

গৌরহরির রূপ-গুণ-মাধুণ্য-বীর্য্য-উদার্য্য দারা সর্ব্বোৎকর্ষতা-বর্ণন—
মত্তকেশরিকিশোরবিক্রমঃ প্রেমসিন্ধুজগদাপ্লবোদ্যমঃ।
কোহপি দিব্যনবহেমকন্দলীকোমলো জয়তি গৌরচন্দ্রমাঃ॥

আহার। মত্তকশরিকিশোরবিক্রমঃ (মত তরুণ সিংহের স্থায়
প্রভাবশালী অর্থাৎ কলিনিপ্রহে যিনি মত্ত সিংহ্যুবকের স্থায় বিক্রমশালী),
প্রেমসিল্লু-জগদাপ্রবোদ্ধাঃ (প্রেমসিল্লু উদ্বেলিত করিয়া জগৎ প্লাবিত
করিবার জন্ত চেষ্টাযুক্ত), দিব্যনবহেমকন্দলীকোমলঃ (দিব্য—মনোহর,
নবহেমকন্দলীকোমল—নবপ্রাক্তিত হেমকন্দলীর স্থায় স্ক্রোমল) কঃ
অপি গৌরচন্দ্রমাঃ (কোনও অনির্বাচনীয় গৌরচন্দ্র) জয়তি (সর্ব্বোৎকর্ষের
সহিত বিরাজ করিতেছেন)॥ ১০০॥

অনুবাদ। কলিনিগ্রহে মন্ত তরুণ সিংহের ভার প্রভাব-বিশিষ্ট মনোহর নব-প্রেফুটিত-স্থবর্গকলিকা হইতেও স্থকোমল, প্রেম-সিন্ধুকে উদ্বেশিত করিয়া বিশ্বপ্লাবনে চেষ্টাবিশিষ্ট কোন অনির্বাচনীয় প্রিগোরচন্দ্রমা সর্বোৎকর্বের সহিত বিরাজ করিতেছেন॥ ১০০॥

রাধাভাব-ছ্যতি-স্কুবলিত ক্লঞ্চের সোন্দর্য্যাহলাদন-বাৎসল্যোদার্য্য-গান্তীর্য্য-মাধুর্য্যের সর্কোৎকর্মতা—

সৌন্দর্য্যে কামকোটিঃ সকলজনসমাহলাদনে চন্দ্রকোটি-বাৎসল্যে মাভূকোটিস্ত্রিদশবিটপিনাং কোটিরোদার্য্যসারে। গাস্ত্রীর্য্যেহস্তোধিকোটিম ধুরিমণি স্কথাক্ষীরমাধ্বীককোটি-র্গে বিরাদেবঃ স জীয়াৎ প্রণয়রসপদে দর্শিভাশ্চর্য্যকোটিঃ॥ ৮৬ শ্রীশীটেতগুচন্দ্রামৃতম্ [ ৯ম বিভাগ,

অহা। [यः-যিনি] সৌনুর্যো (লাবণ্যে) কামকোটিঃ . (কোটি কন্দর্প অর্থাৎ যাঁহার লাবণারাশি অসংখ্য মদনকেও ধিকার করে) সকলজনসমাহলাদনে ( সর্ব্বজীবের স্থান্নিপ্রতাবিধানে ) চন্দ্রকোটিঃ (কোটি-চন্দ্র অর্থাৎ অগণিত চন্দ্রের স্পিপ্রতাকেও তৃচ্ছ করে ) বাৎসল্যে (স্লেহে) মাতৃকোটিঃ (কোটি মাতা অর্থাৎ অসংখ্য মাতার বংস্পতাকেও ধর্ম্ব করে) ওদার্য্যসারে (বদান্ততার পরকাষ্ঠায়) ত্রিদশবিউপিনাং কোটি: (কোটি কল্পবৃক্ষ অর্থাৎ অগণিত কল্পতক্র বদান্ততাকেও ধিকার করে) গান্তীর্ফো (গন্তীরতায়) অন্তোধিকোটিঃ (কোটিসমূদ্র অর্থাৎ ঘাহার গান্তীর্যা সহস্র সহস্র সমুদ্রের গন্তীরতাকেও পরাভূত করে ) মধুরিমণি (মাধুর্য্য) স্থাক্ষীরমাথবীককোটিঃ (কোটি অমৃতসার, ত্রন্ধার ও মধুদার; 'মাধ্বীক'-শব্দে-মধুজাত স্থরা, এইস্থানে 'স্থা'-শক গারা 'অমরত্ব' ও 'অপূর্ব্ব আস্বাদনত্ব', 'ক্লীর'-শব্দ দ্বারা 'তৃষ্টি' ও 'পুষ্টি' এবং 'মাধ্বীক'-নক দারা 'প্রেমোন্মত্তা' স্থচিত হইরাছে ) প্রাণ্যর্দপদে ( শৃঙ্গার-রসবিষয়ে ) দশিতাশ্চর্য্যকোটিঃ ( যিনি কোটি চম্ৎকারিতা প্রদর্শন করিয়াছেন অর্থাৎ পূর্ব্ব পূর্ব্ব রসকোবিদ-প্রদর্শিত শৃঙ্গার-রসমাধুর্য্য অপেক্ষা শ্রীগোরস্থন্দর-প্রদর্শিত প্রণয়রস কোটিগুণে অধিক চমংকারিতা-বিশিষ্ট ) সঃ দেবঃ পৌরঃ (সেই লীলাময় গোরস্থানর) জীয়াৎ (জয়য়ুক্ত

তাবাদে। বিনি সৌন্দর্য্যে কোটি কন্দর্প, সর্ব্বজীবের স্থান্নিগ্রানে কোটি চন্দ্র, স্বেহে কোটি মাতা, বদান্ততার পরাকাষ্টার কোটি কল্পত্রক, গান্তীর্য্যে কোটি সমুদ্র, মাধুর্য্যে কোটি অমৃতসার, কোটি ছগ্ধসার ও কোটি মধুসার, শৃঙ্গার-রসবিষয়ে কোটি চমৎকারিতা-(রসবৈচিত্রা)-প্রদর্শক, সেই লীলাময় গৌরহরি জয়বুক্ত হউন্॥ ১০১॥

হউন ) ॥ ১০১ ॥

শিব-ব্রহ্মাদিরও বিশ্বরপ্রদ স্বীয় ভক্তব্দের নিকট নিজ্ঞ-শহিমা-প্রদর্শনকারী শ্রীগৌরহরি—

স্বপাদান্তোরিকপ্রণায়লহরীসাণনভূতাং শিবব্রন্ধাদীনামপি চ স্থমহাবিস্ময়ভূতাম্। মহাপ্রেমাবেশাৎ কিমপি নটতামুশ্মদ ইব প্রভূর্গেবিরাজীয়াৎ প্রকটপরমাশ্চর্য্যাহিমা॥ ১০২॥

আইছা স্বাদান্তাকৈ প্রথমনহানীদানন ভূতাং (স্বীয় পাদপন্ধযুগ্লের, একা—দর্শোৎকর্ষিণী, প্রথমনহানী—ভাবতরঙ্গ, হৃদয়ে ভাহা
প্রকট করিবার নিমিত্র যে সাধন সেই সাধনভক্তগণের অর্থাৎ স্বীয়
পাদপন্মযুগলের দর্ব্বোৎকর্ষিণী প্রেমলহানী হৃদয়ে প্রকট করিবার জন্ত যে
সকল সাধনভক্তগণ বিরাজিত, তাহাদের ) শিবব্রন্ধাদীনাম্ অপি চ (শিবব্রন্ধাদিরও) স্থমহাবিস্মন্ত্রাং (নিরতিশয় বিস্মন্ত্রানাকারী) মহাপ্রেমাবেশাৎ (মহাভাবে আবেশ নিবন্ধন) উন্দঃ ইব (উন্নতের ভার)
কিমপি নট্তাং (আশ্চর্মা নৃত্যকারি-ভক্তগণের) প্রকটপর্মাশ্র্যাহিমা
(পর্মাশ্র্যামহিমা বিনি প্রকাশ করিবাছেন, দেই) প্রভুঃ (স্বতম্ব
ক্রিয়র) গোরং (গোরস্কলর) জীরাং (জন্মতুক্ত ইউন্)। ১০২।

ত্মনুবাদে। স্বীয় পাদপর্যুগুলের দর্বোংক্ষিণী প্রেমভক্তিলহরীপ্রাপ্তির উপারস্বরূপ দাধনভক্তিতে অবস্থিত ভক্তগণের এবং
শিব-ব্রহ্মাদিরও অত্যন্ত বিশ্বয়প্রপ্রদানকারী মহাভাবে আবেশ-নিবন্ধন উন্মত্তের ক্যায় চমৎকার নৃত্যশীল ভক্তগণের প্রমাশ্চর্যা-মহিমা যিনি প্রকাশ করিয়াছেন, সেই স্বয়ং ভগবান্ গৌরস্কুন্দর দর্বোৎকর্ষের সহিত্ত বিরাজ কর্মন্ন ১০২॥ অতিবিক্রম, তেজঃ, কান্তি, স্লিগ্ধতা, গতিমাধুর্ণ্য ও ঐশ্বর্ণ্য-প্রদর্শনপর্বাক গোরহরির উৎকর্ষতা বর্ণন—

মাছাৎ কোটিমুগোন্দ্রস্কৃতিরবস্তিগ্যাংশুকোটিছেবিঃ কোটান্দুন্তটণীতলো গতিজিতপ্রোন্মত্তকোটিদিপঃ। নাম্মা তুর্গতকোটিনিক্ষ,তিকরো ব্রহ্মাদিকোটীশ্বরঃ কোট্যদৈতশিরোমণির্বিজয়তে খ্রীশ্রীশচীনন্দনঃ॥ ১০৩॥

ত্মহার। মাছৎ কোটিমুগেক্সছঙ্কৃতিরবঃ (কোটি মন্ত কেশরীর হুকারের স্থার বাঁহার শক্ষ ) তিথাংশুকোটিচ্ছবিঃ (কোটি মুর্ব্য অপেক্ষাও তেজামর অঙ্গকাতিবিশিষ্ট) কোটীলুছটশীতলঃ (কোটি চক্র অপেক্ষাও অধিক স্থশীতল) গতিজিতপ্রোন্যতকোটিদ্বিগঃ (কোটি মতুহন্তীর শ্বতি অপেক্ষাও স্থল্যরগতিবিশিষ্ট) নায়া ('হরেরুঞ্চ' প্রভৃতি মহামন্ত্র অথবা 'শ্রীক্রফটেতন্ত্য', 'বিশ্বন্তর' প্রভৃতি নামের দ্বারা ) ছুর্গতকোটিনিক্যতিকরঃ (কোটি ছুর্দ্দশাগ্রন্তবাক্তির নিস্তারক ) ব্রক্ষাদিকোটীশ্বরঃ (কোটি কোটি ব্রক্ষাদিরও ক্রশ্বর ) কোটাদৈতশিরোমণিঃ (কোটি কোটি অন্বতবাদীদিগের উপাস্থা নির্ব্বিশেষ-ব্রক্ষপ্রেতীতির পরম পরাকান্ত্র পর্যক্রক্ষ অর্থাৎ দ্বনীভূত নরাকার পরব্রক্ষ ) প্রীপ্রীশচীনন্দন (প্রীশ্রীশচীনন্দন ) বিজয়তে (সর্ব্বোৎকর্ষের সহিত বিরাজ করুন ) ॥ ১০০॥

ত্রনাদে। কোটি মতকেশরীর হন্ধারের তার গন্তীর সরবৃক্ত, কোটি ত্র্যা অপেক্ষাও তেজামের কান্তিধারী, কোটি চন্দ্র অপেক্ষাও অধিক স্থাতিল, কোটি মত্তগজেন্দ্র-গমন অপেকা স্থানর গতিবিশিষ্ট, 'হরেরুক্ষ'-প্রভৃতি নাম-সন্ধীর্ত্তন দারা কোটি ছর্দ্দশাগ্রস্ত ব্যক্তির নিস্তারক, কোটি ব্রহ্মাদিরও ঈশ্বর, কোটি অবৈত্বাদিগণের উপাস্থা, নির্বিশেষ-ব্রন্ধের প্রম প্রাকাষ্ঠা প্রম ব্রহ্মস্থাক স্থাৎ অন্বয়ঞ্জানের পূর্ণপ্রতীতি-স্বর্গ প্রীশ্রীশ্রীনন্দন বিশেষরপে জয়যুক্ত স্টেন ॥২০০॥ হৃদয়ের অন্ধকার-নাশক নিগৃঢ় প্রেম-রদাস্বাদনমার্গ-প্রকাশক গৌরপ্রদীপ—

যো মার্গো দূরশুল্যো বত ইহ বলবৎকণ্টকো যোতিসুর্গো নিথ্যার্থক্রামকো যঃ সপদি রসময়ানন্দনিঃস্থান্দকো যঃ। সভঃ প্রভোতরংস্তং প্রকটিতমহিমা স্লেহবান্ হালা হায়াঃ কোহপ্যন্তধ্ব ভিহন্তা স জয়তি নবদীপদীপ্যৎপ্রদীপঃ॥১০৪॥

ত্রহা । ইহ (এই জগতে) বাং দ্রশৃন্তঃ (বাহা 'দ্র' অর্থাৎ
প্রাক্তব্দির অগোচর ও শৃত্ত অর্থাৎ কর্মাদি চেষ্টার ভাষা প্রাক্তব স্থলভাবরহিত) [ যো বা— অথবা যাহা ] বত (থেদে) বলবংকণ্টকঃ (গুৰুজ্ঞান
ও দিত্য-নৈমিত্তিক কর্মাগ্রহন্তপ কণ্টকে অবক্ষ) [ অতঃ—অতএব ]
যা অতিত্র্গঃ (বাহা ত্রপ্রবেশনীর, চর্গম) যা মিথাগ্রহামকঃ (মিথাগ্রঅসত্যবিষয়, তাহাতে সত্যত্বরূপে জ্ঞানোৎপাদক অর্থাৎ বাহা মিছাভক্তি
বা ছলভক্তি প্রভৃতিকেই "ভক্তি" বলিয়া স্থরিগণেরও ভ্রমোৎপাদন
করে) যা সপদি রসময়ান্দ-নিঃভাদকঃ (যাহা আগু প্রেমানন্দরদপ্রবাহক) মার্গঃ (পন্থা) তং (সেই পন্থাকে) সভঃ (তৎক্ষণাং)
প্রভাতরন্ (প্রকৃষ্টরূপে উদ্দাপ্ত করিয়া) হৃদ্গুহায়াঃ (হৃদয়গুহার)
অন্তর্থবান্তহন্তা (অক্সানান্দকারনাশ্রক) সেহবান্ (স্নেহপূর্ণ, দীপ পক্ষে—
'ক্লেং' শব্দে তৈল) নবদীপদীপ্যৎপ্রদীপঃ (নবদীপে দীপামান্ প্রদীপন্বরূপ)
কোহিপি (কোনও এক অনির্বাচনীয় প্রুষ) সঃ জয়তি (জয়য়ুক্ত
ভটন)॥২০৪॥

ক্রাদে। যে ভক্তিনার্গ প্রাক্তবৃদ্ধির অর্গোচর এবং কর্মান নির ন্তায় বাহাড়ধরশূন্ত, হায়! বাহা শুক্জান ও কর্মাগ্রহরপ কণ্টকে অবরুদ্ধ স্ক্তরাং অতিশয় গুর্গম, যাহা মিথ্যাবিষয়ে সত্যত্তরূপে অমোৎ-পাদক এবং আন্তপ্রেমানন্দরস্প্রবাহক, সেই ভক্তিমার্গকে যিনি সন্ত উদ্দীপ্ত করিয়া চিত্তগুহার অন্তঃস্থলীয় অজ্ঞানান্ধকার বিনাশ করেন এবং বিনি ভক্তিমহিমা-প্রকটকারী, সেই স্নেহ-পূর্ণ নবদ্বীপ-প্রাদীপ এক অনির্বাচনীয় পুরুষ জয়য়ুক্ত হউন্॥ ১০৪॥

নবদীপ-প্রদাপ নিত্য জাজন্যমান—
দূরাদেব দহন্ কুভর্কশলভান্ কোটীন্দুসংশীতলো
জ্যোতিঃ কন্দলসন্মসন্মধুরিমা বাহ্যান্তরধ্বান্তহ্বৎ।
সম্মেহাশয়বর্তিদিব্যবিসরত্তেজাঃ স্থবর্ণজ্যুতিঃ
কারুণ্যাদিহ জাজলীতি স নবদ্বাপপ্রদীপোহভুতঃ॥ ১০৫॥

ত্যব্রহা। কুতর্কশলভান্ (কুতর্করণ পতঙ্গদকলকে) দ্রাং এব (দ্র ইইতেই) দহন্ (দগ্ধ করিতে করিতে) কোটীন্দুসংশীতলঃ (কোটিচন্দ্র অপেক্ষাও স্থাতিল) জ্যোতিঃকন্দলস্ম (জ্যোতিঃপুঞ্জের আবাসস্থল) সং-মধুরিমা (দং—উৎক্লই, মধুরিমা—মাধুর্য অর্থাৎ অতিশ্ব মধুর) বাহাাস্তর্ধবাস্তর্থ (বাহা ও অভান্তরের অন্ধকার-নাশক) সম্বেহাশয়বর্তি-দিব্যবিদরত্তেলাঃ (সম্বেহ—স্নেহের সহিত বর্ত্তমান—অপরপক্ষে আধার, তাহাই বর্ত্তি—শলাকা, তাহা হইতে 'দিব্যবিদরত্তেলাঃ' দিব্য — স্থান্দররূপে, 'বিসরং' নির্গত হইতেছে তেজঃ বাঁচার তিনি, অর্থাৎ স্নেহতৈলের সহিত বর্ত্তমান অন্তঃকরণরূপ বর্ত্তিকা দারা প্রজ্জালিত হইরা বাঁহার তেজ নির্গত হইতেছে ) স্বর্ণকাতিলে (স্বর্ণকান্তিবিশিষ্ট) অন্ত্তঃ (অপ্রাক্ত) সং নবদীপপ্রদীপঃ (সেই নবদীপ-প্রদীপ) কারণ্যাৎ (কর্ণাবশতঃ) ইহ (এই প্রপঞ্চে) জাজ্বনীতি (দেদীপ্যমান আছেন)॥ ১০৫॥

তাব্যাদ। বে অপ্রাক্ত-প্রদীপ দূর হইতেই কৃতর্করপ পতঙ্গ-সমূহকে দগ্ধ করিতেছেন, যাহা কোটি চক্র অপেক্ষাও স্থশীতল ও জ্যোতিঃ-পুঞ্জের আবাসস্থল, অতিশয় স্থিম, বাহাভান্তরের অন্ধকার-নাশক, স্থের্ক্ত অন্তঃকরণরূপ বর্ত্তিক। হইতে বাহার দিব্যতেজে। বিনির্গত হইতেছে এবং বাহার কান্তি স্বর্ণের স্থান, সেই নবদীপ-প্রদীপ (গৌরস্থানর) রূপাপূর্বেক এই প্রপঞ্চে দীপ্তি পাইতেছেন॥ ১০৫॥

বিভাবাদি সান্ধিকভাব-শোভিত গৌরহরি—
চীৎকারেদ শদিল্ম খং মুখরয়য়উট্টহাসচ্ছটাবীচীভিঃ ক্ষুটকুন্দকৈরবগণপ্রোদ্ধাসি কুর্ব্বল্পভঃ।
সর্বান্ধং পবনোচ্চলচ্চলদলপ্রায়প্রকম্পং দধমাত্তঃ প্রেমরসোন্ধাপ্প ভগভিগৌরে। হরিঃ শোভতে ॥১০৬॥

ক্রান্থ চীংকারৈঃ (চীংকার বারা—হর্ষবিষাদ জন্ম অত্যন্ত উৎকর্মার সহিত উচ্চারিত শব্দবারা) দশদিল্ব্যুণ (দশদিক্) মুণররন্ (মুথারত—প্রতিধ্বনিত করিতে করিতে) অটুট্হাসচ্ছটাবীচীভিঃ (অটু-হাস্থের কান্তিলহরী দারা) নভঃ (গগনমণ্ডলকে) স্টুকুন্দকৈরবগণ-প্রোন্থানি কুর্বন্ (প্রস্কুটিত কুন্দ ও কুমুদ পূপা দারা পরম উজ্জল করিতে করিতে) প্রনোচ্ডলচলদলপ্রায় প্রকাশং (প্রনোচ্চল—বায়ু দারা চালিত, চলদল—অখণবৃক্ষ, তৎপ্রায়—তাহার ন্যায়, প্রকাশং—প্রকাশিত) সর্বাঙ্গং (স্বমান্থ হর্ষগর্ব, তল্বারা আগ্লুতগতি—বিবিধ গতির মধ্যে উল্লন্দন বা উদ্বন্ধ নৃত্যরাপ গতিবিশেষ অর্থাৎ প্রেমর্যোন্থ-হর্ষগর্বাদে মন্ত হইয়া উদ্বন্ধ নৃত্যনাল) মন্তঃ গোরঃ হরিঃ শোভতে (মন্ত গোরহরি সর্ব্বোৎকর্মে বিরাজ করিতেছেন) ॥ ১০৬॥

ক্রাদে। হর্ষবিষাদে অত্যন্ত উৎকৃত্তিত হইয়া, উচ্চ শব্দে
দশদিক্ প্রতিধ্বনিত করিতে করিতে, অট্-অট্-হাস্তচ্ছটালহরী দারা
বিক্সিত কুন্দ ও কুমুদ-কুস্তুমের ভার গগনমগুল পরম উজ্জ্বল করিতে
করিতে, বার্চালিত চঞ্চল অশ্বথতকর ভার প্রকৃপ্সিত অসসমূহ ধারণ-

ঐ ঐীচৈত গুচন্দ্ৰায়তম্ [ ৯ম বিভাগ,

পূর্বক প্রেমরদোথ হর্ষার্বাদিমদে উদ্ধন্ত নূতাশীল মত গৌরহরি দর্বোৎ-কর্বের সহিত বিরাজ করিতেছেন ॥ ১০৬॥

৯২

শচীগর্ড সিন্ধ্যাঝে উদিত নিষ্কলন্ধ, প্রেমায়ত-বর্ষণকারী গৌরচন্দ্র—
নির্দ্ধোষশচারু নৃত্যোবিধুত মলিনতা বক্রতাবঃ কদাচিনিঃশেষপ্রাণিতাপত্রয়হরণমহাপ্রেমপীয় ববর্ষী।
উদ্ভূতঃ কোহপি ভাগ্যোদয়রু চিরশচীগর্ভিত্ত কোহপি ভাগ্যোদয়রু চিরশচীগর্ভিত্ত গৌরাস্কচক্রঃ॥

ত্যন্ত্রহা। নির্দেষিঃ (নির্দেষ—কলন্ধরহিত অথবা 'নির' নাই দোষা রাত্রির বা অন্ধকারের অপেকা বাঁহার, তিনি—সদা প্রকাশমান ) চারু-মৃত্যঃ (মনোহর নৃত্যশীল) বিধুত্মলিনতা বক্রভাবঃ (মলিনতা ও বক্রভাবশৃত্য) নিঃশেষ-প্রাণিতাপত্রয়হরণমহাপ্রেমপীযুষবর্ষী (সর্বাজীবের তাপত্রয় দূর করিবার নিমিত্ত প্রেম-পীযুষবর্ষণকারী ) ভক্তানাং হচ্চকোরস্বাদিত-পদরুতিঃ (ভক্তদিগের চিত্তচকোর, তলারা আস্বাদিত পদ—কিরণ, কচি—মাধুরী, অর্থাৎ ভক্তগণের চিত্তচকোর বাঁহার কিরণমাধুর্যা আস্বাদন করে ) কোহপি গোরাস্কচন্ত্রঃ (কোন অনির্বাচনীয় পুরুষ শ্রীগোরচন্ত্র) ভাগ্যোদ্য-কচিরশ্বীগর্ত্থামুরাশেঃ (ভাগোদ্য—ভাগ্যের উদ্যু, কচির—পর্ম-স্থান্ধী, শচীদেবীর গর্ত্ত্রপ স্থীরসমুদ্র হইতে ) উভ্তঃ (উদিত ) [সন্—

ক্রক্রাদে। নিজলঙ্ক সদোদিত, মনোহর নৃত্যশীল, মলিনতা গুবক্রভাবশৃন্ত, সর্বাজীবের তাপত্রয় দ্রীকরণার্থ প্রেম-পীযুষবর্ষণকারী, ভক্ত-গণের চিত্তচকোরস্থাদিত-কিরণ-মাধুরী (অর্থাৎ ভক্তগণের চিত্তচকোর বাহার কিরণমাধুর্য আস্বাদন করেন) কোন অনির্বাচনীয় শ্রীগোরচক্র ভাগ্যবতী ও পরমা স্বন্দরী শ্রীশচীদেবীর গর্ভরূপ ক্রীরান্ধি হইতে উদিত

হইয়া ] ভাতি ( দীপ্তিলাভ করিতেছেন ) ॥ ১০৭ ॥

#### স্থদীর্ঘ বিপ্রালম্ভরদে বিহবলা শ্রীমতী রাধিকার ভাবে নিমগ্ন শ্রীগোরহরি—

দিঞ্চন্ দিঞ্ময়নপয় সা পাণ্ডুগণ্ডস্থনান্তং মুঞ্চন্ মুঞ্চন্ প্রতিমুহুর হো দীর্ঘনিঃশ্বাসজাতম। উচ্চৈঃ ক্রন্দন্ করুণকরুণোদ্গীর্ণহাহেতি রাবো গোরঃ কোহপি ব্রজবিরহিণীভাবমগ্রন্চকাস্তি॥ ১০৮॥

ক্রান্থনির মহাভাবামৃত-জলধিমগ্ন হইরা) নরনপ্রসা ( অঞ্চধারার )
পাঙ্গগুস্থলান্তং (পাঙ্বর্ণ গগুস্থলের প্রান্তলাগকে) সিঞ্চন্ সিঞ্চন্
(পুনঃ পুনঃ সেচন করিতে করিতে ) অহা ! (আহা !) দীর্ঘনিঃখাসজাতং
(দীর্ঘনিখাসসমূহ) প্রতিমূহ্ণ (প্রতিক্ষণে) মুঞ্চন্ মুঞ্চন্ (বারম্বার
পরিত্যাগ করিতে করিতে) উচ্চৈঃ ক্রন্দন্ (উচ্চক্রন্দন্ করিয়া) করুণ-কর্মণোলগীর্ণহাহেতি রাবঃ (যিনি অতি কর্মণ-রসস্চক 'হা' 'হা' এই শব্দ উচ্চারণ করিতেছেন) কঃ অপি গৌরঃ (কোন এক অনির্বাচনীর পুরুষ
শ্রীগোরস্ক্রনর) চকান্তি (নিজভাব প্রকাশ-পূর্ব্বক সর্ব্বোৎকর্মের সহিত্

তাৰামূত-জলধিতে মগ্ন হইনা নরনজলে পাঙুবর্গ শ্রীমতী রাধিকার মহাভাবামূত-জলধিতে মগ্ন হইনা নরনজলে পাঙুবর্গ কপোলদেশের প্রান্তভাগকে পুনঃ পুনঃ সিঞ্চন করিতেছেন, অহো!) বিনি মূভ্মূ্ছঃ
দীর্ঘনিঃশ্বাদ পরিত্যাগ-পূর্ব্বক উচ্চৈঃশ্বরে ক্রন্দন করিতে করিতে, অতি
করণ রদস্চক 'হা' 'হা' এই শব্দ উচ্চারণ করিতেছেন, এতাদৃশ কোন
এক অনির্বাচনীর পুরুষ শ্রীগৌরস্থন্দর নিজভাব প্রকাশ-পূর্ব্বক সর্ব্বোৎকর্ষের
সহিত বিরাজ করিতেছেন॥ ১০৮॥

্রাধামাধব-মিলিত-তন্ত্র শ্রীগৌরহরি—

विजवर्गः किमिश महत्वाजीर्गरमावर्गातः দিব্যাকারং কিমপি কলয়ন দুপ্তগোপালবালঃ। आविष्कृर्वन् किं प्रिनिम्द्रतः उद्यमान्तर्यानीनाः সাক্ষাদ্রাধামধুরিপুবপুর্ভাতি গৌরাঙ্গচন্দ্রঃ॥ ১০৯॥

অব্যক্ত । দহনোজীর্ণদৌরর্ণদারং ( অগ্নি হইতে উথিত তপ্ত স্কুবর্ণ-সারের স্থায়) কিং অপি বর্ণং ( অনির্ব্বচনীয় বর্ণ ) বিভং ( ধারণ করিয়া ) দুপ্তগোপালবালঃ [ সন্ ] ( দুপ্ত—উদ্দীপ্ত অর্থাৎ প্রকাশিত, গোপাল-বাল-বালগোপালনীলা, অর্থাৎ বালগোপাললীলা প্রকাশ করিয়া) কিং অপি দিব্যাকারং (অনির্বাচনীয় চিনাঃবিগ্রহ) কলয়ন্ (ধারণ করিয়া ) ক্রচিৎ অবসরে ( কোন সময়ে ) তত্ত্বাশ্চর্যালীলাং ( সেই সেই অতিশয় চমৎকারিণী লীলা ) আবিদ্ধান (প্রকাশ করিয়া ) সাক্ষাদ্রাধা-মধুরিপুরপুঃ ( সাক্ষাৎ রাধানাধব-মিলিত-তত্ব) গৌর।ক্ষচক্রঃ ( শ্রীগৌর-স্থানর) ভাতি (প্রমশোভার শোভিত হইতেছেন) ি শ্রীল স্বরূপ-গোস্বামীও বলিয়াছেন,—রাধারুঞের প্রণয়-বিকৃতিরূপ হলাদিনীশক্তিক্রমে রাধাকুল স্বরূপতঃ একাত্মক হইয়াও বিলাসতত্ত্বে নিতাপ্প্রযুক্ত রাধারুক্ত নিত্যরূপে স্বরূপদ্যে বিরাজমান। সেই ছই তত্ত্ব সম্প্রতি একস্বরূপে চৈতন্ত তত্ত্বরূপে প্রকট। ]॥ ১০১॥

অনুবাদ। দহনোত্তীর্ণ-তপ্তকাঞ্চনদারের ভাষ কোনও এক অনির্ব্ধচনীয় বর্ণ ধারণ-পূর্ব্ধক বালগোপাললীলাপ্রকাশ, কথনও বা কোন এক অনির্ব্বচনীয় চিনায়বিগ্রহে অতিশয় চমৎকারিণী কৈশোরলীলা আবিষ্কার-পূর্ব্বক সাক্ষাং রাধামাধব-মিলিত-তত্ত্ প্রীগৌরস্থন্দর দীপ্তি পাইতেছেন ॥ ১০৯॥

## দশম বিভাগ

#### অবতার-মহিমা

( >> ~ > > ( ) ( ) ( )

বজুতুল্য কঠিন হান্যকেও দ্রবকারী ক্লঞ্চনামের সহিত অবতীর্ণ গৌরাবতারের মহিমা—

পরীতানাং পাপৈরপি পুরুভিরেষাং তনুভূতাম্ । অহে৷ বজ্রপ্রায়ং হৃদপি নবনীতায়িতমভূ-

অকস্মাদেবাবির্ভবতি ভগবন্ধামলহরী

ছ্লং লোকে যাম্মনভরতি সংগারেশ মম গতিঃ॥ ১১০॥

অন্তব্য। নৃণাং লোকে (মনুষ্যলোকে অর্থাৎ প্রথঞ্চে) যন্মিন্

অবতরতি [ সতি ] ( যিনি অবতীর্ণ হইলে ) অহা ! পুরুভিঃ পাপৈঃ ( স্থাহৎ পাপপুঞ্জ দারা ) পরীতানাং ( পরিবৃত ) এষাং তত্ত্তাং অপি ( এই সকল দেহধারিগণের সম্বন্ধেও ) ভগবন্নামলহরী ( শ্রীক্ষের নাম-তরঙ্গ অর্থাৎ "হরেক্ষ্ণ" "হরেক্ষ্ণ" ইত্যাদি শ্রীনাম-পরিপাটী ) অকম্মাৎ এব ( সহসাই ) আবির্ভবতি ( প্রকাশিত হইয়াছেন ), বজ্পায়ং হ্

অপি (কর্মজ্ঞানাদি অথবা নানাপ্রকার অনর্থ দারা বজের স্থায় কঠিন দ্বন্যও) নবনীতায়িতং অভূৎ (নবনীতের স্থায় স্নেহে কোমল ও জ্বীভূত হইয়াছে), সং গৌরঃ (সেই গৌরস্কুন্দর) মম গ্তিঃ [ভবতু ]

( আমার গতি হউন্ ) ॥ ১১० ॥

আৰুবাদে। মনুব্যলোকে বিনি অবতীর্ণ হইলে, অহো! স্থুমহৎ পাপপুঞ্জে পরিবৃত পেহধারিগণের সম্বন্ধেও শ্রীকৃষ্ণনাম-তর্ম্ব অক্সাৎ প্রকাশিত হইরাছেন এবং অপ্রাধ-কঠিন অশাদার হৃদয়ও নবনীতের স্থায়

প্রকাশত হংগাছেন এবং অপরাধ-কাঠন অন্যবার হানুগুত্ত ন্যনাতের জা ক্লেহে দ্রবীভূত হইগাছে, সেই গৌরস্কলরই আমার একমাত্র গতি হউন্॥ গৌরাবভারে সাধনমাত্র-রহিত নিষিদ্ধাচাররত ব্যক্তিগণেরও প্রেমানন-প্রাপ্তি-

ন যোগো ন ধ্যানং ন চ জপতপস্ত্যাগনিয়না ন বেদা নাচারঃ ক ঝু বত নিষিদ্ধাত্যুপরতিঃ। अक्षारिक उत्ग्रहत जर्ज ज्या ना तक परा পুমর্থানাং মোলিং পরমিহ মুদা লুগুডি জনঃ॥ ১১১॥

আহ্বত্র। অককাৎ দ্যাসারহদ্যে চৈত্তে ইহ অবতরতি সিতি ্ অকস্মাৎ ইহ-জগতে প্রমদ্যালু এীচৈতগ্যদের অবতীর্ণ হইলে ) [ বশু--খাঁছার বি ন বাগিঃ ন ব্যানং ন চ জপতপস্ত্যাগনিয়মাঃ বিস্তি ] ( বোগ, ধ্যান, জপ, তপ, ত্যাগ ও নিয়ম কিছুই নাই) ন বেদাঃ ন আচারঃ (বেদাধায়ন ও সদাচারও নাই) নিষিদ্ধাচ্যপরতিঃ বত ক রু (হায়! নিষিদ্ধাদি কম্মে নিবৃত্তিই বা কোথায় ৷ অর্থাৎ বাঁহার পাপকর্মে নিবৃত্তি ও নাই) [তাদৃশঃ] জনঃ (তাদৃশ ব্যক্তি) পুমর্থানাং মৌলিং পরং ( পুরুষাগ-্শিরোমণি উৎক্ষপ্রপ্রেম) মুদা (স্কষ্টিচিত্তে) লুগ্ঠতি (লুগুন করিতেছেন) ॥১১১॥

অনুবাদ। প্রমদ্যালু প্রীচৈতন্তদেব ইহ-জগতে অকক্ষাৎ অবতীর্ণ হইলে থাঁহার যোগ, ধ্যান, জপ, তপ, ত্যাগ, নিয়ম, বেদাধ্যয়ন, সদাচার এই সকল কিছুই ছিল না, হায় ! এমন কি, বাঁহার পাঁপাদি কর্মে নিবৃত্তিও নাই, সেইরূপ ব্যক্তিও পর্ম হর্ষে পুরুষার্থ-শিরোমণি পরমপ্রেম লুগ্ঠন করিতেছেন। ১১১॥

কর্মজড়-স্মার্ত্ত ও যোগীদিগের কঠিন চিত্তকেও দ্রবকারী গৌরাবতারের মহিমা—

্মহাকৰ্মস্থোতে। নিপতিতমপি স্থৈয্যয়তে 🌃 মহাপাষাণেভ্যোহপ্যতিকঠিনমেতি জ্বদশাম্। নটভ্যুৰ্দ্ধং নিঃসাধনমপি মহাযোগমনসাং ভুবি এীটেতগ্যেহবতরতি মনশ্চিত্রবিভবে॥ ১১২॥

আহ্ব। চিত্রবিভবে (চিত্র—আশ্চর্যা, বিভব—সামর্থ্য গাঁহার, ভাবে সপ্তমী; আশ্চর্য্যবিভবযুক্ত ) শ্রীচৈতন্মে ভুবি অবতরতি [ সতি ] ( শ্রীচৈতত্তদের ভূমণ্ডলে অবতীর্ণ হইলে ) [ কর্মিণাং—কর্মিকুলের ] মনঃ (মন) মহাকর্মস্রোতোনিপতিতং অপি (মহাকর্মরূপ প্রবাহে নিপতিত থাকিলেও) স্থৈয়াং অয়তে (গোরস্কলরের প্রেম লাভ করিয়া স্থিরতাপ্রাপ্ত হইতেছে ) [ এবং ] মহাপাষাণেভ্যঃ অতি কঠিনং অগি (মহাপাষাণ হইতেও অতিশয় কঠিন হইলেও) [মনঃ] দ্রবদশাং এতি (মন ভক্তিরস দ্বারা দ্রবতাপ্রাপ্ত হইতেছে), মহাযোগ্যমনসাং অপি (মহা-যোগাদিলাধনে মন অর্থাৎ চিত্তবৃত্তি যাঁহাদের, তাঁহাদিগেরও) [ মনঃ--মন ] নিঃসাধনং (যোগাদি হইতে বিরত হইয়া) উদ্ধং নটতি (উদ্দি নৃত্য করিতেছে অর্থাৎ যোগাদি অক্ষএসাধন পরিত্যাগ করিয়া অধোক্ষজ চিৰিলাসরাজ্যে প্রেমানন্দাস্থাদন করিতেছে)॥ ১১২॥

অনুবাদ। আশ্চর্যাবিভবশালী প্রীচৈত্তাদের ভূমগুলে অবতীর্ণ হইনে, ক্ষিকুনের মন মহাক্র্য-প্রবাহে নিপ্তিত থাকিলেও, প্রেম্লাভ করিয়া স্থৈগ্রপ্তাপ্ত হইতেছে এবং মহাপাষাণ হইতেও অতিশয় কঠিন মনও ভক্তি-রসে দ্রবতা প্রাপ্ত হইতেছে। মহাযোগাদি-সাধনে চিত্তবৃত্তি-বিশিষ্ট ব্যক্তিগণেরও মন যোগাদি ( অক্ষজ )-সাধন হইতে বিরত হইয়া উদ্ধে নৃত্য করিতেছে অর্থাৎ অধোক্ষজ চিদ্বিলাদ-রাজ্যে প্রেমাস্থাদন করিতেছে॥ ১১২॥

গোরাবতারে বিষয়ী, কর্মী, জ্ঞানী ও যোগীদিগের নিজ-নিজ-ধর্ম পরিত্যাগ-পূর্ব্বক প্রেমরসোন্মন্ততা—

ন্ত্রীপুত্রাদিকথাং জহুর্বিষয়িণঃ শান্তপ্রবাদং বুধা যোগীন্দ্রা বিজ্ঞর্য রুশ্লিয়মজক্লেশং তপস্তাপসাঃ। জ্ঞানাভ্যাসবিধিং জহুশ্চ যতয়শৈচতন্মচন্দ্রে পরা-মাৰিফুৰ্ব্বতি ভক্তিযোগপদবীং নৈবান্ত আসীদ্ৰসঃ ॥১১৩॥

আহ্ব। চৈত্রচন্দ্রে পরাং ভক্তিযোগপদনীং আবিষুর্বতি [সতি] ( প্রীচৈত্রচক্র শ্রেষ্ঠা ভক্তিযোগপদবী অর্থাৎ রাগানুগীয় ভঙ্গনমার্গ আবিষ্কার করিলে) বিষয়িণঃ (প্রাক্ত-বিষয়রদে মগ ব্যক্তিগণ) স্ত্রীপুলাদিকথাং (স্ত্রীপুলাদির ভরণপোষণসম্বন্ধিনী গ্রাম্যকথা) জহঃ (ত্যাগ করিয়াছিলেন) বুধাঃ (পণ্ডিতগণ অর্থাৎ দার্শনিক, আলম্বারিক, নৈয়ায়িক প্রভৃতি ব্যক্তিগণ) শাস্ত্রপ্রবাদং (শাস্ত্রসম্বন্ধী বাদ-বিসম্বাদ) িজ্হঃ—পরিত্যাগ করিয়াছিলেন], যোগীক্রাঃ (যোগিশ্রেষ্ঠগণ) মকরিয়মজং ক্লেশং ( মরুৎ--পবন, নিয়ন--বশীকরণ, তজ্জন্ত ক্লেশ অর্থাৎ প্রাণায়াম-কুন্তকাদি দারা শাসপ্রশাসাদি প্রাণ-বায়ু নিরোধজন্ত সাধন-ক্লেশ) বিজ্ঞ (বিশেষরূপে ত্যাগ করিয়াছিলেন) তাপসাঃ (ত্তপস্থিগণ) তপঃ (তপস্তা) [জহঃ—ত্যাগ করিরাছিলেন], যতরঃ চ যতিগণ্ড অর্থাৎ নির্ভেদজ্ঞানসর্যাসিগণও ) জ্ঞানাভ্যাস্বিধিং (নির্ভেদত্রস্থানুস্কান ) জভঃ (পরিত্যাগ করিয়াছিলেন), তিদা—তথন ী অন্তঃ রুদঃ ন এব আসীৎ (ভক্তিরস ব্যতীত অন্ত কোন রস্ট ছিল না, অর্থাৎ বিষয়িগণের প্রাক্ত-রম, আশস্কারিক, দার্শনিক প্রভৃতি পণ্ডিতগণের প্রাকৃত-শাস্তরস, বোগিগণের পারমান্তারস, নির্ভেদজ্ঞানাত্মরিৎস্কৃগণের নির্বিশেষ-ব্রহ্মর্স—কোনটাই 'অম্ব্যক্তানরসের' নিকট 'রস' বলিয়া বোধ হইল না; কারণ রতিরূপা ভগবৎসম্বন্ধনী প্রবৃত্তি বা স্থায়িভাব, 'নিভাব' 'অনুভাব', 'পাত্তিক' ও 'ব্যভিচারী—এই চতুর্বিধ পামগ্রীর মিলনে বে চমৎকার ভক্তিরস উৎপাদন করে, তাহার নিকট অভান্ত প্রাকৃত বা খণ্ডরুস 'রুম'-পদবাচ্যই হইতে পারে না )॥ ১১০॥

অনুবাদ। ঐতৈতম্ভচন্দ্র পরাভক্তিযোগ-পদবী আবিষ্কার করিলে প্রাক্ত-বিষয়-রসমগ্রাক্তিগণ স্ত্রীপুলাদির কথা পরিত্যাগ করিয়াছিলেন, পণ্ডিতগণ শাস্ত্রসম্বন্ধীয় বাদ-বিসম্বাদ ত্যাগ করিয়াছিলেন, যোগিশ্রেষ্ঠগণ প্রাণবায়ু-নিরোধার্থ সাধন-ক্লেশ সর্বতোভাবে বর্জ্জন করিয়াছিলেন, তথস্থি- গণ তাঁহাদের তপস্থা ত্যাগ করিয়াছিলেন, জ্ঞানসন্যাসিগণ নির্ভেদ-ব্রহ্মান্ত্র সন্ধান পরিত্যাগ করিয়াছিলেন; তথন ভক্তিরস ব্যতীত অন্ত কোন প্রকার 'রস' আর জগতে দুষ্ট হয় নাই॥ ১১৩॥

গৌরাবতারে বেদগুহু উন্নতোজ্জল-রসপ্রচার ও সর্ব্ব-সাধারণের প্রেমপ্রাপ্তি—

অভূদ্ণেহে গেছে ভুমুলহরিসঙ্কীর্ত্তনরবো বভৌ দেহে দেহে বিপুলপুলকাশ্রুব্যতিকরঃ। অপি স্নেহে স্নেহে প্রমমধুরোৎকর্মপদ্বী দ্বীয়স্থান্ধায়াদপি জগতি গৌরেহ্বত্রতি॥ ১১৪॥

ত্মহা। জগতি (জগতে) গোরে অবতরতি [দতি] (গোরস্থানর অবতীর্ণ হইলে) গেহে গেহে (গৃহে গৃহে) তুমুলহরিসঙ্কীর্ত্তনররঃ অভ্ (তুমুল হরিসঙ্কীর্ত্তনের রোল উথিত হইয়াছিল) দেহে দেহে (প্রতি শরীরেই) বিপুলপুলকাশ্রুবাতিকরঃ (বিপুল অর্থাৎ পরিপুষ্ট, রোমাঞ্চ-অশ্রু প্রভৃতি দান্তিকবিকার, ব্যতিকর—সমূহ) বভৌ (শোভা পাইয়াছিল), সেহে সেহে (প্রেম-পরিপাকই স্নেহ; প্রেমভক্তির গাঢ়ত্বের উত্রোভর উৎকর্ষে) আমায়াৎ অণি ('আয়ায়'-শন্দে শ্রুতি বা বেদ, তাহা হইতেও) দবীয়সী (অর্থাৎ স্ক্রেতরা) পরমমধুরোৎকর্ষ-পদবী অণি (পরমা ও মধুরা শ্রেছা পদবীও) [প্রকটাভূতা—প্রকাশিতা হইয়াছে] ॥১১৪॥

তাব্বাদ। প্রীগোরস্থানর জগতে অবতীর্ণ ইইলে গৃহে গৃহে
তুমুল হরিসন্ধীর্ত্তনের রোল উথিত হইরাছে, দেহে দেহে পরিপুঞ্চ পুলকাশ্রকাষ শোভা পাইয়াছে, প্রেমভক্তির গাঢ়ত্বের উত্তরোত্তর উৎকর্ষে শ্রুতির
অগোচর প্রমা মধুরা শ্রেষ্ঠা পদ্বীও প্রকাশিতা ইইরাছে॥ ১১৪॥

প্রেম-রস্বন্ধার ভুবন-প্লাবনকারী চৈতন্তাবতারের মহিমা—
অকস্মাদেবৈতন্তুবনমভিতঃ প্লাবিতমভূৎ
মহাপ্রেমান্ডোধেঃ কিমপি রস্বন্যাভিরখিলম্।

অকস্মাচ্চাদৃষ্টাশ্রুতচর বিকারেরলমভূ-চ্চমৎকারঃ ক্লুস্ফে কনকরুচিরাক্ষেহবতরতি ॥ ১১৫॥

আহ্বা। কনকর্ষচিরাঙ্গে ক্লেঞ্জ্বতরতি [ সতি] (সর্ব্বচিত্তাকর্ধক
শ্বয়ং ভগবান্ শ্রীক্লঞ্চ মনোহর কনককান্তি ধারণ-পূর্ব্বক অবতীর্ণ হইলে )
মহাপ্রেমান্ডোধেং ( মহাপ্রেমবারিধির ) কিমপি রসবন্সাভিং (রসবন্সা দারা)
অথিলং এতৎ ভুবনং ( এই নিথিল-জগৎ ) অভিতঃ (সর্ব্বদিকে ) অকশ্বাৎ
এব প্লাবিতং অভূৎ ( অকশ্বাৎই প্লাবিত হইয়াছিল ), অকশ্বাচ অদৃষ্টাশ্রুত্বিকারৈঃ ( এবং অকশ্বাৎ যাহা পূর্ব্বে দৃষ্ঠ ও শ্রুত হয় নাই
এবস্তুত প্রেমবিকার দারা ) অলং ( অত্যন্ত ) চমৎকারঃ অভূৎ
( চুমৎকৃত হইয়াছিল ) ॥ ১১৫ ॥

তানুবাদে। সর্কাচিত্তাকর্ষক স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ মনোহর কনক-কান্তি ধারণ-পূর্বক অবতীর্ণ হইলে মহাপ্রেমবারিধির রসবন্থায় এই নিথিল-জগৎ অকস্মাৎ সর্বতোভাবে প্লাবিত এবং অদৃষ্টপূর্বর ও অঞ্চত-চর প্রেম-বিকারদারা অহান্ত চমৎকৃত হইয়াছিল॥ ১১৫॥

গোরাবতারে পণ্ডিতাভিমানী কল্মী, তপন্ধীরও প্রেম-প্রাপ্তি—
উদ্গৃহ্লতি সমস্তশাস্ত্রমভিতে। তুর্কারগর্কায়িত।
ধল্মন্দ্রাধ্যমন্চ কর্মাত্রপসাত্যুক্তাবচেষু স্থিতাঃ।
দিত্রাণ্যেব জপন্তি কেচন হরেন মানি বামাশয়াঃ
পূর্কং সংপ্রতি গোরচন্দ্র উদিতে প্রেমাপি সাধারণঃ॥১১৬॥

আহ্ব। হর্নার গর্বারিতাঃ [জনাঃ] (ছর্নিবার গর্বের গর্বানিতার বাক্তিগণ) সমস্তশাস্ত্রং (সমগ্র শাস্ত্র) অভিতঃ (সর্বতোভাবে) উদ্গৃহুন্তি (সংগ্রহ করিতেন অথবা আমরা বহুশাস্ত্র অধ্যরন করিয়াছি, আমাদিগের অপেক্ষা শ্রেষ্ঠ কে ?—এইরূপ অহঙ্কার করিতেন) ধল্লগ্রন্থিরঃ চ (এবং বাহারা নিজ নিজকে কৃতার্থ মনে করিতেন) কর্মতপদাত্রচারচের স্থিতাঃ (স্থৃতিশাস্ত্রোক্ত নিত্য-নৈমিত্রিক কর্ম তথা তপল্থা সাংখ্যযোগাদিমার্গে উচ্চনীচভাবে অবস্থিত) কেচন (কোন কোন ব্যক্তি) দ্বিতাপের (ছইতিনবার মাত্র) হরেঃ নামানি (হরির নামাবলী) জপন্তি (জপ করিতেন), [ত্রাপি তে—ত্রাপি কাঁগারা] বামাশ্রাঃ (কুটিলচিত্ত অর্থাৎ কর্মমার্গেরত) [আসন্—ছিলেন] [এবং] সর্বাং পূর্ব্বেম্ [আসীৎ] (পূর্বের্র এই সকল অবস্থা ছিল) সম্প্রতি (এখন) গৌরচক্রে উদিতে [গতি] (গৌরচক্র অবতীর্গ ইলে) প্রেমাপি সাধারণঃ [অভুৎ] (প্রেমন্ত সাধারণ হইল অর্থাৎ আপামর সর্বাজনে প্রেম্ব প্রাপ্ত

সম্প্রাদে। কোন কোন ব্যক্তি ছর্নিবার গর্বে গর্বিত হইয়া
সমগ্রশাস্ত্র সর্বভোভাবে সংগ্রহ করিতেন, অর্থাৎ 'আমি সর্ব্বশাস্ত্রবিৎ,
আমা অপেকা শ্রেষ্ঠব্যক্তি কেহ নাই'—এইরূপ মনে করিতেন। কেহ কেহ
বা নিজেই নিজকে রুতার্থ মনে করিতেন, সেই সকল রুতার্থল্লন্থ এবং
স্থাতিশাস্ত্রোক্ত নিত্য-নৈমিত্তিক কর্ম, তথা তপস্থা, সাংখ্য-যোগাদিমার্কে
উচ্চনীচভাবে অবস্থিত ব্যক্তিগণের কেহ কেহ ছই তিনবারমাত্র হরির
নামাবলী জপ করিতেন, তথাপি তাঁহাদের চিত্ত কৈতবপূর্ণই ছিল।
পূর্বের অবস্থা এই প্রকার, কিন্তু এখন গৌরচক্র অবতীর্ণ হইলে
'প্রেম'ও সাধারণ হইয়া পড়িল অর্থাৎ আপামর স্ব্বসাধারণেই প্রেম
প্রাপ্ত হইল॥ ১১৬॥

্রারাবতারে বালক, বুদ্ধ, জড়মতি, অন্ধ, বধির প্রভৃতিরও 👑 প্রেম-রদোমন্ততা---

দেবে চৈত্রকামক্তবতরতি স্থরপ্রার্থ্যপাদাজসেবে বিষদ্রাচীঃ প্রবিস্তারয়তি স্থমগ্বপ্রেমপীযুষবীচীঃ। কো বালঃ কশ্চ বৃদ্ধঃ ক ইহ জড়মতিঃ কা বধুঃ কো বরাকঃ সর্ব্বেষামৈকরশ্যং কিমপি হরিপদে ভক্তিভাজাং বভূব॥১১৭॥

আহ্বত্র। স্থরপ্রার্থাপাদাজনৈবে (স্বর্গণ বাঁহার পাদণ্ম-নেবা-বাঞ্ছা করেন, সেই) চৈত্রসনামনি ( চৈত্রসনামধের) দেবে ( লীলাময়-পুরুষ অথবা যিনি রাধিকার ভাবাঙ্গীকার-পূর্ব্বক স্বমাধুর্য্য আস্বাদন করিতে অভিলাষ করেন, ) অবতরতি [ সতি ] ( অবতীর্ণ ইইলে ) বিষদ্রীচীঃ ( বিশ্বব্যাপিনী ) স্থমধুর-প্রেমপীযূষবীচীঃ (অতি স্থমধুর প্রেমপীযূষলহরী ) প্রবিস্তারয়তি [সতি] (প্রকৃষ্টরূপে বিস্তার করিনে কঃ বালঃ কষ্চ বুদ্ধঃ (কি বালক, কি বৃদ্ধ) কঃ জড়মতিঃ কা বধুঃ (কি জড়মতি, কি ু জীলোক) কঃ বরাকঃ (কি শোচনীয় নীচ ব্যক্তি) ইহ (সংসারে) সর্কেষাং ভক্তিভাজাং ( সর্ব্বভক্তিভাজনদিগের ) হরিপদে ( শ্রীহরিচরণে ) কিমপি একরন্তং বভূব ( কি প্রকার অপূর্ব্ব প্রেমর্ম হইয়াছিল অর্থাৎ সকলেরই এীগরি-চরণে এক অপূর্ব অন্বয়জ্ঞান-রস উদিত হইয়াছিল) ॥১১৭॥

অব্বাদ। স্থরণণ গাঁহার পাদপদ্ম-দেবা বাঞ্ছা করেন, সেই লীলাময় পুরুষ শ্রীতৈতন্তদেব প্রপঞ্চে অবতীর্ণ হইয়া বিশ্বব্যাপিনী স্থমধুর প্রেমপীযূষলহরী (সর্ব্বত্র) প্রকৃষ্টরূপে বিস্তার করিলে কি বালক, কি বৃদ্ধ, কি স্ত্রী, কি জড়ুমতি, কি শোচনীয় নীচব্যক্তি—এই সংসারে সকলেরই ভক্তিলাভে যোগ্যতা এবং শ্রীহরির চরণে কোনও এক অপূর্ব্ব চমংকারময় अवश्वकानतम উদিত इरेशां किलं॥ ১১१॥

গৌরাবতারে ব্রন্ধাদি দেবতাগণের ও নিত্যদিদ্ধ ভগবং-পার্ষদ-বর্গের আবিভাব—

সর্কে শঙ্করনারদাদয় ইহায়াতাঃ স্বয়ং শ্রীরপি প্রাপ্তা দেবহলায়ুধোহপি মিলিতো জাতাশ্চ তে র্ফায়ঃ॥ ভূরঃ কিং ব্রজবাসিনোহপি প্রকটা গোপালগোপ্যাদয়ঃ পূর্ণে প্রেমরদেশরেহবতরতি শ্রীগোরচন্দ্রে ভূবি॥১১৮॥

শ্রেমান পূর্ণে প্রেমার সেইরে শ্রীপোরচল্রে (প্রেমারসরিক-শিরোননি স্বাং ভগবান্ গোরচন্ত্র) ভূবি (পৃথিবীতে) অবতরতি [সতি] (অবতীর্ণ হইলে) সর্বে শঙ্করনারদাদয়ঃ (শঙ্কর, নারদাদি সকলেই অক্ষেত, প্রীবাস প্রভৃতি-রূপে) ইহ (এই প্রপঞ্চে) আয়াতাঃ (আগমন করিয়াছিলেন), স্বয়ং প্রীঃ অপি (স্বয়ং লক্ষ্মীও শ্রীলক্ষ্মীপ্রেয়াও বিষ্ণুপ্রিয়া-রূপে) প্রাপ্তা (আবিভূতা হইয়াছিলেন), দেবহলায়ৄয়ঃ অপি (স্বয়ং ভগবান্ হইতে অভিন্ন তদীয় প্রকাশস্বরূপে বলদেবও) মিলিতঃ (নিত্যানন্দস্বরূপে বিরাজ করিতেছিলেন) তে বৃঞ্চয়ন্চ (যাদবগণও শচী, জগনাথমিশ্র প্রভৃতি-রূপে) জাতাঃ (অবতীর্ণ হইয়াছিলেন) কিং ভূয়ঃ (আর অধিক কি বলিব) ব্রজবাসিনঃ গোপালগোণ্যাদয়ঃ অপি (নন্দাদি ব্রজবাসিগণ, রক্তক, চিত্রক প্রভৃতি দাসগণ, স্থবলাদি-প্রমুথ স্বিগণ, ব্রজগোপীগণ এবং 'আদি' শক্ষে যোগ্যামা প্রভৃতি শক্তিগণ সকলেই) প্রকটাঃ (প্রেকটিত হইয়াছিলেন অর্থাৎ কৃঞ্চলীলার নিত্যসিদ্ধ ভক্তগণ সকলেই গৌরলীলায় আবিভূতি হইয়াছিলেন)॥ ১১৮॥

ত্ম ব্রাদে। প্রেমরসর্মিক-শিরোমণি স্বরং ভগবান গৌরচন্দ্র ভূমগুলে অবতীর্ণ হইলে, শঙ্কর, নারদাদি সকলেই (অদ্বৈত, প্রীবাদ প্রভৃতি ভক্তরূপে) আগমন করিয়াছিলেন। স্বরং লক্ষ্মীও (প্রীলক্ষ্মীপ্রেয়া ও শ্রীবিষ্ণুপ্রিয়ারূপে) আবিভূতা হইয়াছিলেন; স্বরং ভগবান্ হইতে অভিন্ন তদীয় প্রকাশস্ক্রপ বলদেব (পাষ্ট্রদল্মবানা নিত্যানন্দ রায়-রূপে ) বিরাজ করিতেছিলেন। যাদবগণও ( শচী, জগন্নাথ প্রভৃতিতে ) প্রকাশিত হইয়াছিলেন, আর অধিক কি বলিব, নন্দাদি ব্রজবাসিগণ, রক্তক, চিত্রক প্রভৃতি দাসগণ, স্থবলাদি-প্রমুথ স্থাসকল এবং গোপী-প্রমুখ শক্তিগণ রুফ্ণীলার নিত্যসিদ্ধ পার্যদ সকলেই গৌরলীলায় অবতীর্ণ হইয়াছিলেন॥ ১১৮॥

> গোরাবতারে নিতাদিদ্ধ পার্ষদবর্গের পর্ব্বাপেক্ষা অধিক প্রেমাননপ্রাপ্তি-

ভূত্যাঃ স্নিগ্ধা অভিস্থমধুরপ্রোজ্বলোদারভাজ-ন্তৎ পাদাক্তদিত্যস্বিধে স্বৰ্ধ এবাবতীৰ্ণাঃ। প্রাপুঃ পূর্ব্বাদিকতর মহাপ্রেমপীযুষলক্ষ্মীং স্বপ্রেমাণং বিতরতি জগত্যস্কৃতং হেমগোরে॥ ১১৯॥

আহ্র। হেমগোরে (তপ্তকাঞ্চনছাতি প্রীগোরস্কন্র) অভূতম্ স্বপ্রেমাণং (অলোলিক স্বীয় প্রেম) জগতি (পৃথিবীতে) বিতরতি সিতি (বিতরণ করিলে) ভূত্যাঃ (দাসগণ) স্মিগ্ধাঃ (স্থিগণ) অতিস্মধুরপ্রোজ্জলোদারভাজঃ ( অতি স্থমধুর—ঐশ্বর্যাজ্ঞানরণিত মাধুর্য্য-ম্যা, প্রোজ্জল—উন্নত-উজ্জ্লন, উদার—মনোহর অর্থাৎ ঐশ্বর্যাজ্ঞানশূন্ত কেবল মাধুর্য্যময় উন্নত-উজ্জ্বল মনোহর রদের দেবিকা প্রেয়দীবর্গও) সর্ব্বে এব (সকলেই) তৎপাদাক্তবিতয়সবিধে (তাঁহার পাদপদ্মযুগল সন্নিধানে ) অবতীর্ণাঃ [সন্তঃ] ( অবতীর্ণ হইয়া ) পূর্ব্বাধিকতরমগপ্রেম-পীযুষলক্ষীং ( কৃঞ্লীলার প্রেম হইতেও অধিকতর মহাভাবরূপ প্রেমামৃত-সম্পত্তি ) প্রাপুঃ ( লাভ করিয়াছেন ) ॥ ১১৯ ॥

অব্বাদ। তপ্তকাঞ্চনছাতি শ্রীগোরস্থলর পৃথিবীতে স্বীয় অলোকিক প্রেম বিতরণ করিলে, দাস, স্থা ও এশ্বর্যাজ্ঞানহীন কেবল

মধুর রসের নিত্যসিদ্ধদেবিকা প্রেয়সীবর্গ,—ইঁহারা সকলেই গৌরপাদপদ্ম সনিধানে অবতীর্ণ হইয়া পূর্বের (কৃষ্ণলীলার) প্রেমাস্বাদন অপেক্ষাও মহাপ্রেমামৃত-সম্পত্তি লাভ করিয়াছেন॥ ১১৯॥

কুবিষয়নিষ্ঠ কঠিনহাদয় বাক্তি ও অজ্ঞজনের প্রেমপ্রাপ্তি বর্ণন-পূর্ব্বক গৌরাবতার-মহিমাসার-বর্ণন-

হসন্ত্যুকৈরুকৈরহহ কুলবধ্বোহপি পরিভো দ্ৰবীভাবং গচ্ছন্ত্যপি কুবিষয়গ্ৰাবঘটিতাঃ। তিরস্কুক্তাক্তা অপি সকল শাস্ত্রজ্ঞসমিতিং ক্ষিতো শ্রীচৈতল্যেহভুতমহিমস্পরেহবতরতি॥ ১২০॥

আহ্র। অদ্ভত মহিমদারে (অতি অলৌকিক পরম মহিমান্বিত) প্রীকৈতত্তে (প্রীকৃষ্ণচৈত্ত্র) কিতে (পৃথিবীতে) অবতরতি [দতি] (অনতীর্ণ হইলে) অহহ (অহো) কুলবংবঃ অপি (কুলবধূগণও) উচ্চৈঃ উচ্চৈঃ হসন্থি ( অতি উচ্চৈঃস্বরে হাস্থা করিতেছে ), কুনিষয়-গ্রাবঘটিতাঃ অপি (কুৎসিৎ বিষয়, গ্রাব—পাষাণ, ঘটিতাঃ—তদ্ধারা নির্ম্মিতহাদয়, অর্থাৎ ভোগপর কুৎসিত বিষয়-শিলাঘটিত কঠিন হৃদয়ও) পরিতঃ ( সর্বাভাবে ) দ্রবীভাবং গচ্ছপ্তি ( দ্রবীভূত চইতেছে ) অজ্ঞাঃ অপি ( অজ্ঞব্যক্তিগণও ) সকলশাস্ত্রজ্ঞসমিতিং ( সকলশাস্ত্রজ্ঞ সমাজকে ) তিরস্কৃকিন্তি ( তিরস্কার করিতেছে ) ॥ ১২০॥

অনুবাদ। অতি অলোকিক প্রম্মহিমারিত প্রীক্লষ্টেচতন্ত পৃথিবীতে অবতীৰ্ হইলে কুলবধ্গণও (লজ্জা পরিত্যাগ-পূর্বক ক্লফ-প্রেমে) অতি উচ্চৈঃস্বরে হাস্ত করিতেছে, ইন্দ্রিয়তর্পণপর কুবিষয়-পাষাণ-নিশ্বিত কঠিনহাদয়ও সর্বতোভাবে দ্রবীভূত হইতেছে, তত্ত্বানহীন অজ্ঞ ব্যক্তিগণও (চৈতগ্রুকপায় তত্তজান লাভ করিয়া) সকল শাস্ত্রজ্ঞ সমাজকেও ধিকার করিতেছে (অর্থাৎ অপরাবিভানিপুণ শাস্ত্রজ্ঞ পণ্ডিতাভিমানীদিগের শাস্ত্রজানে ধিকার প্রদান করিতেছে )॥ ১২০॥

চৈত্যাবতারের পূর্ব্বে সর্বনাধারণের উন্তোজ্জল-রদের অপ্রাপ্তি— প্রায়কৈচতন্ত্রমাসীদপি সকলবিদাং নেহ পূর্ববং যদেষাং খৰ্কা সৰ্কাৰ্থসাৱে২প্যকৃত নহি পদং কুষ্ঠিতা বুদ্ধিরুতিঃ। গদ্ধীরোদারভাবোজ্জলরসমধুরপ্রেমভক্তিপ্রবেশঃ कियाः नाजीपिनानीः जगिं करूगशा (गोत्रहत्स्टेन्डीरर्ग॥

আহ্বত্র। ইং (এই প্রপঞ্চে) পূর্বাং (চৈতন্য আবির্ভাবের পূর্বে ) সকলবিদাং অপি ( সর্বাশস্ত্রবিৎ পণ্ডিতদিগেরও ) প্রায়ঃ চৈতন্তং (চেতনের বৃত্তি ক্লফদেবারূপ চৈত্ত্য) ন আদীৎ (ছিল না) যৎ ( ষেহেতু ) এষাং ( ইহাদের ) ধর্কা কুটিতা [ চ ] ( অল্পা ও সন্দেহপ্রবণা ) বৃদ্ধিবৃত্তিঃ (বৃদ্ধিবৃত্তি) সর্ব্বার্থসারেহপি (সর্বা—সকল, অর্থ--পুরুষার্থের বা চতর্বর্দের সার পঞ্চমপুরুষার্থ ক্লঞপ্রেমেও) পদং (বিষয় অর্থাৎ মতি) ন হি অকৃত (করেন নাই), [কিন্তু] ইদানীং (সম্প্রতি) বেগারচন্দ্রে (চৈতন্তচন্দ্র) করুণয়। ( কুপাপূর্ব্বক ) জগতি ( জগতে ) অবতীর্ণে িসতি বিজ্ঞান হওয়ায় ) কেষাং (কাহাদের) গন্তীরোদার-ভাবোজ্জনরদ-মধুরপ্রেমভক্তিপ্রবেশঃ (গম্ভীর-স্কুর্র্বোধ, উদার-পরম চমৎকারকারী, ভাব-বিভাব ও অতুভাব, উজ্জ্বরস--শৃঙ্গারবস, মধুর-প্রেমভক্তি, তাহাতে প্রনেশ অর্থাৎ স্কুর্ফ্রোধ প্রমচমৎকার বিভাব-অমুভাবাদি সামগ্রী-পুষ্টা উন্নত-উজ্জ্বল-মধুর-রসমন্ধী প্রেমভক্তিতে প্রবেশ) ন আসীৎ ( না হইরাছে ) ॥ ১২১॥

অনুবাদ ৷ চৈত্যাবিভাবের পূর্বে এই প্রপঞ্চে সর্বশাস্ত্রবিৎ পণ্ডিতাভিদানীদিগেরও ক্রঞ্দেবারূপ চেতন-বৃত্তি আচ্ছাদিত প্রায় रहेशां हिल। देशां नर्सिश्कवार्थ-भिरतां मि कृष्ण्या नका करतन नाई,

বেহেতু ইহাদের বৃদ্ধিবৃত্তি অতি সামান্তা ও সন্দেহপ্রবণা। কিন্তু সম্প্রতি গোরচন্দ্র রূপাপূর্বক জগতে উদিত হওয়ায় স্কুর্বেলাধ, প্রমচমৎকার-বিভাব-অনুভাবাদি সামগ্রীপৃষ্ঠা উন্নতোজন মধুররসমন্ত্রী প্রেমভক্তিতে কাহাদেরই বা প্রবেশ না হইয়াছে ! ১২১॥

শ্রীসন্তাগবত-তাৎপর্য ও রাধারস-বিস্তারের নিমিত্ত গৌরাবতার—
শ্রীমন্তাগবতস্তা যত্র পরমং তাৎপর্য্যমুট্টান্ধিতং
শ্রীবৈরাসকিনা তুরন্ধরতয়। রাসপ্রসক্ষেইপি যথ।
যক্তাধারতিকেলি-নাগররসাস্থাদৈক-সন্তাজনং
ভদস্তপ্রথনায় গৌর-লপুষা লোকেইবতীর্নো হরিঃ॥ ১২২॥

ত্যক্সহা। শ্রীবেরাদ্রিকনা অপি ( বৈয়াদ্রিক শ্রীল শুকদেবকর্ত্কও )
যত্র রাদপ্রদক্ষে (রাদলীলা-প্রদক্ষে) শ্রীমন্তাগবতন্ত (প্রীমন্তাগবতের )
বং পরমং তাৎপর্য্যং (শ্রীরাধাক্ষের নিগৃত্ত লীলারদের পরম তাৎপর্য্যং প্রেম ) গুরুল্বতরা (গুরুবগাহ্নতাহেতু অর্থাৎ দেই লীলারদান্তাদি ও তত্ত্ববেদন-পাত্রাভাবনিরন্ধন ) উট্টিক্ষিতং (আভাস্মাত্র দেওর ইয়াছে, বিস্তৃতরূপে বর্ণিত হর নাই ) বং [চ] রাধারতিকেলি-নাগর্রনাম্বাদৈক-সন্থান্তন (শ্রীমতীরাধিকার রতিকেলি-নিকুঞ্জ-ম্বতলীলার, নাগর-প্রমর্বাকি-শিরোমণি শ্রীক্রক, তাঁহার রাদাদি লীলামাধুরী আস্বাদনের একমাত্র সর্ব্বোৎকৃষ্ট পাত্র ) তত্ত্বপ্রথমার (এই ছই বস্তু বিস্তার করিবার নিমিত্ত ) হরিঃ (শ্রীকৃষ্ণ) গোর-বপুষা (গোর কলেবরে) লোকে (ইহ-জগতে) অবতীর্ণ্ড (অবতীর্ণ হইরাছেন) ॥

অশুবাদে। বৈয়াসকি শ্রীল শুকদেবও কেবল শাস্তান্থশীলন দারা প্রাপ্য নতে বলিয়া রাসলীলা-প্রসঙ্গে শ্রীমন্তাগবতের নিগৃত্ তাৎপর্য্য উল্লেখমাত্র করিরাছেন, বিস্তৃতভাবে বর্ণন করেন নাই। সেই শ্রীমন্তাগবতের তাৎপর্য্য এবং নিকুঞ্জ-স্থরত-লীলায় প্রম্রদিক-শিরোমণি শ্রীকৃঞ্জের রাসাদি শীলা-মাধুরী-আস্বাদনের একমাত্র সর্ব্বোৎকৃষ্ট পাত্র—এই হুই বস্তু বিস্তার করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণ ইহলোকে গৌরকলেবরে অবতীর্ণ হইয়াছেন ॥১২২॥

গৌরাবতারে সকলের দাশু-সংগাদি প্রেম-সম্পত্তি ও সর্কোৎরুষ্ট রাধাদাশু-প্রাপ্তি—

কেচিদ্দাশুমবাপুরুদ্ধবমুখাঃ শ্লাঘ্যং পরে লেভিরে শ্রীদামাদিপদং ব্রজাম্বুজদৃশাং ভাবাঞ্চ ভেজুঃ পরে। অল্যে গন্তভ্যা গয়ন্তি স্থধিয়ো রাণাপদাস্তোরুহং শ্রীচৈতন্তমহাপ্রভাঃ করুণয়া লোকস্য কাঃ সম্পদঃ ॥১২ ৩॥

আইছা। প্রীচৈতভাষাপ্রভাগে (প্রীক্ষণ চৈতভানহাপ্রভ্র ) করুণায়। (রুপা দারা অর্থাৎ রুপায় ) লোকস্ত কাঃ সম্পদঃ (লোকের কোন্কোন্সম্পদ) [ন বছুবুং—না হইরাছে ?] উদ্ধরম্থাঃ কেচিৎ দাস্তং অনাপুঃ (উদ্ধরপ্রায় ভক্তদিগের মধ্যে কেহ কেহ রক্তক, পত্রকাদির ভাষ় দাস্তভাব প্রাপ্ত ইরাছেন) পরে (অভ কেহ কেহ ) প্রায়াং প্রীদামাদিপদং লেভিরে (প্রশংসনীয় প্রীদামাদির স্থাপদ লাভ করিয়াছেন), পরে চ ব্রজামুজদৃশাং ভাবান্ (এবং কেই কেহ ব্রজগোপীদিগের ভাব। ভেজুং (প্রাপ্ত ইয়াছেন), জন্তে ধন্তত্রমাঃ স্থাবিয়ঃ (অভ ধন্তত্ব স্বৃদ্ধিমান্ ব্যক্তিগণ) রাধাপদান্তোকহং (শ্রীরাধাপাদপ্রমাধুরী) ধ্রন্তি (আস্বাদন করিতেছেন)।

অৰুবাদে। প্ৰীচৈত্যুগহাপ্ৰভুৱ কুপায় লোকের কোন্ কোন্ সম্পান্ই বা লাভ না হইয়াছে? উদ্ধৱপ্ৰমুখ ভক্তগণের সধ্যে (কুঞ্লীলার উদ্ধৱ-প্ৰমুখ ভক্তগণ সকলেই গৌরলীলায় অবতীর্ণ হইয়া) কেহ কেহ রক্তক, পত্রকাদির ব্রজদাঞ্চভাব প্রাপ্ত হইয়াছেন, কেহ বা প্রশংসনীয় প্রীদামাদির বিশ্রস্ত সংগ্রপদ এবং কেহ কেহ বা ব্রজগোপীদিগের ভাব প্রাপ্ত হইয়াছেন। কিন্তু অপর ধন্ততম স্থ্যুদিমান্ ব্যক্তিগণ রাধাপাদপদ্মাধুরী আস্থাদন করিতেছেন॥ ১২৩॥ মুনিগণ-প্রচারিত মনোধর্মোখ-মতবাদ এবং ভগবৎ-প্রণীত ও প্রচারিত ভক্তিণৰ্ম বা বাস্তব-সত্যে পাৰ্থক্য; গৌর-প্রচারিত প্রেম-ভক্তিই বেদপ্রতিপান্ন প্রমার্থ—

সর্ব্বজৈমু নিপুঙ্গবৈঃ প্রবিততে তত্ত্বয়তে যুক্তিভিঃ পূর্বাং নৈকতরত্র কোহপি স্তদুঢ়ং বিশ্বস্ত আসীজ্জনঃ। সংপ্রত্যপ্রতিমপ্রতাব উদিতে গৌরাঙ্গচন্ত্রে পুনঃ শ্রুত্যর্থো হরিভক্তিরেব পরমঃ কৈবা ন নির্দ্ধার্য্যতে॥ ১২৪॥

অন্তর্ভ্র। সর্কজ্ঞিঃ (সর্কজ্ঞ) মুনিপুঙ্গবৈঃ (মুনিশ্রেষ্ঠগণের দ্বারা) তত্তমতে ( তাঁগানের নিজ-নিজ-মত ) যুক্তিভিঃ (যুক্তিভকঁদারা) প্রবিততে [ সতি ] ( প্রক্ষরপে বিস্তার করিলে ) পূর্বং (পূর্ব্বে ) কঃ জনঃ অপি (কোন ব্যক্তিও) একতরত্ত্ব (একদেশী সিদ্ধান্তে) স্থদূঢ়ং বিশ্বস্তঃ ( স্থুদুঢ় বিশ্বাসী ) ন আগাঁৎ (ছিলেন না), সম্প্রতি (ইদানীং) অপ্রতিম-প্রভাবে গৌরাঙ্গচন্দ্রে (অতুল প্রভাবশালী গ্রীগৌরচন্দ্র) উদিতে ্লিতি ] (উদিত হইলে) পুনঃ (পুনরায়) প্রমঃ শ্রুতার্থঃ (শ্রুতি-সকলের প্রতিপান্ত প্রমার্থ) হরিভক্তিঃ এব (একমাত্র হরিভক্তিই) কৈবা ( কাহাদিগের দ্বারাই বা ) ন নির্দ্ধার্যতে ( নির্দ্ধারিত হয় নাই ? ) িঅর্থাৎ মুনিগণের মনোধর্ম্মথ পরস্পার বিবদমান মতবাদ-সমূহ হৈতৃক-তর্কাদি দারা স্থাপিত হইলেও তাহারা নিজেরাই নিজ-নিজ-মতে সন্দিশ্ধ-চিত্ত; কিন্তু সনাতনপুরুষ স্বয়ং ভগবান্ প্রীগৌরস্থন্দর-প্রচারিত সনাতন-ভত্তি-ধর্ম শ্রুতিসিদ্ধ নিরস্তকুষ্ঠক বাস্তব-সত্য । ১২৪॥

অৰুবাদ। সৰ্বজ মুনিশ্রেষ্ঠগণ তাঁহাদের নিজ-নিজ-মত যুক্তিতর্ক দার। প্রকৃষ্টরূপে বিস্তৃত করিলেও কোন ব্যক্তিই পূর্বের সেই সকল পক্ষণাতিনী যুক্তিতে স্থুদূঢ়-বিশ্বাদী ছিলেন না। সম্প্রতি অপ্রতিম-প্রভাবশালী প্রীগোরচক্র উদিত হইলে পুনরায় একমাত্র হরিভক্তিই যে বেদ-প্রতিপাত প্রমার্থ, তাহা কাহারাই বা নিশ্চয় না করিয়াছে ? ১২৪॥

বিশ্বং মহাপ্রাণায়সাধুস্থারসৈকপাথোনিধা সকলমেব নিমজ্জয়ন্তম্।
গৌরাঙ্গচন্দ্রনখচন্দ্রমণিচ্ছটায়াঃ
কঞ্চিদ্রিচিত্রমন্তুগবমহং স্মরামি॥ ১২৫॥

ত্যস্থা। গৌরাঙ্গচক্তনথচক্তমণিছ্ছটায়াঃ (গৌরাঙ্গচক্তের নথরূপ। চক্তকান্ত-মণির ছটার) মহাপ্রণয়সাধুস্থধারদৈকপাথোনিধে (প্রেম-

পরিপাক ক্রমে স্থেহ, মান ও প্রণয় ইইয়া গাকে, প্রণয় বৃদ্ধি হইয়। ক্রমশঃ রাগ, অনুরাগ, ভাব ও অনুভাব হইয়া থাকে, অতএব 'নহাপ্রণয়'

বলিতে 'মহাভাবরূপ প্রেম', সাধু—উৎকৃষ্ট, স্থারস—ক্ষুত্রস, এক— প্রধান, পাথোনিধি—সমূত অর্থাৎ মহাপ্রণয়রূপ উৎকৃষ্ট স্থাসিদ্ধৃতে )

অর্থাৎ নিমজ্জনকারী) কঞ্চিৎ (অনির্ব্বচনীয়) বিচিত্রং (আশ্চর্যা) অনুভাবং (অনুভাব—প্রভাব) অহং (আমি) স্মরামি (স্মরণ করিতেছি)॥ ১২৫॥

সকলমের বিশ্বং (সমগ্র বিশ্বকে) নিমজ্জয়ন্তং টনিমজ্জন করিতে করিতে

ত্রভাবে । যাহা সমগ্র বিশ্বকে মহাপ্রণয়ররপ নর্বেবিৎক্ষ্ট স্থারসমিদ্ধতে নিমগ্ন করিতেছে, আমি সেই গৌরচক্রের নগরূপ চক্রকাস্ত-

প্রেমবন্সায় জগৎ-প্লাবনকারী একমাত্র শ্রীগোরহরি—

মণির ছটার অনির্বাচনীয় আশ্চর্য্য প্রভাব স্মরণ করিতেছি॥ ১২৫॥

অতিপুৰ্বণ্যরতিস্থকৃতৈঃ কৃতার্থীকৃতঃ কোহপি পূর্বৈকঃ। এবং কৈরপি ন কৃতং যৎ প্রেমার্কো নিমক্ষিতং বিশ্বম্॥১২৬॥

আব্র। অতিপুল্যে (অতিশয় পুণ্যবান্ অর্থাৎ দাদারী) অতিস্কুকৈ: (বিশেষ স্কুতিশালী, স্কুক্ত অর্থাৎ ধর্ম আছে ধাঁহাদের) পূর্টের্ব্বঃ ( এইরূপ প্রাচীন মহাপুরুষগণ দ্বারা ) কঃ অপি [ জনঃ ] ( কোন ব্যক্তি) কুতার্থীকৃতঃ (কুতার্থ হইয়াছেন অর্থাৎ প্রীবৈকুণ্ঠাদি লোক প্রাপ্ত হইয়াছেন ) [ চৈতগুচন্দ্রেণ—চৈতগুচন্দ্রের দ্বারা ] যৎ বিশ্বং (যেরূপ বিশ্ব) প্রেমানের (প্রেম-সমুদ্রে) নিমজ্জিতং (নিমজ্জিত হইয়াছে), এবং ( এইরূপ ) [ প্রাকৃ—পূর্বে ] কৈঃ সপি ন কুতং ( আর কাহারওঃ ঘারা ক্বত হয় নাই। ॥ ১২৬॥

অব্বাদ। বিশেষ সদাচারী ও পরম বার্শ্মিক প্রাচীন মহাপুরুষ-গণের দাবা কোন কোন ব্যক্তি বৈকুণ্ঠাদি-লোক প্রাপ্ত হইয়া কৃতকৃতার্থ হইয়াছেন, কিন্তু শ্রীচৈতগুচক্র যেরূপ সমগ্র বিশ্বকে প্রেম-সমুদ্রে নিমজ্জিত করিয়াছেন, পূর্বেল আর কেহই এরপ করেন নাই॥ ১২৬॥

নীত, অবোগ্যজনে অ্যাচিতভাবে প্রেমপ্রদাতা গৌরহরির

#### কুপা-মহিমা-

भटमा निकार जनजूशमार विख्रु ङ জिल गतिकार সংবিভাগে দধদিহ হি ছত্তিষ্ঠতীবাশ্বসারম। নীচো গোদ্বাদপি জগদহো প্লাবয়ত্যশ্রুপুরৈঃ কো বা জানাত্যহহ গহনং হেমগোরাঙ্গরঙ্গম্॥ ১২৭॥

অহ্ব। ধর্মে (ধর্মবিষয়ে) অনুপ্রাং (অতুলনীয়) নিষ্ঠাং (নৈরন্তর্য্য বা বিশ্বাস) দধৎ [ অপি ] (ধারণ করিয়াও), গরিষ্ঠাৎ (শ্রেষ্ঠা) বিষ্ণুভক্তিং ( গ্রীবিষ্ণুবিষয়িণী ভক্তি বা সেবাপ্রবৃত্তি ) সংবিত্রাণঃ [অপি] (সম্যক্রপে আশ্রয় করিয়াও) অশ্যাসারং ইব (লোহের ভায় স্থকঠিন) হং (হাদয়) দধং (ধারণ-পূর্ব্বক) ইং (এই প্রাপঞ্চে) তিষ্ঠতি (অবস্থান করে); িঅথচ গৌরক্বপরা—কিন্তু শ্রীগৌরস্থন্দরের কুপায় ] গোল্লাৎ অপি নীচ: [জনঃ ] (গোঘাতী অপেক্ষাও নীচ অর্থাৎ পাপী ব্যক্তি) অহো! অশ্রপুরেঃ ( অশ্রপ্রবাহ দারা ) জগৎ প্লাবয়তি ( বিশ্বকে প্লাবিত করিতেছে ) অহহ! ( আহা!) কঃ বা (কেই বা ) গহনং হি হেমগৌরাঙ্গরঙ্গং (কাঞ্চন-কান্তি শ্রীগৌর-স্থব্দরের ছর্ব্বিগাহ রঙ্গ ) জানাতি ( জানিতে পারে ! )॥ ১২৭॥

অনুবাদ। ধর্মবিষয়িণী অতুণনীয়া নিষ্ঠা এবং শ্রেষ্ঠা ভক্তি ন্ম্যক্রপে আশ্রয় করিয়াও লোকে লোহের ন্যায় স্থকঠিন হাদয় ধারণ-পূর্ব্বক পৃথিবীতে অবস্থান করে; (কিন্তু শ্রীগোরহরির রূপার) অহা! ংগাঘাতী অপেক্ষাও পাপীয়ান ব্যক্তি (পাপপ্রবৃত্তি হইতে দর্বতোভাবে মুক্ত হইয়া) অশ্রুপ্রবাহ দারা বিশ্ব প্লাবিত করিতেছে। আহা! কেই বা কাঞ্চনকান্তি শ্রীগোরাঙ্গস্থলরের তুর্বিগাহ রঙ্গ জানিতে পারে। ১২৭॥

বাল্য, পৌগণ্ডাদি লীলা এবং বিপ্রলম্ভ-রদ-মগ্ন শ্রীরাধিকার ভাবপ্রকাশ-পূর্ব্বক জগৎ-বিশ্ব।পক শ্রীগোরহরি—

কচিৎ কৃষ্ণাবেশান্নটতি বহুভঙ্গীমভিনয়ন কচিজাধাবিষ্টো হরিহরিহরীত্যার্ভিরুদিত:। কচিদ্রিস্থ বালঃ কচিদপি চ গোপালচরিতে৷ জগদুগৌরো বিস্মাপয়তি বহুগম্ভীরমহিমা॥ ১২৮॥

্ৰ সাহায়। বহুগন্তীরমহিমা ( বহু—বিপুল, গন্তীর—হুন্তর্ক্য বা হুরব-গাহ, এতাদৃশ মহিমা অর্থাৎ প্রভাব বাঁহার ) [মঃ—সেই] গোরঃ (গোর-স্থার) জগৎ বিস্মাপয়তি (জগৎকে বিস্ময়াপন করিতেছেন), কৃষ্ণাবেশাৎ (এক্লিঞ্চ আবেশ-হেতু) কচিৎ (কথনও) বালঃ [সন্] (বালক হইয়া) রিঙ্গন্ ( জাতু দারা চঙ্ ক্রমণ করিয়া ), কচিৎ অপি চ ( কথনও বা ) গোপাল-

চরিত: [ সন্ ] ( গোপালকের চরিত্র প্রকাশ করিয়া ), কচিৎ ( কখনও বা ) বহুভঙ্গাং ( বহুপ্রকার ভঙ্গা ) অভিনয়ন ( অভিনয় করিয়া ) নট্ডি ( নৃত্য করিতেছেন ), কচিৎ ( কথনও ) রাধাবিষ্টঃ [ দন্ ] ( কৃষ্ণবিরহে প্রীরাধার ভাবে আবিষ্ট হইয়া ) হরিহরিহরীত্যার্ভিরুদিত: ( 'হরি' 'হরি' 'হরি' এইরূপ উক্তি-পূর্বক বির্ছ-পীড়াজনিত আর্তিসংকারে ক্রন্দন कतिएउए ।। ১२৮॥

অনুবাদ। বিপুলগুরবগাহ-প্রভাব প্রীগৌরস্কুনর বিশ্বকে বিশ্বরা-বিষ্ট করিতেছেন। শ্রীকৃষ্ণাবেশ-হেতৃ কখনও বালকৃষ্ণলীলা প্রকাশ করিয়া জাতু হারা চঙ্ক্রমণ করিতেছেন, কথনও বা গোপালকের চরিত্র প্রকাশ করিয়া, কথনও বা বহুভঙ্গী অভিনয় করিয়া নৃত্য করিতেছেন, আবার কথনও একিঞ্চবিরহে এরাধার ভাবে আবিষ্ট হইয়া "হরি"। "হরি"।। "হরি"।।।—এইরপ বিরহপীড়াজনিত আর্ত্তি-সহকারে রোদন করিতেছেন॥ ১২৮॥

উন্নতােজ্জলরদে জগৎ নিমজ্জনকারী গৌরহরির প্রতি নিষ্ঠা— (तनायाः ननगम्बद्धम धृतिमञ्जाग् जानमातम्ब त-্ল্লীলায়াং নববল্লবীরসনিধেরাবেশয়ন্তী জগৎ। (थनाशामिश रेममरन निजक्ता निरेश्वकमःरमाहिनी-মৃত্তিঃ কাচন কাঞ্চনজ্বময়ী চিত্তায় মে রোচতে॥ ১২৯॥

আহ্র। লবণামুধে: (লবণ-সমুদ্রের) বেলারাং (তীরদেশে), নৈশবে অপি থেলায়াং (শৈশব-ক্রীড়াতেও) নিজরুচা স্বীয় কাস্তি দারা ) বিশ্বৈকসংমোহিনী (বিশ্বের এক গাত্র সম্মোহন-কারিণী) নব-বল্পবীরদনিধে: ('নববল্পবী' শব্দে নবীনা গোপীশ্রেষ্ঠা প্রীরাধিকা, তাঁহার রসনিধি অর্থাৎ রসের আধারস্বরূপ রসিকশেথর শ্রীক্তঞ্জের) মধুরিম-্প্রাগ্ভাবসারক্ষুরলীলায়াং ( মধুরিমণি অর্থাৎ মাধুরো) যে প্রাগ্ভাব— যে পরম-চমৎকারমর প্রেম, তাহার সার, তাহা বারা ক্তিমতী যে লীলা অর্থাৎ রসরাজ মহাভাবমর রুফের শ্রীরাধাভাবে যে দিব্যোনাদ-লীলা, তাহাতে) জগৎ আবেশরস্তী (আশ্রয়-জগৎকে আবিষ্ট করিতেছেন), কাচন কাঞ্চনদ্রবময়ী (এবস্থিধা এক অপূর্বা গলিতকাঞ্চনময়ী) মূর্তিঃ (মূর্তি) মে (আমার) চিত্তার রোচতে (চিত্তের কচির বিষর হইতেছেন), ম

পূর্বভাব অর্থাৎ বিষয়-বিগ্রাহ ক্রফের প্রতি আশ্রয়-বিগ্রাহ শ্রীমতী রাধিকার

আৰুবাদে। গোরহরির যে মূর্ত্তি স্বকান্তি-প্রভাবে শৈশব-ক্রীভাতেও আপ্রিত-বিশের একমাত্র সম্বোহনকারিণী এবং যে প্রীমূর্ত্তি কিশোরী শ্রেষ্ঠা: প্রীরার্যভানবীর রসের আধার রসিকশেশর প্রীক্ষের মাধুর্যার পূর্বভাবের: অর্থাৎ বিষয়বিগ্রহ ক্ষেরে প্রতি আপ্রয়বিগ্রহ শ্রীমতী রাধিকার ফোণর্মচমৎকারময় প্রোম, তাহার) সার দ্বারা ক্রিমতী লীলার ( অর্থাৎ রসরাজ মহাভাবময় ক্ষের রাধাভাবে দিব্যোমাদ-লীলায়) আপ্রর-জগৎকে আবিষ্ট করেন, লবণ-জলধির তীরে সেই গলিতকাঞ্চনমন্ত্রী এক অপূর্ব্ধ: শ্রীমূর্ত্তি আমার ক্ষচির বিষয় হইতেছেন ॥ ১২৯॥

উজ্জনরস, বৃন্দাবন-মাধুরী ও রাধামহিমার একমাত্র প্রকাশক প্রিগোরহরি--

/ প্রেমা নামাত্তার্থঃ শ্রেষণপথগতঃ কন্ত নাম্বাং মহিন্ধঃ
কো বেতা কন্ত বৃন্দাবনবিপিন-মহামাধুরীযু প্রবেশঃ।
কো বা জানাতি রাধাং পরমরসচমৎকারমাধুর্য্যসীমামেককৈচতভাচশ্রুঃ পরমকরুণরা সর্বমাবিশ্চকার॥ ১৩০॥

আহ্ব। প্রেমানাম (প্রেমানামক) অভুতার্থ: (পরম-পুরুষার্থ)
[প্রাক্—ইতঃপূর্বের ] কন্ত (কাহার) প্রবণপথগত: (প্রবণের গোচরীভূত হইরাছিল?) কঃ [বা] নার্মাং মহিন্নঃ (নামের মহিমা; কর্ম্মে ৬ট্টী)

বেতা [ স্থাৎ ] ( জ্ঞাতা ছিলেন ? ) বুন্দাবন-বিপিন-মহামাধুরীযু ( বুন্দা-বনের বিগিনা, অর্থাৎ গহনা—ছম্পাবেখা যে সকল মহতী মাধুরী, সেই সমুদরে ) কশু প্রবেশঃ (কাহারই বা প্রবেশ ছিল ?) কো বা (কেই বা ) পর্মর্শচমৎকার্মাধুর্যাদীমাং রাধাং (অধির ঢ্-মহাভাব-রূপ শ্রেষ্ঠ্রস, তাহার বে চমৎকার মাধুর্য্য, তাহার সীমা অর্থাৎ পরাকাষ্ঠা বাহাতে, সেই <u> এীমতী রাধিকাকে অর্থাৎ অপ্রাক্কত ক্লন্সেবাময়ী পরম-চমৎকারিণী</u> সর্ব্বোত্তমাবস্থা বা বিপ্রালম্ভে দিব্যোন্মাদের চরম অবস্থা পরিপূর্ণভাবে একনাত্র শ্রীসতীতেই প্রকাশিত, সেই শ্রীরাধাকে উপাস্থ-বিষয়রূপে) জানাতি (জানিত ?) একঃ চৈত্যচন্দ্র: ( একমাত্র প্রীচৈত্যচন্দ্র ; 'চন্দ্র' শব্দের দারা কৈতবরূপ তমো-বিনাশকত্ব এবং প্রেমামূতবর্ষিত্ব স্থচিত হইয়াছে ) প্রম্-করণ্যা ( প্রম্-ওদার্য্য বশতঃ ) সর্ব্বং আবিশ্চকার ( এই সমস্ত আবিষ্কার করিয়াছেন) [ শ্রীমন্তক্তিবিনোদ ঠাকুর "শ্রীমন্মহাপ্রভুর শিক্ষা" গ্রন্থের পঞ্চম পরিচ্ছেদের উপসংহারে এই শ্লোকটী উদ্ধার করিয়া লিখিয়াছেন, "অমৃতময় প্রীকৃঞ্রস এ জগতে জগদ্ওর প্রীচৈতভাদেবই আনিয়াছেন, পূর্বে কেহ আনেন নাই, ইহা প্রকাশ করিবার জন্যই শ্রীল প্রবোধানন্দ সরস্বতীর এই শ্লোকের অবতারণা'' ]॥ ১৩०॥

তানুবাদে। 'প্রেম' নামক পরমপ্রকার্থ কাহারই বা শ্রবণগোচর হইয়াছিল ? কেই বা শ্রীনামের মহিমা জানিত ? কাহারই বা বুলারণাের গহন-মহামাধুরী-কদম্বে প্রবেশ ছিল ? কেই বা পরমচমৎকার অধিরাত্মহাভাব-মাধুর্যের পরাকার্ছা শ্রীবার্ধভানবীকে (উপাস্থ-বস্তুরূপে) জানিত ? এক চৈত্মচন্দ্রই পরম উদার্যালীলা প্রকট করিয়া এই সমস্ত জাবিহার করিয়াছেন॥ ১০০॥

# তেকাদশ বিভাগ

# ঐগোর-রূপোলাস-হত্যাদি

( 202-200 (計) )

ব্রহ্মাদির বন্দা, তর্কের অগোচর, বেদগুছা, অপূর্ব্ব-মৃত্যশীল, প্রম-ব্রহ্ম শ্রীগোরহরি—

পূর্ণপ্রেমরসামৃত্যবিলহরী-লোলাঙ্গগৌরচ্ছটা কোট্যাস্থাদিতবিশ্বমীশ্বরবিধিব্যাসাদিতিঃ সংস্ততম্। তুল ক্ষ্যাং শ্রুতিকোটিতিঃ প্রকটয়কূর্ত্তিং জগঝোহিনী-মাশ্চর্য্যং লবণোদরোধসি পরংব্রশ্ধ স্বয়ং নৃত্যতি॥ ১৩১॥

তাহার। পূর্ণপ্রেমরসামৃতারিলহরী-লোলাঙ্গগোরচ্ছটাকোট্যাক্রানিতবিশ্বং (পরিপূর্ণ-প্রেমরসামৃতসমুদ্রের তরঙ্গ দারা লোল অর্থাৎ
কম্পায়ুক্ত যে অঙ্গ, তাহার যে গৌরচ্ছটাকোটি অর্থাৎ গৌরকান্তিকোটি,
তন্ধারা আচ্ছানিত হইয়াছে বিশ্ব যে পরব্রহ্ম কর্ত্তক দেই পূর্ষ ) ঈশ্বরবিধিব্যাসাদিভিঃ সংস্কৃতং ('ঈশ্বর' শক্ষে দেবাদিদেব মহেশ্বর, 'বিধি' শক্ষে
ব্রহ্মা এবং ব্যাসাদি মহর্ধিগণ কর্ত্তক সমাক্রমণে স্কৃত ) গুতিকোটিভিঃ
হল্ল ক্ষ্যাং (গুতিসমূহ দারা ছর্লক্ষা অর্থাৎ গ্রুতিগুহু) জগুনাহিনীং
মূর্তিং (ভুবনগোহিনী মূর্ত্তি) প্রকটয়ৎ (প্রকটিত করিয়া) আশ্চর্ষ্যং পরং
ব্রহ্ম (লোকবিশ্বয়কর পরত্ব শীভগবান্) লবণোদরোধ্যি (লবণ-সমুদ্রের
ভটদেশে) স্বরং-নৃত্যতি (স্বরং নৃত্য করিতেছেন) ॥ ১০১ ॥

অনুবাদে। যিনি পরিপূর্ণ-প্রেম-রদ-স্থা-সমূদ্র-তরঙ্গ-কম্পিত-গৌরকান্তিকোটি দারা বিশ্বকে সারত করিয়াছেন এবং বাঁহাকে শিব- বিরিঞ্চি-ব্যাসাদি মনীষিগণ নিরন্তর স্তব করিতেছেন, সেই আশ্চর্য্য প্রম-ব্রহ্ম শ্রীগোরস্থানর শ্রুতিকোটি-গুহা ভ্রনমোহিনী মৃত্তি প্রকট করিয়া স্বয়ং ল্বণাম্ব্রণিতটে নৃত্য করিতেছেন॥ ১০১॥

নিজ-নাম-সঙ্কীর্ত্নসহ নৃত্যানি শ্রীগোরকক্ষ—
কোহয়ং পট্রধটীবিরাজিভকটিদেশঃ করে কঙ্কাণ
হারং বক্ষসি কুণ্ডলং প্রবণয়োর্বিজ্ঞৎ পদে নূপুরম্।
উদ্ধাক্তি নিবদ্ধকুত্তলভরপোৎফুল্লমল্লীস্রগাপীড়ঃ ক্রীড়ভি গৌরনাগরবরো নৃত্যন্নিজৈন মেভিঃ॥ ১৩২॥

তাহ্ব। পট্ধটাবিরাজিতকটিদেশঃ ( বাহার কটিদেশে পট্র বস্ত্র বিরাজিত ) করে কন্ধণং ( হতে কন্ধণ ) বক্ষি হারং ( বক্ষংগলে হার ) শ্রবণরোঃ কুণ্ডলং ( শ্রবণয়গলে কুণ্ডল ) পদে নূপুরং ( চরণে নূপুর ) বিভ্রং ( ধারণ করিয়া ), উন্ধীকতা নিবদ্ধকুত্তলভরপ্রোৎকুল্লনাম্রপাপীড়ং ( উন্ধিল করিয়া ), উন্ধীকতা নিবদ্ধকুত্তলভরপ্রোৎকুল্লনাম্রপাপীড়ং ( উন্ধিল ভাবে নিবদ্ধ কুঞ্চিত কেশসমূহে প্রফুল্ল-মল্লিকা-মালা-শোভিত-চূড়া বাহার, তাদুশ ) কং অরং গোরনাগরণরঃ ( কোন্ অনিন্ধকিনীর এই 'গোর'—গোর-বর্ণ, 'নাগরবর'-শন্দে পরমরসিকশিরোমণি; অর্থাৎ আশ্রন্থজাতীয় লীলাভিনয়কারী রসিক-শিরোমণি ক্লেই গোর ) নিজঃ নামভিং ( নিজ-নামকীভনের সহিত ) মৃত্যন্ ( নৃত্য করিতে করিতে ) ক্রীড়তি ( ক্রীড়া করিতেছেন ) ॥ ১৩২ ॥

ত্রশাদে। কটিদেশে পট্রস্ত, করবুগলে কঞ্চণ, বক্ষংস্থলে হার, কণ্যদে কুগুল, চরণে নৃপুর, উদ্ধানে নিবদ্ধ কুঞ্চিত কেশদামে প্রফুলনারিকামালা-রচিত চূড়া ধারণ করেয়া কে এই অপূর্ব্বাবতার পরমুর্বিদিক-শিরোমণি গৌরবর্ণ প্রুষ নিজ নামকীর্ত্তনের স্থিত নৃত্য করিতে করিছে ক্রীড়া করিতেছেন ? ১৩২ ॥

্গোরহরির নৃত্য-দেব, গন্ধর্ম, নিদ্ধগণের ও হর্ম-বিস্ময়োৎপাদক-**दिन्दा कुन्दु** जिनामनः निम्मिद्द शक्तर्यमुश्या ज्ञ छः সিদ্ধাঃ সন্ততপুস্পর্ষ্টিভিরিমাং পৃথীং সমাচ্ছাদয়ন্। দিব্যস্তোত্রপর। মহর্ষিনিবহাঃ প্রীত্যোপতস্থুনি জ-প্রেমোঝাদিনি তাণ্ডবং রচয়তি শ্রীগোরচক্তে ভূবি ॥১৩৩॥

অব্বত্র। নিজপ্রেগোনাদিনি প্রীগৌরচন্দ্রে (নিজপ্রেগে উন্মত্ত শ্রীগোরচন্দ্র) ভুবি (পৃথিবীতে) তাওবং (নৃত্য) রচয়তি [সতি ] (রচনা অর্থাং প্রাকাশ করিলে) দেবাঃ (দেবতাগণ) তুলুভিবাদনং (ছেন্ডি-বাদন) বিদ্ধিরে (করিয়াছিলেন), গন্ধর্মুখ্যাঃ (প্রধান প্রধান গন্ধর্বস্কল ) জপ্তঃ (গান করিয়াছিলেন ), সিদ্ধাঃ (সিদ্ধগণ) সস্ততপুষ্পার্ষ্টিভিঃ ( নিরন্তর পুষ্পার্ষ্টিদারা ) ইমাং পৃণ্ীং ( এই পৃথিবীকে ) সমাচ্ছাদয়ন (সমাক্রণে আচ্ছাদন করিয়াছিলেন), দিব্যস্তোত্রপরাঃ (মনোহর স্তোত্রপাঠে নিপুণ) মহর্ষিনিবহাঃ (মহর্ষিনকল) প্রীত্যা, ( প্রীতি-সহকারে ) উপতস্থঃ ( স্তব করিয়াছিলেন )॥ ১৩৩॥

অনুবাদ। নিজ-প্রেদে উন্মত্ত হইয়া এীগোরস্কুনর পৃথিবীতে উদ্ধণ্ড-নৃত্য আৰম্ভ করিলে দেবতাগণ ছন্দুভি-বাদন করিতে লাগিলেন প্রধান প্রধান গন্ধর্মগণ সন্ধীর্ত্তন আরম্ভ করিলেন, সিদ্ধগণ নিরম্ভর পুষ্পবৃত্তি দারা ভূমণ্ডল সমাচ্ছন করিলেন, মনোহর স্তোত-পাঠকুশল-মহর্ষিবৃদ্দ প্রীতির সহিত স্তব করিতে লাগিলেন॥ ১৩৩॥

মহাভাবোরাত প্রীগৌরহবি---

ক্ষণং হসতি রোদিতি ক্ষণমথ ক্ষণং মূর্চ্ছতি ক্ষণং লুঠতি ধাবতি ক্ষণমথ ক্ষণং নৃত্যতি। ক্ষণং শ্বসিতি মুঞ্চি ক্ষণমুদার হাহা রুতিং মহাপ্রণয়সাধুনা বিহরতীহ গৌরে। হরিঃ॥ ১৩৪॥

ত্মব্রহা। মহাপ্রণয়সীধুনা গৌরো হরি: (মহাপ্রণয়—মহাভাব, দীর—অমৃত্রদ, তত্রপলক্ষিত অর্থাৎ মহাভাবযুক্ত গৌরহরি; উপলক্ষণে ভূতীয়া) ইহ (এই প্রপঞ্চে) বিহরতি (বিহার করিতেছেন); ক্ষণং হসতি ( ক্লণে হাস্ত করিতেছেন), ক্লণং রোদিতি ( ক্লণে রোদন করিতেছেন) অথ ক্ষণং মুর্চ্ছতি (কখনও মূর্চ্ছিত হইতেছেন) ক্ষণং লুঠতি (কখনও ভূমিতে লুষ্টিত হইতেছেন), ক্ষণং ধাবতি (কথনও ধাবিত হইতেছেন অথ ক্ষণং নৃত্যতি (কখনও নৃত্য করিতেছেন), ক্ষণং শ্বসিতি (কখনও দীর্ঘনিগাস ত্যাগ করিতেছেন) কণং উদার হা হা ক্তিং মুঞ্চতি ( কথনও ্হা' 'হা' এইরূপ মহৎ শব্দ উচ্চারণ করিতেছেন )॥ ১৩৪॥

অৰুবাদ। প্ৰীগোরহরি মহাভাবামৃতরদে মগ্ন হইরা কথনও হাস্তা করিতেছেন, কখনও রোদন করিতেছেন, কখনও মূর্চ্ছিত হইতেছেন, কখনও ভূমিতে লুন্তিত হইতেছেন, কখনও জতগদন করিতেছেন, আবার কখনও নুত্য কৰিতেছেন, কখনও দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতেছেন, কখনও বা 'হা' 'হা' এইরূপ মহৎ শব্দ করিতেছেন, (এইরূপ নানাভাবে) প্রাথাপ্ত বিহার করিতেছেন।। ১৩৪।।

রাধাদান্তে সর্ব্বজীবের অমুরাগোৎপাদনকারী শ্রীগৌরহরি— অশ্রাণাং কিমপি প্রবাহনিবহৈঃ ক্ষোণীং পুরঃ পঙ্কিলাং কুর্বান পাণিতলে নিধায় বদরাপাণ্ডং কপোলস্থলীম্।. व्यान्हर्गाः नवरणानरताथित वनम् ब्लाबः नभारमाद्रश्ककः গৌরীভুয় হরিঃ স্বয়ং বিভন্নতে রাধাপদাক্তে রভিম্॥ ১৩৫

আন্ত্রা। লবণোদরোধসি (লবণ-সমুদ্রের উপকূলে) বসন (উপবেশন করিয়া) আশ্চর্যাং (অন্তত) শোণং অংশুকং ('শোণ'— বুক্তবর্ণ, অংশুক—বস্ত্র ) দধানঃ ( ধারণ করিয়াছেন; শ্রীমতী রাধিকাতেও ক্ষামুরাগর্মপ অরুণবর্ণ বসনধারণের বিষয় শাস্ত্রে উল্লিখিত আছে)

পাণিতলে (করতলে) বদরাপাত্থ (বদরকলের ন্যায় ঈষং পাতৃবর্ণ) কপোলস্থলীং (গণ্ডস্থল) নিধার (স্থাপন করিরা) অঞ্রাণাং (নরনজলের) কিং অপি প্রবাহনিবহৈং (কিরূপ আশ্চর্যা প্রবাহনমূহ দ্বারা) পুরং ক্ষোণাং (সন্মুখস্থ ভূমিকে) পঙ্কিলাং (কর্দ্মাক্ত) কুর্মন্ (করিরা) স্বাং হরিঃ (স্বাং ভগবান্ শ্রীক্ষণ) গোরীভূয় (গোরাঙ্গ হইরা) রাধান্পাজে (রাধাপাদপলে )রতিং বিতন্ততে (রতি বিস্তার করিতেছেন) ॥

তাব্যাদে। স্বয়ং শ্রীরুঞ্চ আশ্রয়জাতীয় ভাব সঙ্গীকার-পূর্বাক গৌরাঙ্গরূপে লবণ-জলধির উপকূলে উপনেশনপূর্বাক গৈরিক বসনধারণ ও করতলে বদরফলের স্রায় ঈষং পাভূবণ বিবর্ণ (বৈবর্ণাভাব-ছোতক) গওস্থল স্থাপন করিয়া নয়নজলপ্রবাহে সন্মুখস্থ ভূমি কর্দ্মাক্ত করিতে করিতে রাধাপাদপ্রমে রতি বিস্তার করিতেছেন॥ ১৩৫॥

অট্টাস্থ প্রস্তৃতি নানা অন্কুতাব প্রকাশ-পূর্ব্বক উদ্ভ-নৃত্যশীল শ্রীগৌরহরি—

পাদাঘাতরবৈর্দ্দিশো মুখরয়ন্ নেত্রান্তসাং বিন্দুভিঃ ক্ষোণিং পঙ্কিলয়ন্নহো বিষদয়ন্নটুটুহাসৈন ভিঃ। চত্রজ্যাতিরুদারস্থানরকটিব্যালোলশোণান্দরঃ কো দেবো লবণোদকূলকুস্থনোল্পানে মুদা নৃত্যতি ॥১৩৬॥

আহ্বা। অহা ! পাদাঘাত রবৈঃ (পাদাঘাত রবে অর্থাং নৃত্যামুভাব দ্বারা) দিশঃ মুধররন্ (দশদিক্ মুধরিত করিয়া) নেত্রাস্ত্রণাং
(নেত্রজ্ঞারে) বিন্দুভিঃ (বিন্দুদ্বারা) কোনীং (পৃঞ্জীতলা) পদ্ধিলয়ন্
(কর্দিমাক্ত করিয়া) অটুটুহাদৈঃ (অটু অটু হাস্ত দ্বারা) নভঃ (নভোমণ্ডলা) বিষদয়ন্ (শুক্রবর্ণ করিতে করিতে) চল্লুজ্যোতিঃ (চল্লের ভায়বেগারকান্তি) উদারস্থানরকটিব্যালোলশোণাম্বরঃ (স্থানর কটিদেশে লম্বমান্
মনোহর গৈরিকবসনধারী) লবণোদক্লকুস্থ্যোত্যানে (লবণ-সমুক্তীর-

ৰভী পুষ্পোভানে ) ক: দেব: (কোন্ দীলাপরারণ পুরুষ) মুদা (আনন্দ-সহকারে) নৃত্যতি (নৃত্য করিতেছেন) ॥ ১৩৬॥

আনুবাদে। অহা ! পদাঘাত-রবে দশদিক মুখরিত, অঞাবিন্দুদারা পৃথ্নীতল কর্দ্দাক্ত এবং অট্-অট্-হাস্তে নভোমগুলের গুলুতা
সম্পাদন করিতে করিতে চন্দ্রে আয় গৌরকান্তিবিশিষ্ট, কচির কটিতটে
লক্ষ্যান্ মনোহর গৈরিক বসন্ধারী কোন্ লীলাম্য পুরুষ লবণ-জলধির
উপকূলস্থ প্রপোভানে নৃত্য করিতেছেন ॥ ১৩৬॥

# দ্বাদশ বিভাগ

ে ১৩৭—১৪৩ শ্লোক )

উপনিষদাদির সন্মান্ত্রেয়, শ্রীব্রহ্মা-কন্ত প্রভৃতি চারি সম্প্রদারেরও হুজুরে-প্রেম গোরভক্তের সন্যামাস-লভ্য—

সর্কেরান্ধায়চূড়ামণিভিরপি ন সংলক্ষ্যতে যৎস্কপং শ্রীশত্রন্ধাদ্যগম্যা স্থমধুরপদনী কাপি যস্তাভিরম্যা। যেনাকস্মাজ্জগৎ শ্রীহরিরসমদিরামন্ত্রমেভদ্যপারি শ্রীমক্ষৈত্রভাচন্দ্রঃ স কিমু মম গিরাং গোচরক্ষেত্রসো বা॥১৩%

ত্ম হাই। সর্বৈর আয়ায়চ্জামণিতিঃ অপি (নিশিল শ্রুতি-মৌলি-ররমালা অর্থাৎ বেদের শিরোভাগ উপনিষৎসমূহের দ্বারাও) বংস্বরপং (বাঁহার স্বরূপ) ন সংলক্ষ্যতে (সম্যুর্পর জানা বার না,) বহু (বাঁহার) কাপি (অনপিতিচরী) স্থমধুরপদবী (অত্যাস্থাদনীয়া পদবী অর্থাৎ উপদেশমার্গ) শ্রীশব্দ্দারের মূল বিশিষ্টাদ্বৈতবাদী শ্রুপীরামান্ত্রজাচার্য্যের উপাস্থা, 'ঈশ' শব্দে ক্রন্ত্র

অর্থাৎ কল্ত-সম্প্রদায়ের মূলগুরু গুদ্ধাবৈতবাদাচার্য্য প্রীবিরুষামীর উপাশু, 'ব্ৰহ্মা'—ব্ৰহ্মসম্প্ৰকাণ্ডের মূলগুরু অর্থাৎ গুরুদ্বৈতবাদাচার্য্য প্রীমন্মধ্বাচার্য্যের উপাস্ত্র, 'আদি'-শব্দে চতুঃসন-সম্প্রদায়ের মূলগুরু সনক-সনন্দনাদি অর্থাৎ নিষাদিতোর ইষ্টদেব, তাঁহাদের দারাও অগম্যা অর্থাৎ তাঁহারাও যে পদবীতে প্রবিষ্ঠ হইতে পারেন নাই), ি অথচ বিজন্ম ( স্বথসেবা) অর্থাৎ গৌর-ভক্তজনে স্থলভ ), বেন ( যে গৌরস্থলরের দ্বারা ) অক্সাৎ ( অপ্রত্যাশিকভাবে ) এতৎ জগং ( এই বিশ্ব ) শ্রীহরিরসমদিরামন্তং ব্যধারি ('ত্রী'-শব্দে সর্বলক্ষীস্বরূপিণী ত্রীমতী রাধিকা, 'হরি' শব্দে রুষ্ণ; প্রীশ্রীরাধারুফের প্রেমরস-মদিরার মত্ত হইরাছে ). সঃ শ্রীমৎ চৈত্রতক্ত মম গিরাং চেত্রপঃ বা েলামার বাক্যমতের ও চিত্তের সংগাচরঃ কিমু স্থিং বি কি গোচরীভূত হইবেন ?)॥ ১৩৭॥

আৰুবাদ। নিথিল-ক্রতিমৌলি রত্নমাল; বাহার স্বরূপ সম্প্ ক্রপে নির্দেশ করিতে পারেন না, গাঁহার অনপিতিচরী অত্যাস্বাদনীয়া পদ্বী খ্রী, বন্ধ, কর্দাদিরও হজের। অর্থাৎ শ্রী-ব্রহ্ম-কন্দ্র-সনকাদি-সম্প্রদার-প্রবর্তকর্গণ দূরে থাকুন, তাহাদের মূলগুরুবর্গও যে উন্তোজ্জল প্রেমপদবীর কথা জানেন ন', অথচ যাহা তাঁহার কুণাকটাক্ষপাত্রগণের অতি সুথসেব্যা অৰ্থাৎ গৌৰভক্তগণেৰ নিকট অভিস্থানত এবং যিনি অকস্মাৎ এই জগৎকে শ্রীরাধাক্তকের প্রেমরদ-মদিরায় মত্ত করিয়াছেন, দেই পরম-শোভাবিকানী চৈত্রভক্রমা কি আমার বাকা ও মনের গোচরীভূত হইবেন ? ১৩৭॥

গোরহরির লীলা সঙ্গোপনে পুনরায় ভক্তিমার্গের বিশৃষ্থলতা— জাড্যং কর্ম্মস্থ কুত্রচিজ্জপত্রপো যোগাদিকং কুত্রচিদ্ গোবিন্দাৰ্চ্চনবিক্ৰিয়ঃ কচিদপি জ্ঞানাভিনানঃ কচিৎ। শ্রীভক্তিঃ কচিত্রজ্বলাপি চ হরের্বাগ্বাত্র এব স্থিতা হা চৈতন্ত কুতো গভোহসি পদবী কুত্রাপি তে নেক্ষ্যতে॥ ত্যক্রতা হা চৈত্র (হা প্রীক্টটেত্র) কুতঃ গতোহিদি (তুমি কোথার প্রস্থান করিলে?) তে (তব) পদবী (গুদ নিগৃচ্ পরমোজ্জনরদ-ভক্তিমার্গ) কুল্রাদি (কোন সম্প্রদার মধ্যে) ন ঈক্ষতে (দৃষ্ট হর না); কুল্রচিং (কোন সম্প্রদারে) কর্মান্ত জগতাং (কর্ম্মজড়তা), কুল্রচিং জগতগঃ যোগাদিকং (কোন সম্প্রদারে তপ, জপ, যোগাদি), ক্রচিদিপি গোবিন্দার্জনবিক্রিয়ঃ (কোন সম্প্রদারে অর্জনমার্গে গোবিন্দপূজনবিধি ) কচিং জানাভিমানঃ (কোন সম্প্রদারে জ্ঞানমিশ্রা ভক্তি ) কচিং চহরেঃ (এবং কোথারও শ্রীহরির) উজ্জাশিপ শ্রীভক্তিঃ (উজ্জনভক্তি) বাঙ্মানে এব স্থিতা (বাকামানেই অবস্থান করিতেছেন অর্থাং কেইই ভক্তির অন্তর্গান করিতেছেন না)। ১৬৮॥

তানার গুদ্ধ নিগৃত উনতোজ্জলরস-ভক্তিমার্গ আর কোন সম্প্রদায়েই দৃষ্ট হয় না। কোন সম্প্রদায়ে কর্মাজড়তা, কোন সম্প্রদায়ে তপ, জপ, বোগাদি, কোন সম্প্রদায়ে অর্চনমার্গে গোবিন্দ-পূজন-বিধি, কোন সম্প্রদায়ে জ্ঞান-সিশ্রভক্তি এবং কোথায়ও বা উজ্জ্ঞলভক্তি আচারবিহীন বাক্যমাত্রেই জ্বস্থান করিতেছেন॥ ১৩৮॥

গৌরহরির লীদা-সঙ্গোগনে ভক্তগণের হান্য-বেদনা—
অভিব্যক্তো যত্র ক্ষতকলকগৌরো হরিরজুয়হিন্না তত্তৈব প্রণয়রসমগ্যং জগদভূৎ।
অভুত্বতৈক্রতৈ সুমুলহরিসংকীর্ত্তনবিধিঃ
স কালঃ কিং ভূয়োহপ্যহহ পরিবর্ত্তে মধুরঃ॥১০৯॥

আহ্ব। বত্ত (বে কালে) জত-কনকগোরো হরিঃ (গলিত স্থবর্ণকান্তির স্থার গোরবর্ণ শ্রীহরি) অভিব্যক্তঃ অভূৎ (প্রপঞ্চের গোচরীভূত হইরাছিলেন,) [তদা—দেইকালে] তখ্তৈব মহিয়া (তাঁহার মহিমা-

দারাই ) জগং ( ভূমণ্ডল ) প্রণায়রসমগ্রং অভূৎ (প্রণায়রসে মগ্ন হইয়াছিল) উচৈচঃ উচৈচঃ তুমুলহরিসঙ্কীর্তুনবিধিঃ [ চ ] অভূৎ (এবং উচৈচঃম্বরে ভুমুলহরিসন্ধীর্ত্ন-প্রণালীও প্রবর্ত্তিত হইরাছিল ) অহহ ( হার ) সং মধুর: কাল: (সেই মধুর কাল) অপি কিং ভ্য়া পরিবর্তেত (পুনরায় কি আসিবে ) ৪ ১৩৯॥

অনুবাদ। যে-কালে গণিত কনককান্তি গৌরতন্ত্ শ্রীহরি প্রথঞ্জের গোচরীভূত হইয়াছিলেন, তৎকালে তাঁহার প্রভাবে পৃথিবী প্রণয়রদে মগ্ন এবং উচ্চৈঃস্বরে তুমুল ক্লক্ত-সংকীর্ত্তন-প্রণালীও প্রবর্তিত হইরাছিল। হার ! দেই মধুরকাল আর কি প্নরার ফিরিয়া অদিবে ? ১০৯॥

প্রীপুরুষোত্তম, শ্রীনবদ্বীপ, শ্রীহরিনাম প্রভৃতি গৌরহরির ভাবোদ্দীপক বস্ত-দর্শনে ভক্তজনয়ে গৌরবিরহ—

সৈবেয়ং ভূবি ধন্যগোড়নগরী বেলাপি সৈবাম্বুধেঃ সোহরং শ্রীপুরুষোত্তমা মধুপতেস্তাল্যেন নামানি ভু। নো কুত্রাপি নিরীক্ষ্যতে হরিহরি প্রেমোৎসবস্তাদুশো হা চৈত্তন্ত কুপানিধান তব কিং বীক্ষ্যে পুনবৈত্বম্ ॥ ১৪०॥

আহা। ভূবি (পূথীতলে ) দৈব ইয়ং ধন্ত-গোড়নগরী ( দেই এই ধক্তা গৌড়নগরী) সৈব অন্ধুধেঃ বেলাপি ( সেই এই সমুদ্রের উপবনাদিযুক্ত-তীর ), সঃ অয়ং ( সেই এই ) শ্রীপুরুষোত্তমঃ ( শ্রীজগরাথদেব , মধুপতেঃ (খ্রীক্লফের) তানি এব নামানি তু ( 'হরেক্ষণ' প্রভৃতি সেই দকল নামও ) িবর্ততে—বর্ত্তমান রহিয়াছেন ], 'হরি'! 'হরি'! (থেদে ) কুতাপি (কোথাও) তাদৃশঃ প্রেমোৎসবঃ (তাদৃশ প্রেমানন্দোৎসব) নো নিরীক্ষ্যতে ( দৃষ্ট হইতেছে না!) হা চৈতন্য! [হা] কুপানিধান! ( হা চৈতন্য! হা কুপানিধে!) তব বৈভবং (তোমার ঐশ্বর্যা) পুন: কিং বীক্ষ্যে ( পুনর্মার কি দর্শন করিতে পাইব ) ১১৪০॥

আৰুবাদে। পৃথিবীতে দেই এই ধন্তা গোড়নগরী, দেই এই সমৃদ্রের উপবনাদিবুক্ত-তীর, দেই এই শ্রীপুরুষোত্তম, শ্রীকৃষ্ণের দেই দকল 'হরেকুঞাদি' নামও বর্ত্তমান, হরি! হরি!! কিন্তু কোথাও ত' তাদৃশ প্রেমানন্দোৎসব দৃষ্ট হইতেছে না। হা চৈতন্ত, হা কুগানিধে, তোমার বৈভব পুনরার কি আমার নর্মগোচর হইবে ? ১৪০॥

## **জীগৌরহরিই পরতত্ত্ব**

গৌরহরি অংশ নহেন, কিন্তু পূর্ণ স্বয়ংভগবান্ ব্রজেজনন্দন— যদি নিগদিভসীনাজ্যংশবদ্গৌরচজ্রো। ন ভদপি স হি কশ্চিচ্ছজিলীলাবিকাশঃ। অতুলসকলশক্ত্যাশ্চর্য্যলীলাপ্রকাশে-রমধিগভমহন্ত্বঃ পূর্ণ এবাবভীর্ণঃ॥ ১৪১॥

আহ্বা। নিগদিত-নীনাখ্যংশবদ্ গৌরচন্দ্রং বদি অপি [ স্থাং ] ( যদি গৌরচন্দ্রকে শ্রুতিকথিত মীন, বরাহ প্রভৃতি অংশাবতারের স্থায় বল ) তং ন হি ( তাহা তিনি নিশ্চয়ই নহেন, ) সঃ ( মংস্থাদি অংশাবতার ) কশ্চিং শক্তিশীলাবিকাশঃ (কোন এক বিশেষ শক্তি ও লীলার প্রকাশ ) [ অয়ং গৌরচন্দ্রঃ—এই গৌরচন্দ্র ] অনধিগতমহত্বঃ ( বাহার মহত্ব অবিদিত, সেই ) অতুলসকলশক্ত্যাশ্চর্য্যলীলাপ্রকাশেঃ ( অতুল— অসমোর্দ্ধি, সর্ব্ধশক্তিসময়িত আশ্চর্য্য লীলাপ্রকাশের হারা ) পূর্ণঃ এব ( নিশ্চয়ই পরিপূর্ণরূপে ) অবতীপঃ ( আবিভূতি ইইয়াছেন ) ॥ ১৪১॥

আৰুবাদে। যদি বল গোরচন্দ্র শ্রন্থাক্ত মীনাদি অংশাবতারের ন্যান, বস্তুত: তাহা তিনি নহেন; কেননা, মংস্তাদি-অংশাবতার কোন এক বিশেষ শক্তি ও লীলার প্রকাশ মাত্র। কিন্তু এই অবিদিত-মহিম গোরচন্দ্র অপ্রতিম-সর্ব্বশক্তিসমন্ত্রিত আশ্চর্য্য লীলা প্রকাশ করিরা নিশ্চরই গ্রিপূর্ণরূপে অবতীর্ণ ॥ ১৪১॥

#### উপসংহার

স্বয়ংভগবান্ গৌরহরি শিব-ব্রহ্মাদিরও আদি ও অচিন্ত্য শক্তিমান্— ব্রহ্মেশাদিমহাশ্চর্য্যমহিমাপি মহাপ্রভুঃ। মুশ্ধবালোদিতং শ্রুজা স্লিফোইনশ্যং ভবিয়তি॥ ১৪২॥

আহ্ব। ব্রহ্মণাদিমহাশ্চর্য্যহিমাপি ব্রহ্মাও মহেশ্বর তাঁহাদের আদি 'শ্রীনারারণ', তাহা অপেক্ষাও প্রম্চন্থকারকারী অসমোদ্ধ প্রভাব গাঁহার সেই ) মহাপ্রভুঃ (শ্রীমন্মহাপ্রভু) মুগ্ধবালোদিতং (মূচ বালকোচিত বাক্য) শ্রুদ্ধা (শ্রবণ করিরা) অবশ্যং (নিশ্চরই ) শ্রুগ্ধঃ ভবিশ্বতি (শ্রিগ্ধ হইবেন অর্থাৎ কুপা-পূর্বেক আমার প্রতি স্নেহ্বিগান করিবেন)॥

তালুবাদে। শিব-বিরিঞ্চিরও আদি অর্থাৎ কারণ শ্রীনারারণ চ্ছতেও অধিক চমৎকারকারী, অসমোর্দ্ধ প্রভাবশালী শ্রীমন্মহাপ্রভু এই মূঢ়-বালকোচিত বাক্য শ্রবণ করিয়া নিশ্চরই স্কিন্ধ হুইবেন অর্থাৎ রূপা-করিয়া আমার প্রতি স্কেছবিধান করিবেন॥ ১৪২॥

গৌরহরির রূপাই একমাত্র প্রার্থনীয়—
দৃষ্টং ন শাস্ত্রং গুরবো ন দৃষ্টা বিবেচিতং নাপি বুন্ধঃ স্থবুদ্ধ্যা।
যথা তথা জল্পতু বালভাবাত্তথৈব মে গৌরহরিঃ প্রসীদতু ॥

ইতি ত্রিদণ্ডি-গোস্বামিকুলমুকুটমণি-পরিব্রাজকাচার্য্যবর্য্য-গৌরপার্বদপ্রবর-শ্রীমৎপ্রবোধানন্দ-সরস্বতী-পাদ-বিরচিত-দ্বাদশ-বিভাগাত্মক-শ্রীশ্রীচৈতন্ম-চন্দ্রামৃতং সমাপ্তম্ । ত্যক্রক। [ ময়া ] শাস্তং ন দৃষ্টং ( আমি শাস্তাদি দর্শন করি নাই, ) গুরবঃ ( বহুসম্প্রদায়ের বহু উপদেষ্টাকে ) ন দৃষ্টাঃ ( দর্শন করি নাই আর্থাৎ জাঁহাদের নিকট উপদেশ গ্রহণ করি নাই, ), স্বব্দ্ধাঃ ( সুবৃদ্ধি নারা ) বৃধৈঃ অপি ( শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের সহিত ও ) ন বিবেটিতং ( বিচার করি নাই ), [ তথাপি শ্রীগোরহরিবিষয়ার্থা মম বাণী—তথাপি গোরহরিবিষয়ার্থা মম বাণী—তথাপি গোরহরিবিষয়ার্থা সম বাণী—তথাপি গোরহরিবিষয়ার্থা সম বাণী—তথাপি গোরহরিবিয়য়ার্থা সম বাণী—তথাপি গোরহিবিয়য়ার্থা সমার রাজ্য বাহা তাহা বলুক্ ), গোরহরিঃ ( গোরস্কেনর ) তথিব (তাহাতেই) মে প্রসীদতু ( আমার প্রতি প্রসয় হউন্ ) ॥ ১৪০॥

তাদ। আমি শাস্ত্রাদি দর্শন করি নাই, বছ উপদেষ্টার নিকটও উপদেশ প্রাপ্ত হই নাই, শাস্ত্রজ্ঞ পণ্ডিতগণের সহিতও শাস্ত্রালাপ ক্রি নাই, তথাপি মূর্থম-প্রযুক্ত স্থামার বাক্য গৌঞহরি সম্বন্ধে যে কোনরপেই বর্ণন করুক্ না কেন, তাহাতেই শ্রীগৌরহরি আমার প্রতিপ্রসর ইউন্॥ ১৪৩॥

ইতি শ্রীচৈতক্যচন্দ্রায়তের শ্রীগোড়ীয়-ভাষ্য সম্পূর্ণ 🖟

সমাপ্তশ্লারং প্রস্তঃ !



ষস্য শ্রীমন্নখমণি-সুধারশ্মি-রম্য প্রকাশৈ-জৈলোক্যান্তর্জটিত-জড়িমক্ষালনায়োমিষদ্ভিঃ। স্বীয় প্রেমামুধিলহরিকাপুরপুরেণ ভূয়ো জাডাং চক্ষে তমিহ তদহো সেবতাং জীবলোকঃ॥

প্রী হৈত্যাচরিত-মহাকাব্যম্।



# ओ ओ नय फोश-শ ठ रू भ

নবধা ভক্তিবোগে নবৰীপচন্দ্ৰের বন্দনা-রূপ মঞ্চাচরধ—
নবদীপো কৃষ্ণং পুরুটকাচিরং ভাববলিতং
মূদজাদৈয় ঘঁট্ডেঃ স্বজনসহিতং কীর্ত্তনপ্রম্।
সদোপাস্থাং সর্ট্রেই কলিমলহরং ভক্তস্থেদং
ভজাসস্তং নিত্যং প্রাব্যাননাত্যচ্চন-বিধা ॥ ১ ॥

তানুবাদ। বিনি রাধা-ভাব-বিভাবিত, পুর্টস্কর-জাতি-স্ববিত, নবদ্বীপে মৃদপ্রাদি বন্ধসহবোগে-স্বর্গণ-সহ কীউনপ্রারণ, বিনি দক্ষ জীবের নিত্যোপাস্তা, দেই কলিমলবিনানা, ভক্তস্বপ্রদাত। প্রীকৃষ্ণ-স্বরূপকে মননাদি মর্চন-বিধিক্রানে ( নবধা ভক্তিদারা । আসরা ভগ্ন করি ॥ ১॥

> ছানোগ্যোপনিষয়ক (৮৮২: "ব্ৰহ্মপুরই" চিচ্ছক্তি-প্ৰকটিত শ্ৰীধাম-নদশ্লীপ-—

শ্রুতিশ্রে নেদাগ্যাখ্যা বদতি প্রমং প্রক্ষপুরকং ।
স্মৃতিবৈকুঠাখ্যং বদতি কিল যদিষ্ণুসদন্ম।
সিত্তবাপঞ্চান্যে বিরলরসিকোহরং প্রজ্ঞবনং
নবদ্বীপং বন্দে প্রম-স্থেখ্যং তং চিতুদিত্ম॥২॥

আনুবাদে। 'ছালোগ্য' নামক উপনিবদে বাহা 'প্রব্রশ্বর' নামে উত্ত, স্থৃতি বাহাকে 'বিশ্বুসনন-বৈকুণ্ঠ' বলিয়া কীউন করেন, অপরাপর মহাজন বাঁহাকে 'খেতদীপ' এবং বিরল-রিদিক-ভক্ত বাঁহাকে 'ব্রজবন' নামে অভিহিত করেন, সেই ডিছেল্ডি-প্রকটিত প্রম-স্থদ শ্রীনবদ্বীপ্রামকে বন্দন। করি॥ ২॥

## (১) অন্তর্নীপ—জীপ্রাম মারাপুর

অন্তর্নীপ-ভ্রমণ-লালস্য---

কদা নবদ্বীপ-বনান্তরেপহং
পরিজ্ঞান্ গৌরকিশোরমভূত্য্।
খুদা নটন্তং নিতরাং সপার্যদং
পরিক্ষুরন্বীক্ষ্য পতামি মূর্চ্ছিতঃ॥ ৩॥

ত্য—যুক্তাদে। করে আমি শ্রীনবদ্ধীপের বনের অন্তরভাগে অর্থাৎ শ্রীঅন্তর্মাপে পরিভ্রমণ করিতে করিতে অত্ত শ্রীগৌরকিশোরকে পার্বনগণ-সহ অতিশয় প্রোমভ্রে মৃত্য করিতে দৈখিয়া আনন্দে মৃষ্ঠিত হইয়া পড়িব ৪

শ্রীনায়াপুর-বেখী গলবাজিগণ অসন্থাত্য-

ভচ্ছান্তং মম কর্ণমূলমপি ন স্বপ্নেহণি বারাদহো

জাগোরাঙ্গপুরস্থা যত্ত্র মহিমা নাত্যভুতঃ প্রায়ত।
তে মে দৃষ্টিপথং ন বাস্ত নিতরাং সম্ভায়তামাপুয়ুরে মারাপুর-বৈভবে প্রতিগতেহপুয়লাসিনো নো খলাঃ॥৪॥

ত্মনুবাদে। প্রিগোরধানের অত্যন্ত সহিমা বে শাস্ত্রে এর না, অহা ! সেই অসংশাস্ত্র স্থাত বেন আমার শ্রুতিপথে আগমন না করে; বে সকল থল-ব্যক্তি শ্রীমায়াপুরের ঐখর্য প্রবণ করিয়াও উল্লিতি হয় না, তাহারা যেন কথনও আমার দৃষ্টিপথে পতিত কিংবা সন্তামণের বিষর না হয়॥ ৪॥

কনক-কামিনী-প্রতিষ্ঠাশ। পরিত্যাগ পূক্ষক অন্তর্দীপ : শ্রীমায়াপুরই একমাত্র আশ্রয়ণীয়—

অলমলমিহ যোষিদ্গৰ্মভী সঞ্চরকৈ-রলমলমিহ বিত্তাপত্য-বিত্যা-যশোভিঃ। অলমলমিহ নানা-সাধনায়াস-ছঃখৈ-ৰ্ভবতু ভবতু চান্তদীপমাঞ্জিত্য ধলাঃ॥ ৫॥

ত্যকুবাদে। এই প্রপঞ্চে যোধিদ্-গর্মভী-সঙ্গরের আর প্রয়োজন কি ? প্রাক্ত-সম্পৎ, নন্তান, বিছা ও প্রতিষ্ঠাদির আর আবশ্যকতা কি ? আর নানাবিধ প্রাক্ত সাধনায়াসজনিত ক্লেশেরই বা প্রয়োজন কি ? মানব প্রীষ্ঠান্থীপ আশ্রয় করিয়া প্রাহটক ॥ ৫॥

শ্রীমারাপুরই গৌরকিশোরের ক্রীড়া-নিকেতন—

ভূমির্যত্র স্থকোমলা বছবিধ-প্রভোতিরভূচ্ছটা নানাচিত্রমনোহরং খগমুগাভাশ্চর্য্য-রাগান্বিভ্রম্। বল্লীভূরুহজাভয়োহভুভতমা যত্র প্রসূনাদিভি-স্তব্যে গৌরকিশোর-কেলিভবনং মায়াপুরং জীবনম্॥ ৬॥

ু আনুবাদে। বে স্থানে ভূমি স্কোমলা এবং বিবিধ উজ্জনরত্বের প্রভার দীপ্তিমতী, বে ধান বিচিত্র মনোহর শোভায়ক্ত, বেথানে পশু-প্রফিগণ পরপ্রের আশ্চর্যাপ্রীতিতে আবন্ধ, অথবা বে ধাম পশু-পিককুলের আশ্চর্যানিনাদে মুখরিত, বে স্থানে কুলকলে তরুণতারাজি পরমান্ত্র। শোভা ধারণ করিয়াছে, সেই গৌরকিশোরের জীভাবিলাসভূমি শ্রীমারা-প্রই আমার জীবন ॥ ৬॥

#### (২) গোদ্রুমরীপ

গোজন-ধান-বান-নিষ্ঠা—

মিলস্ত চিন্তামণিকোটি-কোটারঃ
স্বরং বহিদ্ ষ্টিমুবৈপতু বা হরিঃ।
তথাপি ভদুগোক্রম-ধূলি-ধূদরং

न (नश्मग्रज कनाशि यांजू (म ॥ १॥

তাৰাদে। অপরে কোটি কোটি চিন্তামণি লাভ করুক্ আর ৰাহাই করুক্, অথবা বহিদ্ষিবুকু ব্যক্তির নিকট স্বলং শ্রীহরির সাগমন হউক্ আর বাহাই ইউক্। অর্থাং বহিঃ প্রেজাচালিত সক্ষজ-জানী সরং-শ্রীহরিকে পাইরাছে বলিয়। মনে করুক্ আর বাহাই কলক্। কিন্তু তথাপি শ্রীগোলুম-বাম-ব্লি-ব্সরিত আমার দেহ বেন কপনও সেই শ্রীধাম ভাজিয়া অন্ত কোগায়ও না বাল ॥ ৭॥

## (৩) মধ্যনীপ

গৌরস্করের মধ্যাক্ত-শীলাত্ত মধ্যদ্বীপ বর্ণন—

কুপরতু মরি মধ্যদীপলীল। বিচিত্রা কুপরতু ময়ি মূঢ়ে ব্রহ্মকুণুটি-তীর্থম্। ফলতু তদকুকম্পা-কল্পবল্লী তথৈব বিহরতি জনবন্ধু র্যতা মধ্যাক্তকালে॥৮॥

ত্রকাদে। শ্রীমনাহাপ্র বিচিত্র মধ্যদ্বীপ্লীলা সামার উপর কুপা বর্ষণ করুন্। আমার মত মৃচ্যে প্রতি ব্রহ্মকুপ্রাদি-তীর্থ কূপা-বিতরণ করুন্। মুগায় বিশ্বজনবন্ধ শ্রীবিশ্বস্তর মধ্যাক্ষালে বিহার করেন. সেই প্রমতীর্থের কুপাক্সলতিকা আমাতে তেমনই কলবতী হউন্॥৮॥

#### (৪)কোলবীপ

গঙ্গার উপক্লন্থ 'কোলন্ধীপ' বা 'কুলিয়া'—
জয়তি জয়তি কোলন্ধীপকান্তাররাজী
স্কুরসরিত্বপকতে দেবদেবপ্রণম্যা।
খগ-মৃগ-তরুবল্লী-কুঞ্জ-বাপী-ভড়াগস্থল-গিরি-কুদিনীনাম্ভুতৈঃ সৌভগাত্তিঃ॥৯॥

অনুবাদে। পশু, পশী, তরুণতাকুঞ্জ, দীর্ঘিকা, সরোবর, উপত্যকা, পদ্ধত এবং ব্রুপস্থের অভুত সৌন্দ্র্যাদিগুলে উদ্বাদিত গঙ্গার উপকণ্ঠস্থ স্কানেব-প্রণম্যা প্রীকোলদ্বীপ-কান্তার-রাজি জয়য়ুক্ত হউন্, জয়য়ুক্ত হউন্॥৯॥

# (৫) ও(৬) রুজন্বীপ ও মোদক্রমন্বীপ

সবেজিয়ে ধাম-সেবালালমা-

রুজ্দ্বীপে চর চরণ! দৃক্! পশ্য মোদক্রমঞ্জী-জিহ্বে! গৌরস্থলগুণগণান্ কীর্ত্তর শ্রোত্রগৃষ্থান্॥ গৌরাটব্যা ভজ পরিমলং দ্রাণ! গাত্র! স্বমন্দ্রিন গৌড়ারণ্যে লুঠ পুলকিভং গৌরকেলিস্থলীযু॥ ১০॥

ত্রাদে। হে চরণ ! তুমি কজন্বীপে বিচরণ কর; হে লোচন ! তুমি মোদজমদ্বীপের সৌদর্য্য দর্শন কর; হে রসনে ! তুমি জ্বতিপথগত জ্বীগোরধান-স্থণাবলী অনুকীতন কর; হে নাসিকে ! তুমি শ্রীগোর-কনের স্কৃতি আজাণ কর; হে গাতা ! তুমি এই গোড়ারণ্যে শ্রীগোরস্কৃরের জ্বীভাতনীনমূহে পুশ্কিত হইনা বিল্টিত হও॥ ১০॥

প্রাক্কত-দৃষ্টির অগোতর বেদগুহু নবদ্বীপ-ধাম-নিষ্ঠা—

ইং ভাষং ভাষং জগতি নহি গন্ধোহপি কলিত। যদীয়ন্তত্তিবাধিলনিগম-চল্ল ক্ষ্য-সরণো।

## নবদ্বীপারণ্যে বত মহিম-পীযূষ-জলধে। মহাশ্চর্য্যোন্মীলন্ মধুরিমণি চিত্তং লগতু মে॥ ১১॥

আৰুবাদে। এই জগতে ভ্ৰমণ করিতে করিতে বাহার গদলেশ ও পাওয়া বায় না, বাহার পথ নিথিলবেদ-তর্ম্মা, বাহার মধ্রিমা মহাশ্রমান বিকাশী, অহো! বাহা অমিত মহিমার অমিরসিক্ষমণ, দেই নবৰীপ-ৰনেই আমার চিত্ত সংলগ্ধ হউক॥ ১১॥

#### রস্পীঠ গৌরবন—

মহোজ্জন-রসোঝদ-প্রণয়-সিকু-নিস্তান্দিনী মহামধুর-রাধিকারমণ-খেলনানন্দিনী। রসেন সমধিষ্ঠিতা ভুবনবন্দ্যয়া রাধ্য়া চকাস্ত হৃদি মে হরেঃ প্রমধাম গৌড়াট্রী॥ ১২॥

ত্ম ব্যাদে। প্রমোজ্জন-রসোদেলিত-প্রণয়জলধির প্রস্থান্তর বীরাধারমণের প্রমাধ্র ক্রীড়ারঙ্গে আনন্দারক, রসে সমাক্ অধিষ্ঠিতা (রস্পীঠ) শ্রীহরির প্রমধাম গোড়কানন ভ্রমপূজা শ্রীমতী রাধা সহ আমার হৃদরে প্রোভাসিত হউন্॥ ১২॥

# (१) कक्टू द्वीभ

জন্ম-জন্ম তরগুলারপে জহু দীপ-বাস-লাগসা—

জন্মনি জন্মনি জহ্বাশ্রমভূবি রুক্দারকেন্দ্র-বন্দ্যায়াম্। অপি তৃণগুল্মকভাবে ভবতু মমাশাসমূলাসঃ॥ ১৩॥

ত্রসূত্রাদে। নবদীপের যে স্থানে জহ্মুনির আশ্রম বিরাজিত, সেই দেবেল-বন্দিত। পবিত্রভূমি শ্রীজহ্মুদীপে জন্ম-জন্ম তৃণ-গুল্ভাবেও সামার আশার সমুলাম হউক্॥ ২০॥

## (৮) সীমন্তদ্বীপ

শীমন্তৰীপ-দেবাফলে আন্ত জীৱাধাকপা প্রাপ্তি-

রাধাবল্লভ-পাদপল্লবজুষাং সদ্ধর্মনীতায়ুষাং নিত্যং সেবিভ-বৈশ্ববাজিঘুরজসাং বৈরাগ্যসীমস্পৃশাম্। হত্তৈকান্তরসপ্রবিষ্ট-মনসামপ্যন্তি যদ্পুরত-স্তদ্রাধাকরুণাব্যোকমচিরাবিশস্ত সীমন্তকে॥ ১৪॥

তানুবাদ। শ্রীরাধাবল্লন্ড-পাদপল্লব-দেবারত থাকিলা, আজীর্ন শুদ্ধর্মের অনুষ্ঠান করিলা, বৈঞ্চব-চরণ-রজের নিত্য দেবা করিলা, বৈরাগ্যের পারগামী (চরনদীশে প্রাপ্ত) হইলা, এবং একান্ত প্রেমর্বদে চিত্ত নিমন্ত্র করিলাও হার! শ্রীরাধার যে করুণা লাভ হর না, আজ নবরীপান্ন দীমজ্ঞ-দীপের সেবা করিলা (সোভাগ্যবান্ জীবের) দেই স্কুর্লভ রাধাক্ষপা-কটাক্ষ মন্তর লাভ হউক॥ ১৪॥

''নবন্ধীপ বুন্দাবন ছুই এক হয়''--

বিশুদ্ধাবৈতিকপ্রণয়রসপীয়্ম-জলদেঃ
শচীসূনোদ্বীপে সমুদয়তি রন্দাবনমহো।
মিথঃ প্রেমোদ্যূর্ণজিসিকমিথুনাক্রীভূমনিশং
তদেবাধ্যাসীনং প্রবিশতি পদে কাপি মধুরে। ১৫।

ত্মনুবাদে। বিশুরাদৈত অর্থাং ( প্রীরন্দাবনেধরী ও প্রীরন্দাবননায়ক ) শ্রীরাধাগোবিন্দের একাত্ম-স্বরূপে বে অপূর্ব দক্ষিলন ( বা
প্রোনিদাস-বিবর্ত্ত ) তাহাই এবার একমাত্র দূর্ত্তবিগ্রহ-রূপে প্রথমরসামৃত-সিন্ধ প্রীশচীনন্দন ক্লোচৈত্যুচন্দ্র। কি আশ্চর্যা! তিনি কোনও
এক মধুর দ্বীপাধিষ্ঠানে স্বীয়ধামে শ্রীরন্দাবনকেও রুপাপুর্বেক প্রকটিভ
করাইলেন! সেই অপ্রাক্ষত শ্রীবৃন্দাবন-ধান প্রস্পর প্রেমবন্ধে নির্ম্বন্ধ

প্রমন্ত (পরাশক্তি ও শক্তিমন্-বিগ্রহ) প্রীরাধারুফের চিল্লীলা-সম্ভোগ-জীড়াভূমি। উহা (তেপ্তিম-স্বরূপ) শ্রীনবদীপেই স্পিষ্ঠিত থাকিয়াও ভাহাতেই এবার প্রবিষ্ট : মিলিত ) হইল ॥ ১৫॥

স্থান-ল-জগদ-কঞ্জ-র্মা জ্রীগো জন্মীপ--

নাহং বেদ্যি কথং নু মাধ্ব-পদান্তোজন্বয়ী ধ্যায়তে का वा औक्षकमात्रमाहिक निष्ड भार्मश्रि (म स्मानाजा। তক্ষান্তজ্ঞমভন্তমেব বদি নামান্তাং মমৈকঃ পরে৷ রাধা-কেলিনিকুঞ্জমঞ্জতরঃ শ্রীগোক্রাকো জীবনম্॥ ১৬॥

অনুবাদ। কিরপে এিমাধবের পাদপ্রবৃগল ধানে করিতে হল, তাহা আমি জানি না; ঐভিক-নারদাদি মহাভাগবতগণ-দেবিত্যার্গে ভগন করিবার আমার বোগাতাই বা কোপার ! অতএব, আমার ওভাওভ যাহাই হউক, শ্রীরাধিকার কেলিনিকুঞ্হারা অতি রুমণীয় একমাত্র পর্মধাম "শ্রীগোজন"ই আমার জীবন ॥ ১৬॥

> শিব-ভক্ষাদিরও ছজের বেদগুঞ্চ রাবারমণপ্রিয় बीननबील-याम-वाम-वामना--

ষৎসীমানমপি স্পুনেম্ন নিগমো দূরাৎ পরং লক্ষ্যতে किकिन भृत्उता यदमन अत्रमानदन्ता (करिनकानिधः। यन्नाधुर्याकना भारति । भित-साम्राज्य नारेखन दः ভজ্ঞীমন্নবখণ্ডধামরসদং বিক্লামি রাধাপতেঃ॥ ১৭॥

জ্বাদ। বের গাঁহার সীমাও স্পর্শ করিতে পারেন না, পরত্ত দূর হইতে তঃহাকে নিজেশ করেন নাত, বে স্থানে অনির্ভ্তনীয় প্রমানন্দ-ম্লোংস্বের একান্ত অবধি নিগুড়ভাবে অবস্থিত, শিব-স্বঃস্থ প্রভৃতি দেবগণ বাঁছার মাধ্রেটার কণামাতিও অবগত মহেন, শ্রীরাধিকা-রমণের সেই প্রেমপ্রন্ নব্দীপধাম করে আমি লাভ করিব ৪১৭॥

ত্রীগোড়াফ-নাম-দেবা-নিষ্ঠা—

ছিছেত খণ্ডশ ইদং যদি মে শরীরং ঘোরা বিপদিততয়ো যদি বা পতত্তি। হা হন্ত হন্ত ন তথাপি মমেহ ভূরাৎ শ্রীগোদ্রুয়াদিতর-তীর্থপদে পিপাসা॥ ১৮॥

তাবাদে। যদি আমার এই দেহ গণ্ড-গণ্ডরূপে ছিন্ন-বিচ্ছিন্ন হুইরা বার, কিশা যদি বিষম-বিপত্তিজালও আমার উপর পতিত হয়, ভাষাও শ্রেন:, কিছু হায়! তথাপি ইহ-জীবনে ঐলোজন ভিন্ন অঞ্জ তীপ্পদের জন্ম বেন কদাত আমার অভিলাষ না হয়॥১৮॥

প্রাক্ত-ভোগলালসা পরিত্যাগ-পুক্তক রাধাগোনিকের মধুর-লীলাদর্শন-বাসনার সহিত শ্রীন-দ্বীপ-বাস-লালস:--

স্বাং-পতিত-পত্রকাণ্যমূতবং ক্ষুধা ভক্ষয়ন্ তৃষা ত্রিদিববন্দিনী-শুচিপয়োহঞ্জনীভিঃ পিবন্। কদা মধুর-রাধিকা-রমণ-রাস-কেলিস্থলীং বিলোক্য রসমগ্রধীরধিবসামি গৌরাটবীম্॥ ১৯॥

আৰু বাদে। কৰে বৃদ্ধ ইইতে স্বরং পতিত প্রেরাজি অমৃতের স্থার ভদ্দণ করিয়া ক্ধানিবৃত্তি করিব ? কৰে অঞ্জলি অঞ্জলি স্বরধুনীর পূতবারি পান করিয়া পিপাসার শান্তি করিব ? আর কবেই বা শ্রীরাধিকা-রমণের মধুর রাসকেলি-স্থান দর্শন-পূর্বক প্রেমরুসে চিত্ত মগ্ন করিয়া। পৌরাটবীতে বাস করিব ? ১৯॥ ব্রনাধিরও প্রধান নবর্গাপ-বাসারই প্রকার্থ-চিন্তামণি করগত—
ক্রেনাকারি সমস্ত এব ভগবদ্ধর্মোইপি তেনাছুতঃ
সর্বব্যাৎ পুরুষার্যতোইপি পরমঃ কন্চিৎ করস্থাকৃতঃ।
ভেনাপারি সমস্তমূর্দ্ধনি পদং ব্রহ্মাদয়স্তং নমভ্যাদেহাভ্যধারি যেন বসতে। খণ্ডেনবে নিশ্চয়ঃ॥ ২০॥

অনুবাদে। তিনিই সমস্ত ভগৰদ্ধের আচরণ করিয়াছেন.
তিনিই নিখিল-পুক্ষার্থ হইতেও শ্রেষ্ঠম কোন অপুর্ব বস্তু করতলগত
করিয়াছেন ( অর্থাৎ নিখিল-পুক্ষার্থ-শিরোমণি অনপিতচর প্রেম্যম্পত্তি
লাভ করিয়াছেন), তিনিই সকলের শীর্ষস্থান অধিকার করিয়াছেন,
ব্রহ্মাদি-দেবগণ তাহারই নিকট অধনত হন, যিনি দেহাত্তকাল প্রাস্ত্তি
নববীপে বাস্বিধ্যে ক্রতনিশ্চর ইইলাছেন॥ ২০॥

পশুপকীকেও প্রেন-প্রদানকারী নবদীপ্রামের প্রতি নমস্কার— থগরকাং পশুরকাং ক্রমরকানুমানপ্রেম্বঃ। শ্রীণয়দমুত্রসৈ নবিদীপাখ্যং বনং নমত॥ ২১॥

আৰুবাদে। বে নবদীপ-বন হর্ষগর্কান্বিত প্রোন-পীযুবরদ-কনম্ব মারা মৃগ-বিহুগ-বিউপীকুলকে প্রেমোন্মন্ত করিতেছেন, দেই নবদীপ-বনকে নম্মার কর॥ ২১॥

পণ্ডিতগণের অন্সতার্থে অভিলাষ থাকিলেও স্থপণ্ডিত ও সুদার্শনিক গৌরভক্তগণের রাধানাধ্ব-প্রিয় নব্দীপ্রধানাশ্রয়েই অভিকৃচি—

ভক্তৈ্যকরান্তত্র কৃতার্থমানিনো ধীরাস্তনেতন্ত্র বরস্ত বিশ্বঃ। শ্রীরাধিকামাধববল্লভং নঃ সদা নবদীপবনস্ত সংশ্রায়ঃ॥২২॥

আ-নুবাদে। অনেক ব্রিমান্ বাজি নবৰীপ বাতীত অভতীর্থের মান্সে আপনাদিগকে কতার্থানে করেন, কিন্তু আমরা ইছা ব্রিডে পারি না। অন্যত্ত জিষারা শ্রীরাধামাধ্বপ্রির (লীলাশজিরপ-শ্রীরাম)
"নবদীপ-বন্ট" আমাদিগের নিত্য আগ্রয়স্থল ॥ ২২॥

উনতোজ্জল-ভক্তিসাবনীজ গৌরবন-দেবারই জীব পরিপূর্বকাম— দোষাকরোহহং গুণলেশহীনঃ সর্বাধমে। তুর্নু ভিবস্তকাজ্জী। গৌরাটবীমুজ্জনভক্তিসারবীজং কদ। প্রাপ্য ভবামি পূর্বঃ ॥২৩

তানুবাদ। (সর্কা) দোবের আকর, গুণলেশশূর, স্বাপেকা। আধম হইয়াও জুলভি বস্তুলাভে অভিলাধী—আমি কবে উজ্জলভভিসার-বীজ গোরাটবী আশ্র করিয়া পূর্ণকাম হইব ? ২৩॥

গৌরবদের স্বরূপ—

শুদ্ধোজ্জন প্রেমরসায়তাকেরনন্তপারস্ত কিমপুন্দারম্। রাধাপ্রদত্তং যদপূর্বসারং তদেব গৌরাঙ্গননং গতি মে ॥২৪॥

ত্য**াদ।** বিশুর, উজ্জল ও অনন্তপার প্রেমরস-মুধাসিজ্র শ্রীরাধাপ্রদত্ত কোন অনিক্তনীয় উদাধ্য-রসময় অপুর্ব সার শ্রীগোরাঞ্চ-কাননই আমার একমাত্র গতি (ইউক্)॥ ২৪॥

নিরপরাদে একাকভাবে নদ্রীপধানসেবাককে সক্ষ্যাধনবিধীনেরও প্রম্প্রোজন গভি—

সর্কসাধনহীলোহপি নবদীপৈক-সংশ্রেরঃ। যঃ কোহপি প্রাপ্নরাদেব রাগাপ্রির-রসোৎসবম্॥২৫॥

আৰুবাদে। সর্বাগনহীন ইইয়াও বে কোনও ব্যক্তি বনি শ্রীপাম-নবদ্বীপকেই একান্তভাবে (ধামাপরাধশ্ভ হইল ভালাছ করেন, তবে নিশ্চরই তিনি শ্রীবার্যভানবীর প্রিয় রামোৎদব প্রাপ্ত ইন॥ ১৫ ॥

নবরীপাশ্রন-নিষ্ঠ —

ত্যজন্ত স্বজনাঃ কামং দেহরত্তিশ্চ মাহস্ত বা। স ন নবদীপ-সীমাতঃ পদং মে চলতু কচিৎ॥২৬॥

্ অনুবাদ। আনার স্থলনগণ আনাকে প্রিত্যাগ করুক্, অথবা আমার দেহর্তিই অচল হউক্, তথাপি নবৰীপ-ধীমা হইতে আমার পদ হেন কুত্রাপি গমন না করে॥ ২৬॥

নবহাপ্রাম-দেবার প্রতিক্লাচরণকারী নিজ্জনও এর, স্তুতগাং তঃব্লজানে পরিত্যাজ্য-

সা লে ন মাতা স চ মে পিতা ন স নে ন বন্ধুঃ স চ মে সখা ন। স মে ন মিতং স চ মে গুরুন-বে। মে ন রাধাবনবাসমিচ্ছেৎ॥২৭॥

অনুবাদ। আমার ধেই 'পিডা' 'পিডা' নতে, ধেই 'মাতা' 'মাতা' নছে, মেই 'বদ্ধ' বদ্ধ' নছে, দেই 'স্থা' (ছিতৈয়া ) 'স্থা' নছে, মেই 'মিত্র' (উপকারক) 'মিত্র' নহে, দেই 'গুরু' শুরু' নহে, যে আমার "রাবাবন" শ্রীনবন্ধীপ-বাসের প্রতিকৃত। ২৭।।

জীবনান্তকাল পর্যান্ত ঐগ্যোক্তম-বাদ-সৌভাগ্য-লাল্সা---

কিমেতাদুগ্ভাগ্যং মম কলুষমূর্তেরপি ভবে-ক্লিবাসো দেহান্তাবধিষ্দিহ তদু গোক্ৰমভূবি। ভয়োঃ শ্রীদম্পত্যো শ্ল ব-নব-বিলাসৈ বিহুরভোঃ পদজ্যোতিঃপূরৈরপি তু অন্ন সঙ্গোহপি ভবিতা॥২৮॥

অম্প্রাদ। আমার মত পাপ-প্রতিমৃত্তির কি এমন ভাগ্য হটারে যে, দেহাত প্রাত সেই গোক্তমন্ত্লীতেই বাস করিতে পারিব ৪ সেই গোজনে নবনদ-বিশাদে বিহরণ-শীল ব্রজনব-যুবস্থানর প্রীচরণজ্যোতিঃ-প্রবাহের সহিত কি আমার সঞ্জ ( সহন্ধ ) ঘটিলে ৪২৮॥

মারাঞ্জনাবতচকু গৌরবনসম্বজি-বস্তকে জড়প্রায় দেখিলেও ধানের স্থাবরজন্তমাজ্বক বাশতীয় বস্তুই চিনানন্দর—

ভূতং স্থানরজন্ধাত্মকমহো যত্র প্রবিষ্ঠং কিম-প্যানন্দিকঘনাকৃতিসমহস। নিত্যোৎসনং ভাসতে। মায়ান্ধীকৃতদৃষ্টিভিন্ত কলিতং নানানিরপাত্মকং তদুগোরাঙ্গপুরং কদাধিনসতঃ স্থানে ততুদ্চিময়ী॥ ২৯॥

তাৰুকাদে। অলে ! স্থাবর-জন্মায়ক ভূতনিবহ বে স্থান প্ৰাৰিষ্ট ইইবামান কি এক অনিস্কাচনীয় ধনানন্দস্থাপ স্থানন্দে বিভোৱ ইইয়া নিত্যাংশ্বৰে ভাগমান্ ইইতে পাকে, মান্নামাহান্ধ চকুর নিকট বে স্থান (চিন্নাল্যাম নানাবিধ জ্ভ্মান) বিরোপ। স্থাক বলিয়া প্রতিভাত হয়, সেই প্রীগোরালপুরে বাস করিল কবে আমার চিন্নায় ততু লাভ ইইবে ? ২৯॥

স্থক-কৌশ্লের স্থিত ধান প্রেশকারী জীবনাত্রেই স্ক্রিন্দলপ্রতা-প্রাপ্তি; উহং বহিন্দ্রি-দৃষ্টির অগ্নেচর—

যত্র প্রনিষ্টঃ সকলোহিপি জন্তঃ সর্বাঃ পদার্থোহপ্যবুদৈরদৃশ্যঃ। সালন্দ-সন্ধিদ-ঘনতামুপৈতি তদেব গোরাঙ্গপুরং প্রয়ানি॥৩০

আনুবাদে। যে ভানে প্রবিষ্ট হইয়া সর্লভীবই আনন সহজিত চিদ্বনতা (সহিতের সার, রাধারুক্ষ-তত্বজ্ঞান) লাভ করে, যে ভানের প্রার্থনিচয় বহির্গজনগণের সৃষ্টির বিষয়ীভূত হয় না, আমি দেই প্রিটোরাঙ্গপুর'কেই আশ্রয় করি॥৩০॥

নিরপ্রাধে গাঁমা বিত জীবগণের নিলাকারী ঐকুফ্চরণে অপ্রাধী। স্ত্রাং বঞ্চিত—

বে শ্রীনবদীপগতের দোষান্ আরোপয়ভি স্থিরজঙ্গমের । স্থানন্দমূর্ভিপপরাধিনতে শ্রীরাধিকামাধনয়োঃ কথং স্থাঃ॥৩১॥

কিজপে শ্রীরাধাক্তকের সম্বন্ধ লাভ করিবে १ ৩১॥

অ-শুব্রাদ্য। বাহারা সংস্কঞানাশ্রিত শ্রীধাম-নবদ্বীপের আনন্দময় স্ক্রপ তাবর-জন্মার প্রতি দোষারোপ করে, সেই অপরাধী ব্যক্তিগণ

নিরপরাধে ধামাপ্রিত পুরুষের নিন্দাকারী, শ্রীমারাপুরের বিরোধী, গোজনের সহিত অন্ততীর্থের সামাব্দিকারী ও ধান্দেবানন্দকে জডানন-জ্ঞানকারী গ্রক্তি তঃসঙ্গুলো অসম্ভায়—

38

লাযতে তুলরতি যে চ কুধিরঃ কেনাপি তং গোদ্রুমন্। যে মোদক্রমনত নিত্যস্থচিদ্রাপং সহত্তেন বা তৈঃ পাপিষ্ঠনরাধমৈ ন' তবতু স্বপ্নেহুপি মে সঙ্গতিঃ ॥৩২॥

द्य द्योत चननामिनिकनत्र । द्य न न माझाश्रुतः

ত্য নুবাদে। যাহারা গৌরহলবাসিজনগণের নিদায় রত থাকে,
অথবা বাহারা মায়াপুরের প্রতি স্থান প্রদর্শন না করে, কিছা যে স্কল
ছক্ত্রি-জন "গোজনের" সহিত অন্যস্তানের তুলনা করে এবং "মোদজনকে" এই প্রপঞ্জে প্রকটিত নিতা-চিংস্থস্কপ মনে না করে, সেই

পাপানার পরিত্যাগ-পূর্দ্ধিক গোরধামা শ্রমকারী পুরুষেরই
বুদাধনসম্পত্তি-প্রাপ্তি—
প্রধন-প্রদার-দেখ-মাৎস্ব্য-লোভামূজ-প্রস্কর-প্রাভিত্তি ভ্রমির বিজ্ঞান

সকল পাপিষ্ঠ নরাধ্যের সহিত স্বগ্নেও বেন আমার সঙ্গ না ঘটে॥ ৩২ ।

